# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Bhadro 04, 1433 Bangla, August 19, 2026, Wednesday, No. 225, 56th year


# H I G H L I G H T S

PM Tarique Rahman has stressed making tax management & collection procedures simple, corruption & harassment-free so that people feel comfortable paying taxes voluntarily. (Jago FM: 10)

Many major problems can be solved if everyone in society comes forward a little - Prime Minister has said while inaugurating the raincoat distribution program for tea garden workers. (Jago FM: 17)

Home Minister has said govt will gradually introduce AI-based automated fine system on all highways across country after evaluating performance of the system launched on Dhaka-Chittagong highway. (Jago FM: 11)

State Minister for Foreign Affairs has said Bangladesh completely rejects Myanmar's label of Rohingya as "Bengalis," as they possess their own ethnic identity & will return to Myanmar under that identity. (BBC: 04)

State Minister for Local Government has said, elections to local government bodies like city corporations, municipalities, upazila parishads, district councils & union parishads will be held in current fiscal year. (R. Today: 23)

Indian Ministry of External Affairs has said that issue of Sheikh Hasina's extradition is still under review in response to requests made by Dhaka regarding Tarique Rahman's visit to India. (BBC: 04)

BRTC has launched special women-only bus services in Dhaka, Chattogram & Bogura to ensure safe, comfortable & passenger-friendly public transport for women. (Jago FM: 13)

IG Prisons has said that 690 inmates who escaped from jails across the country during July Uprising remain at large, while the identities of 166 of them are yet to be confirmed. (Jago FM: 09)

Pakistan's Supreme Court has ordered transfer of Imran Khan, former Prime Minister & founder of Pakistan Tehreek-e-Insaf party to Islamabad's Shifa International Hospital within two days. (BBC: 06)

Iran has reiterated that Strait of Hormuz will remain shut until US meets conditions of interim deal signed with Iran in June. (BBC: 07)


**Director: 44813046** | **Deputy News Controller: 44813048, 44813179** | **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ভাদ্র ০৪, বাংলা ১৪৩৩, আগস্ট ১৯, ২০২৬, বুধবার, নং- ২২৫, ৫৬তম বছর**

# শিরোনাম

জনগণকে স্বেচ্ছায় কর প্রদানে উৎসাহিত করতে কর ব্যবস্থাপনা সহজ এবং দুর্নীতি ও হয়রানিমুক্ত করার ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রী তারেক রহমানের। (জাগো এফএম: ১০)

চা শ্রমিকদের জন্য রেইনকোট বিতরণ কর্মসূচির উদ্বোধনকালে সামাজিক সমস্যা সমাধানে সম্মিলিত প্রচেষ্টার আহ্বান জানিয়েছেন তারেক রহমান। (জাগো এফএম: ১৭)

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে চালু করা এআই প্রযুক্তিনির্ভর অটো ফাইন সিস্টেমের কার্যকারিতা মূল্যায়নের পর পর্যায়ক্রমে সারাদেশের সকল মহাসড়কে সরকার এই ব্যবস্থা চালু করবে বলেছেন স্বরাষ্ট্রমন্ত্রী। (জাগো এফএম: ১১)

পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেছেন, রোহিঙ্গাদের বাঙালি হিসেবে মিয়ানমারের বর্ণনার সঙ্গে বাংলাদেশ একমত নয় কারণ তাদের নিজস্ব পরিচয় রয়েছে এবং তারা সেই পরিচয়েই মিয়ানমারে ফিরে যাবে। (বিবিসি: ০৪)

চলতি অর্থবছরের মধ্যেই স্থানীয় সরকার সংস্থাগুলো- সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা পরিষদ, জেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার প্রতিমন্ত্রী। (রে. টুডে: ২৩)

তারেক রহমানের ভারত সফরের ক্ষেত্রে ঢাকা থেকে যে-সব অনুরোধ জানানো হয়েছে, তার জবাবে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, শেখ হাসিনার প্রত্যর্পণ বিষয়টি এখনো পর্যালোচনা প্রক্রিয়ার মধ্যে রয়েছে। (বিবিসি: ০৪)

নারীদের নিরাপদ ও স্বাচ্ছন্দ্যময় যাত্রা নিশ্চিত করতে ঢাকা, চট্টগ্রাম ও বগুড়ায় বিশেষ মহিলা বাস সার্ভিস, চালু। (জাগো এফএম: ১৩)

জুলাই অভ্যুত্থানের সময় দেশজুড়ে কারাগারগুলো থেকে পালিয়ে যাওয়া ৬৯০ জন বন্দী এখনও পলাতক রয়েছে, যাদের মধ্যে ১৬৬ জনের পরিচয় এখনও নিশ্চিত করা যায়নি বলে জানিয়েছেন আইজি প্রিজন। (জাগো এফএম: ০৯)

পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী এবং পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের প্রতিষ্ঠাতা ইমরান খানকে দুইদিনের মধ্যে ইসলামাবাদের শিফা ইন্টারন্যাশনাল হাসপাতালে স্থানান্তরের নির্দেশ দিয়েছেন দেশটির সুপ্রিম কোর্ট। (বিবিসি: ০৬)

যুক্তরাষ্ট্র সমঝোতা স্মারকের নির্ধারিত শর্ত মেনে না নেওয়া পর্যন্ত হরমুজ প্রণালি উন্মুক্ত করা হবে না বলে আবারও জানিয়েছে ইরান। (বিবিসি: ০৭)

# বিবিসি

## রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল স্থগিত চেয়ে করা রিট খারিজ

জাতীয় সংসদে দলের বিপক্ষে ভোট দেওয়ার কারণে আসন শূন্য হওয়া সংক্রান্ত সংবিধানের ৭০ অনুচ্ছেদ এবং রাষ্ট্রপতি নির্বাচনের তফসিলের বৈধতা চ্যালেঞ্জ করে করা রিট খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। মঙ্গলবার দুপুরে রিটের শুনানি শেষে হাইকোর্টের একটি দ্বৈত বেঞ্চ এ আদেশ দিয়েছেন। সুপ্রিম কোর্টের আইনজীবী ইউনুছ আলী আকন্দ গত ১৩ আগস্ট এই রিটটি দায়ের করেন। রিটের পক্ষে তিনি নিজেই শুনানি করেন। রাষ্ট্রপক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল মো. রুহুল কুদ্দুস কাজল। দেশের ২৩তম রাষ্ট্রপতি নির্বাচনের জন্য গত ৬ আগস্ট তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন বা ইসি। তফসিল অনুযায়ী, ভোটগ্রহণ হবে বৃহস্পতিবার। রিট আবেদনে, ৭০ অনুচ্ছেদ কেন সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক ঘোষণা করা হবে না এবং রাষ্ট্রপতি নির্বাচনের জন্য ইসির ছয়ই অগাস্টের তফসিল কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবে না, এ বিষয়ে রুল চেয়েছিলেন রিটকারী। তবে প্রাথমিক শুনানির পরে রিটটি খারিজ করে দেন হাইকোর্ট।(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৮.২০২৬ আলী আহমেদ)

## শিক্ষকদের জন্য স্বতন্ত্র পে-স্কেল করার বিষয়ে আলোচনা হচ্ছে : শিক্ষামন্ত্রী

শিক্ষকদের জন্য স্বতন্ত্র পে-স্কেল করার বিষয়টি আলোচনা হচ্ছে বলে জানিয়েছেন বাংলাদেশের শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক। মঙ্গলবার রাজধানীতে এক অনুষ্ঠানে এ কথা জানান তিনি। অন্য কারো সাথে শিক্ষকদের বেতন বা পে-স্কেল তুলনা হবে না বলে মন্তব্য করেন শিক্ষামন্ত্রী। শিক্ষামন্ত্রী মি. মিলন বলেন, "শিক্ষকদের আলাদা স্বাতন্ত্রিক পে-স্কেল করা, নট টু কম্পেয়ার উইথ আদারস। সেটা কম হোক বা বেশি হোক। শিক্ষকদের সাথে কারো তুলনা চলে না। আমার চিন্তা, শিক্ষকদের পে-স্কেল হবে স্বাতন্ত্রিক। ওটা সচিবের সাথেও তুলনা করবো না বা একজন এমএলএসের সাথেও তুলনা করবো না। দে আর অর্নামেন্টাল, তারা জাতি গঠন করে, তাদের আলাদা চোখে দেখতে হবে।„
(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৮.২০২৬ আলী আহমেদ)

## সাবেক সেনাপ্রধান আজিজ আহমেদকে গ্রেফতার করতে ইন্টারপোলে রেড নোটিশ জারির উদ্যোগ

তেরো বছর আগে মতিঝিলের শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশে আইন-শৃঙ্খলা বাহিনীর অভিযানকে ঘিরে মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক সেনাপ্রধান অবসরপ্রাপ্ত জেনারেল আজিজ আহমেদকে গ্রেফতার করতে ইন্টারপোলের মাধ্যমে রেড নোটিশ জারির উদ্যোগ নেওয়া হয়েছে। মঙ্গলবার দুপুরে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম এক সংবাদ সম্মেলনে এ কথা জানিয়েছেন। মি. ইসলাম জানিয়েছেন, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বাংলাদেশ পুলিশ সদর দফতরের ন্যাশনাল সেন্ট্রাল ব্যুরোকে (এনসিবি) চিঠি দেওয়া হয়েছে। ২০১৩ সালের ৫ ও ৬ মে হেফাজতে ইসলামের সমাবেশকে কেন্দ্র করে ঢাকার মতিঝিলে শাপলা চত্বর, নারায়ণগঞ্জ এবং চট্টগ্রামে ৬১ জনকে হত্যার অভিযোগে দায়ের করা মামলায় এরই মধ্যে অভিযোগপত্র আমলে নিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। ওই ঘটনার সময় বর্ডার গার্ড বাংলাদেশের মহাপরিচালক ছিলেন আজিজ আহমেদ। পরে তিনি সেনাপ্রধান হিসেবেও দায়িত্ব পালন করেন। ইন্টারপোল বা ইন্টারন্যাশনাল ক্রিমিনাল পুলিশ অর্গানাইজেশন হলো এমন একটি আন্তর্জাতিক সংস্থা যেটি সারা বিশ্বের পুলিশ এবং অপরাধ বিশেষজ্ঞদের একটি নেটওয়ার্কে সংযুক্ত ও সমন্বয় করে। এর প্রধান কাজ অপরাধীদের ধরতে আন্তর্জাতিক পুলিশকে সহায়তা করা। যেন বিশ্বের সব পুলিশ অপরাধের বিরুদ্ধে এক হয়ে কাজ করতে পারে। যদি একটি দেশের আসামি সেখানে অপরাধ করার পর অন্য দেশে চলে যায়, তখন সেই আসামিকে ধরতে ইন্টারপোলের সহায়তা লাগে। এক্ষেত্রে ওই দেশকে সন্দেহভাজন অপরাধীর যাবতীয় তথ্য দিয়ে রেড নোটিশ জারির জন্য ইন্টারপোলে আবেদন করতে হয়।
(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৮.২০২৬ আলী আহমেদ)

## পিএসসির চেয়ারম্যান অধ্যাপক মোবাশ্বের মোনেম পদত্যাগ করতে যাচ্ছেন

সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যান অধ্যাপক মোবাশ্বের মোনেম বিকেলে পদত্যাগ করতে যাচ্ছেন। কমিশনের জনসংযোগ কর্মকর্তা এস এম মতিউর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন বিবিসি বাংলাকে। শারীরিক অসুস্থতাজনিত কারণে অধ্যাপক মোবাশ্বের মোনেম পদত্যাগ করতে যাচ্ছেন বলে জানিয়েছেন মি. রহমান। জনসংযোগ কর্মকর্তা মি. রহমান বলেন, "ডায়বেটিস, হাইপ্রেসারসহ নানারকম শারীরিক জটিলতায় স্যার ভুগছেন। দুপুর দেড়টায় স্যার জানিয়েছেন, শারীরিক কারণে পদত্যাগ করতে যাচ্ছেন।„ অন্তর্বর্তী সরকারের আমলে ২০২৪ সালের অক্টোবরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসনের অধ্যাপক মোবাশ্বের মোনেম পিএসসির চেয়ারম্যান পদে নিয়োগ পান। চব্বিশের গণ-অভ্যুত্থানের পরে ৮ আগস্ট অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর পিএসসির তৎকালীন চেয়ারম্যান মো. সোহরাব হোসেনসহ ১২ সদস্য পদত্যাগ করেন। পরে অধ্যাপক মোবাশ্বের মোনেমকে পিএসসির চেয়ারম্যান পদে নিয়োগ দেওয়া হয়।(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৮.২০২৬ আলী আহমেদ)

## রোহিঙ্গা ফিরিয়ে নিতে মিয়ানমার সরকারের বিবৃতির ব্যাখ্যা চেয়ে রাষ্ট্রদূতকে তলব পররাষ্ট্র মন্ত্রণালয়ের

তিন লাখ রোহিঙ্গাকে ফিরিয়ে নিতে মিয়ানমার সরকারের দেওয়া বিবৃতির ব্যাখ্যা চেয়ে দেশটির ঢাকায় নিযুক্ত রাষ্ট্রদূতকে তলব করেছে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়। মঙ্গলবার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে তিনি হাজির হয়েছেন। মন্ত্রণালয়ের মুখপাত্র এবং অতিরিক্ত পররাষ্ট্র সচিব এ কে এম শহীদুল করিম বিবিসি বাংলাকে বলেন, ”মিয়ানমার থেকে যে একটা স্টেটমেন্ট ইস্যু হয়েছে, সে বিষয়ে আলোচনার জন্য তাকে ডাকা হয়েছে।„ তবে, এটি তলব নয় শুধু আলোচনার জন্য মিয়ানমারের রাষ্ট্রদূতকে ডাকা হয়েছে বলেও উল্লেখ করেন তিনি। এর আগে, শনিবার মিয়ানমার সরকার এক বিবৃতিতে জানিয়েছে, বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের মধ্যে প্রায় তিন লাখের বেশি মানুষ দেশটির রাখাইন রাজ্যের বাসিন্দা। রাখাইন রাজ্যের নিরাপত্তা পরিস্থিতির উন্নতি হলে তারা প্রায় তিন লাখ রোহিঙ্গা শরণার্থীকে দেশে ফেরত নিতে ইচ্ছুক। তাতে রোহিঙ্গা জনগোষ্ঠিকে বাঙালি বলে উল্লেখ করা হয়েছে। এরপরই ঢাকা মিয়ানমারের রাষ্ট্রদূতকে তলবের এই পদক্ষেপ নিল।(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৮.২০২৬ আলী আহমেদ)

## রোহিঙ্গা নিয়ে মিয়ানমারের বিবৃতির সাথে একমত নয়, রাষ্ট্রদূতকে তলব করে জানাল ঢাকা

মিয়ানমার থেকে আসা রোহিঙ্গারা বাঙালি, শনিবার মিয়ানমারের দেওয়া এমন বিবৃতির সাথে ঢাকা একমত নয় বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। একইসঙ্গে, রোহিঙ্গাদের প্রত্যর্পণে মিয়ানমার সরকার ও আরাকান আর্মির ওপর আন্তর্জাতিক চাপ প্রয়োগের চেষ্টা করা হচ্ছে বলেও জানিয়েছেন তিনি। মঙ্গলবার দুপুরে ঢাকায় নিযুক্ত মিয়ানমারের রাষ্ট্রদূতের সাথে আলোচনার পর বিকেল পৌনে ৬টায় এক ব্রিফিং-এ সাংবাদিকদের এ কথা জানিয়েছেন তিনি। পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, ”অবশ্যই সেটার সাথে আমরা একমত নই। তাদের নিজেদের একটা আইডেনটিটি আছে, সেই আইডেনটিটি নিয়েই তারা ফেরত যাবে। একটা ভালো পরিবেশে মিয়ানমারের ডিজির সাথে অ্যাম্বাসেডরের আলোচনা হয়েছে। উনি আশ্বস্ত করেছেন যে, উনি সরকারের সাথে কথা বলে এই কাজগুলো দ্রুত করবেন।„ বাংলাদেশ মানবতা ও মানবাধিকার বিবেচনায় ২০১৭ সালে রোহিঙ্গাদের আশ্রয় দিয়েছিল বলেও জানান তিনি। ”মিয়ানমার সরকারের সাথে আমাদের যেই যোগাযোগটা আছে, মিয়ানমার সরকারের সাথে আমাদের এক্সচেঞ্জ হচ্ছে, কমিউনিকেশন হচ্ছে কারণ আমরা এই রিপ্যাট্রিয়েশনটা শুরু করতে চাই। শুধু সার্জিও গোর না মাননীয় প্রধানমন্ত্রী যখন চীন সফর করেছিলেন, তখন চীন সরকারও আমাদেরকে অত্যন্ত দৃঢ়ভাবে আশ্বস্ত করেছিল যে, তারাও মিয়ানমারের সাথে যথেষ্ঠ পরিমাণ চাপ প্রয়োগ করবে,„ বলেন প্রতিমন্ত্রী। শনিবার মিয়ানমারের দেয়া বিবৃতিতে রোহিঙ্গা প্রত্যার্পণের বিষয়টি আন্তর্জাতিক চাপ নয় দ্বিপাক্ষিক বৈঠকে সমাধান হতে হবে, এমন বক্তব্যে ঢাকা কেন প্রতিবাদ করেনি সাংবাদিকদের এমন প্রশ্নে পররাষ্ট্র প্রতিমন্ত্রী জানান, সবকিছু ঘোষণা দিয়ে প্রতিবাদ করলে সমাধান আসবে বিষয়টা এমন নয়। ”অবশ্যই একটা আন্তর্জাতিক চাপ যে প্রয়োগ করতে হবে মিয়ানমার সরকারের ওপর, আরাকান আর্মির ওপরে সেটা কিন্তু পরিষ্কারভাবে আমরা সবসময় বলছি এবং আলোচনার ক্ষেত্রে সেটা উঠে আসছে। আমরা মিয়ানমার সরকারের ওপর আস্থা রাখতে চাই, আমরা আন্তর্জাতিক কমিউনিটিকে আরো বেশি জোর দিচ্ছি তারাও যেন মিয়ানমারের ওপরে সেই প্রেশারটা ক্রিয়েট করে,„ বলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ।(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৮.২০২৬ আলী আহমেদ)

## শেখ হাসিনাকে প্রত্যর্পণের অনুরোধ পর্যালোচনার মধ্যে রয়েছে : ভারতের পররাষ্ট্র মুখপাত্র

তারেক রহমানের ভারত সফরের ক্ষেত্রে ঢাকা থেকে যে-সব অনুরোধ জানানো হয়েছে, তার জবাবে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, শেখ হাসিনার প্রত্যর্পণের বিষয়টি এখনো পর্যালোচনা প্রক্রিয়ার মধ্যে রয়েছে। মঙ্গলবার ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়ালের কাছে একজন সাংবাদিক জানতে চান, বাংলাদেশের প্রধানমন্ত্রীর ভারত সফরের ক্ষেত্রে কিছু শর্ত দেওয়া হয়েছে, যার মধ্যে শেখ হাসিনার প্রত্যর্পণ ও হাদির হত্যার অভিযোগে গ্রেফতারকৃতদের ফেরত চেয়েছে। ভারতীয় পররাষ্ট্র মন্ত্রণালয় এই বিষয়কে কীভাবে দেখছে? জবাবে মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, ”বাংলাদেশের সাথে পারস্পরিক স্বার্থ ও সম্পর্কের ওপর নির্ভরশীল ইতিবাচক, গঠনমূলক ও ভবিষ্যৎমুখী সম্পর্ক প্রত্যাশা করে ভারত।„ ”(বাংলাদেশের) সাবেক প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন নিয়ে আমাদের অবস্থানের বিষয়ে নতুন করে পুনরাবৃত্তি করার প্রয়োজন নেই।„ ওই সংবাদ সম্মেলনের আগে রণধীর জয়সওয়াল বলেছিলেন, সেটির সাথে ভারত সরকারের কোনো সংশ্লিষ্টতা নেই, ওই সম্মেলনের কোনো বক্তব্য তারা সমর্থন করে না। যদিও ওই অনুষ্ঠানে সরাসরি মতবিনিময় করার সুযোগ দেওয়ায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছিল বাংলাদেশ। রণধীর জয়সওয়াল প্রশ্নের অন্য অংশের জবাবে বলেন, ”প্রত্যর্পণ বিষয়ে আমাদের অবস্থান আগের মতোই, আমাদের যে প্রক্রিয়া রয়েছে, অনুরোধটি সেই অনুযায়ী পর্যালোচনা করে দেখা হচ্ছে।„

(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৮.২০২৬ আলী আহমেদ)

## অর্থবছরের সময় কেন বদলাচ্ছে বাংলাদেশের সরকার, লাভ-ক্ষতি কী হবে?

গত প্রায় ৫৫ বছর ধরে বাংলাদেশের আর্থিক হিসাবনিকাশ এর বছর শুরু হয় পহেলা জুলাই আর শেষ হয় ৩০ জুন। সেভাবেই বাজেট প্রণয়ন থেকে শুরু করে সরকারি আয়-ব্যয়, ব্যাংকিং ব্যবস্থা বা আর্থিক সব হিসাব করা হয়। দীর্ঘ প্রায় ৫৫ বছর ধরে চলে আসা এই ধারায় এবার পরিবর্তন আনছে সরকার। সম্প্রতি পহেলা জুলাইয়ের পরিবর্তে

পহেলা এপ্রিল থেকে নতুন অর্থবছর শুরুর সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশের মন্ত্রিসভা। অর্থাৎ অর্থবছর শেষ হবে ৩১ মার্চ। এই সিদ্ধান্ত ২০২৮-২৯ অর্থবছর থেকে কার্যকর করার কথা জানানো হয়েছে। অর্থবছরের সময়কাল পরিবর্তনের এই সিদ্ধান্ত সামনে আসার পর থেকেই এ নিয়ে নানা আলোচনা চলছে। এই সিদ্ধান্তের ফলে কী সুবিধা বা অসুবিধা হতে পারে এবং সিদ্ধান্তটি বাস্তবায়নের পথে কী কী চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে, সেসব আলোচনাও সামনে আসছে। অর্থনীতিবিদ ও গবেষকরা বলছেন, অর্থবছর ঠিক করার মূলত কোনো "আন্তর্জাতিক নিয়ম„ নেই। প্রতিটি দেশ তার নিজস্ব আবহাওয়া, কৃষি, রাজনৈতিক চক্র দেখেই এটি ঠিক করে। এই যেমন- বাংলাদেশ, পাকিস্তান, অস্ট্রেলিয়া এবং মিশরের মতো অনেক দেশ অর্থবছর হিসেবে জুলাই-জুন অনুসরণ করে। আবার ভারত, যুক্তরাজ্য, জাপানের অর্থবছর এপ্রিল-মার্চ। চীন, জার্মানি এবং ব্রাজিলের অর্থবছর জানুয়ারি থেকে ডিসেম্বর। আর যুক্তরাষ্ট্রের অর্থবছর অক্টোবর থেকে সেপ্টেম্বর। বাংলাদেশের অর্থবছরে পরিবর্তন এনে এপ্রিল-মার্চ করার যে সিদ্ধান্ত সরকার নিয়েছে, তার মূল কারণ হিসেবে, বর্ষাকালকে অর্থবছরের শেষ থেকে সরিয়ে উন্নয়ন কাজের মান ও গতি বাড়ানোর কথা বলছে সরকার। যদিও ৫৫ বছরের পুরোনো চক্র ভেঙে পুরো আর্থিক ব্যবস্থাপনাকে নতুন ধারায় আনার এই উদ্যোগকে বড়ো চ্যালেঞ্জ হিসেবেই দেখছেন অর্থনীতিবিদ ও গবেষকরা। তারা বলছেন, ক্যালেন্ডারের পাতা তিন মাস এগিয়ে দিলেও- যদি নির্দিষ্ট মেয়াদে প্রকল্প শেষ না হয়, ব্যয় না কমে, দুর্নীতি না থামে- তাহলে এই পরিবর্তন কোনো কাজে আসবে না। "বাজেট বাস্তবায়নের ক্ষেত্রে গুণগত পরিবর্তন না এনে কেবল অর্থবছরের সময়কালে পরিবর্তন আনলে কোনো গুণগত পরিবর্তন হবে না,„ বলেই মত সেন্টার ফর পলিসি ডায়ালগ বা সিপিডির গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম এর।

**অর্থবছর কেন গুরুত্বপূর্ণ**

বাংলাদেশে দৈনন্দিন জীবনে বঙ্গাব্দ ও খ্রিষ্টাব্দ দুটোই ব্যবহার করা হয়। পহেলা বৈশাখ থেকে চৈত্র মাসের হিসাব যেমন অনেক ব্যবসায়ীরা ব্যবহার করেন আবার অনেক সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠানে পহেলা জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর বছরের হিসাব করা হয়। কিন্তু রাষ্ট্রের আর্থিক হিসাব-নিকাশ চলে অন্য একটি ক্যালেন্ডারে- যার নাম অর্থবছর। অর্থবছর হলো ১২ মাসের একটি নির্দিষ্ট সময়, যার মধ্যে সরকার আয়-ব্যয়ের হিসাব করে, বাজেট প্রণয়ন করে এবং উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে। দেশের জিডিপি, রাজস্ব আদায়, মুদ্রাস্ফীতি, ঋণ- সবকিছুর হিসাব এই অর্থবছর ধরেই হয়। অর্থবছর এক দেশের সরকারের নীতি-সিদ্ধান্তে পরিবর্তনযোগ্য। গত কয়েক দশকে বিশ্বের বহু দেশ প্রয়োজন অনুযায়ী নিজেদের অর্থবছর বদলেছে। মূলত ব্রিটিশ শাসনামলে ভারতবর্ষে জুলাই-জুন অর্থবছর চালু হয়। পাকিস্তান আমলেও তা বহাল থাকে। স্বাধীন বাংলাদেশের প্রথম অর্থমন্ত্রী তাজউদ্দীন আহমদ ১৯৭২ সালে একবার, ১৬ ডিসেম্বর ১৯৭১ থেকে ৩০ জুন ১৯৭২ পর্যন্ত "শর্ট ইয়ার„ বাজেট দিয়েছিলেন। এরপর থেকেই আজ পর্যন্ত পহেলা জুলাই থেকে ৩০ জুন সময়টিই অর্থবছর হিসেবে ধরে রেখেছে বাংলাদেশ। যার পেছনে বাজেট ব্যবস্থাপনা এবং আন্তর্জাতিক সমন্বয় এই দুটি বিষয়ই মোটাদাগে কাজ করে। অর্থনীতিবিদ ও গবেষকরা বলছেন, জুন মাসে অর্থবছর শেষ করে নতুন বাজেট ঘোষণা- বাংলাদেশে এই চক্রটি দীর্ঘদিন ধরেই চলে আসছে। ফলে বাংলাদেশের প্রশাসন, ব্যাংক, কর কাঠামো সবই এই চক্রে অভ্যস্ত। এছাড়া বিশ্বব্যাংকের অর্থবছর জুলাই থেকে শুরু। উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশের বড়ো ঋণ ও অনুদান আসে বিশ্বব্যাংক, আইএমএফ থেকে। তাদের সঙ্গে হিসাব মেলাতে জুলাই-জুন সুবিধাজনক।

**কতটা কার্যকর, চ্যালেঞ্জ কোথায়?**

অর্থবছরের সময়কাল পরিবর্তনের ক্ষেত্রে সুবিধা-অসুবিধা দুটিই রয়েছে। এছাড়া এই সিদ্ধান্ত বাস্তবায়নে বেশ কিছু চ্যালেঞ্জ রয়েছে বলেও মনে করেন অর্থনীতিবিদ এবং গবেষকরা। তারা বলছেন, অর্থবছর মার্চ-এপ্রিলে আনার ফলে বর্ষাকাল অর্থবছরের শেষে না থেকে মাঝামাঝি চলে যাবে। ফলে মার্চের মধ্যে বড়ো কাজ শেষ করে বর্ষার জন্য প্রস্তুতি নেওয়া যাবে। জুনের শেষ সপ্তাহে তাড়াহুড়ো করে রাস্তা খোঁড়াখুঁড়ি এবং বিল সমন্বয়ের প্রবণতাও কমবে বলে মত অনেকের। এছাড়া বাংলাদেশ যদি বৈশাখ-চৈত্রকে অর্থবছর ধরা হয়, তাহলে ইংরেজি হিসাব দাঁড়াবে ১৪ এপ্রিল থেকে ১৩ই মার্চ। এর ফলে ধান-চাল সংগ্রহ, সার-বীজের ভর্তুকির বাজেট এক অর্থবছরের মধ্যেই সীমাবদ্ধ থাকবে। বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট বা বিআইবিএম এর অধ্যাপক মো. আহসান হাবিব বলছেন, এই সিদ্ধান্তের ফলে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে ইতিবাচক প্রভাব পড়তে পারে। তবে, শুধু তারিখ বদলালেই সব সমস্যার সমাধান হবে, এটিও ঠিক নয় বলেই মনে করেন এই বিশেষজ্ঞ। তিনি বলছেন, উন্নয়ন খাতে বাজেট বরাদ্দ, অর্থের ব্যবহার এবং দুর্নীতির মতো বিষয়গুলো ঠিক না হলে উন্নয়ন প্রকল্প একই গতিতে চলবে। "আবহাওয়ার অজুহাতে আগে মানুষ বাহানা করতো যে, বৃষ্টির কারণে প্রজেক্ট শেষ হয় নাই। এখন দেখা যাক, নতুন কী বাহানা আসে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। বাংলাদেশে বাজেট বাস্তবায়নের ধরন যে কাঠামোতে দাঁড়িয়ে আছে, সেখানে অর্থবছরের সময়সূচি পরিবর্তন তেমন পরিবর্তন আনবে না বলেই মনে করেন সেন্টার ফর পলিসি ডায়ালগ বা সিপিডির গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম। বর্ষাকালে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে চ্যালেঞ্জ, এই বিবেচনায় অর্থবছর পরিবর্তন যৌক্তিক নয় বলেই মনে করেন তিনি। "এপ্রিল-মার্চে অর্থবছর নিয়ে গেলেও তো বর্ষাকাল চলে

যাবে না। এখন শুরুর দিকে যে চ্যালেঞ্জ, সেটা মাঝপথে থেকেই যাবে,, বিবিসি বাংলাকে বলেন তিনি। মি. মোয়াজ্জেম বলছেন, দেশের মোট বাজেটে উন্নয়ন অবকাঠামো বা ভূমি সংক্রান্ত অবকাঠামোর বাস্তবায়ন খুবই কম। বাজেটের বড়ো অংশই রেভিনিউ বাজেট, যার সঙ্গে বর্ষা, বন্যার সম্পর্ক নেই।

এছাড়া, বাংলাদেশে যে বাজেট ঘোষণা করা হয় তার এক-তৃতীয়াংশেরও কম এডিপি। বাকি দুই-তৃতীয়াংশ রাজস্ব ব্যয়। সেখানে সময় পরিবর্তনের প্রভাব কম বলেই মনে করেন এই অর্থনীতিবিদ। স্বাস্থ্য, শিক্ষার মতো মন্ত্রণালয় ঐতিহাসিকভাবেই বাজেট খরচে দুর্বল। এর সাথে বর্ষার সম্পর্ক কম। এছাড়া অর্থবছরের সময়কাল পরিবর্তনের ক্ষেত্রে প্রকল্পের যে উদাহরণ দেওয়া হচ্ছে, সেটি নিয়েও প্রশ্ন তুলেছেন মি. মোয়াজ্জেম। "যে প্রকল্পের অজুহাত দিচ্ছি আমরা, সেই প্রকল্পের কোনোটাই তো তার নির্দিষ্ট সময়ে শেষ হয় না। উন্নয়ন প্রকল্পের অধিকাংশই দুইবার-তিনবার পর্যন্ত রিভিসন হচ্ছে। এখানে যে বরাদ্দ বাড়ছে, দুর্নীতি হচ্ছে- এগুলোর সাথে তো বর্ষার সম্পর্কই নাই,, বিবিসি বাংলাকে তিনি বলেন। অর্থনীতিবিদদের পরামর্শ, সময় পরিবর্তনের সাথে রাজস্ব আদায়, সরকারি ক্রয়, অর্থছাড়, প্রকল্প পর্যবেক্ষণসহ পুরো কাঠামোয় সংস্কার আনতে হবে। এছাড়া সরকারের এই সিদ্ধান্ত বাস্তবায়নের পথে বেশ কিছু চ্যালেঞ্জও দেখছেন অর্থনীতিবিদ ও গবেষকরা। তারা বলছেন, এটি কেবল তারিখের পরিবর্তন নয়। এই সিদ্ধান্ত বাস্তবায়ত করতে পুরো রাষ্ট্রযন্ত্রকে নতুন চক্রে ঢালতে হবে। অর্থাৎ এনবিআর, বাংলাদেশ ব্যাংক, অর্থ বিভাগের সব সফটওয়্যার, বাজেট ম্যানেজমেন্ট সিস্টেম আপডেট করতে হবে। আয়কর, রিটার্ন, ভ্যাট, ব্যাংক-বিমার করবর্ষ, কোম্পানির অডিট- সবকিছুর নতুন সময়সীমা ঠিক করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের শিক্ষক অধ্যাপক রুমানা হক বলছেন, আবহাওয়া, দাতা সংস্থার সঙ্গে সমন্বয়সহ নানা কারণে এই সিদ্ধান্ত ইতিবাচক। তবে, এটি বাস্তবায়নের আগে কীভাবে আর্থিক হিসাব সমন্বয় করা হবে সেই প্রস্তুতি জরুরি। "এর ফলে অর্থনীতিতে কী প্রভাব পড়তে পারে, অর্থ ব্যবস্থাপনা কীভাবে হবে, মন্ত্রণালয় ও বিভাগগুলো প্রস্তুত কিনা, বিভিন্ন প্রকল্পের মেয়াদ পুনর্মূল্যায়ন, প্রস্তুতির বিষয়গুলো দেখতে হবে,, বিবিসি বাংলাকে বলেন তিনি।

**সরকার যা বলছে**

বাংলাদেশে অর্থবছরের সময়কাল পরিবর্তনের আলোচনা নতুন নয়। ২০১০ সালেও একবার এই সময়সূচি পরিবর্তনের উদ্যোগ নিয়েছিল তৎকালীন সরকার, কিন্তু বাস্তবায়ন হয়নি। এবারও জাতীয় সংসদে বাজেট নিয়ে আলোচনায় জানুয়ারি-ডিসেম্বর অর্থবছর করার প্রস্তাব দিয়েছিল বিরোধী দল জামায়াতে ইসলামী। ১৭ আগস্ট সচিবালয়ে মন্ত্রিসভার ১৭তম বৈঠকে অর্থবছর পরিবর্তনের সিদ্ধান্ত যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, সেখানে এর যুক্তি এবং কর্মপরিকল্পনাও তুলে ধরা হয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে ওই বৈঠকে সিদ্ধান্ত হয় যে, ২০২৮-২৯ অর্থবছর থেকে বাংলাদেশের অর্থবছর হবে পহেলা এপ্রিল থেকে ৩১ মার্চ। এক্ষেত্রে ২০২৭-২৮ অর্থবছরকে "ট্রানজিশনাল,, ধরে জুলাই ২০২৭ থেকে মার্চ ২০২৮ পর্যন্ত নয় মাসে শেষ করা হবে। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ বিভাগ যে প্রেস বার্তা দিয়েছে, সেখানে অর্থবছরের সময়সূচি পরিবর্তনের প্রধান কারণ হিসেবে তুলে ধরা হয়েছে উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের বিষয়টি। সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে, বর্তমানে অর্থবছরের শেষ তিন মাস এপ্রিল-মে-জুন, যে সময় দেশে বর্ষা শুরু হয়। ফলে সড়ক, সেতু, পানি উন্নয়ন, স্থানীয় সরকারের অবকাঠামো কাজে ধীরগতি দেখা দেয়। এতে কাজের মান নষ্ট হয় এবং জনদুর্ভোগ বাড়ে। এপ্রিল-মার্চ করা হলে অর্থবছরের শেষ তিন মাস হবে জানুয়ারি-ফেব্রুয়ারি-মার্চ। এতে করে শুষ্ক মৌসুমে কাজ দ্রুত শেষ করা যাবে বলেও উল্লেখ করা হয়েছে। এক্ষেত্রে সরকারের পক্ষ থেকে একটি কর্মপরিকল্পনাও মন্ত্রিসভা বৈঠকের পর দেওয়া প্রেস বার্তায় উল্লেখ করা হয়েছে। বলা হচ্ছে, কারিগরি ও প্রযুক্তিগত চ্যালেঞ্জ মোকাবিলায় মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, এনবিআর, লেজিসলেটিভ বিভাগ ও অর্থ বিভাগকে নিয়ে একটি উচ্চপর্যায়ের কমিটি পরবর্তী কর্মপন্থা ঠিক করবে বলে জানানো হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৮.২০২৬ আলী আহমেদ)

## ইমরান খানকে দ্রুত হাসপাতালে স্থানান্তরের নির্দেশ পাকিস্তান সুপ্রিম কোর্টের

পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী এবং পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) প্রতিষ্ঠাতা ইমরান খানকে অবিলম্বে হাসপাতালে স্থানান্তরের নির্দেশ দিয়েছেন দেশটির সুপ্রিম কোর্ট। সুপ্রিম কোর্টের তিন সদস্যের একটি বেঞ্চ আদালত বলেছেন, যে-কোনো অভিযুক্তের স্বাস্থ্যসেবার অধিকার একটি মৌলিক অধিকার। আদালত ইমরান খানের স্বাস্থ্যসংক্রান্ত বিষয়ে একটি মেডিকেল বোর্ড গঠনেরও নির্দেশ দিয়েছেন, যেখানে ইমরান খানের ব্যক্তিগত চিকিৎসক ডা. ফয়সাল এবং ডা. উজমা খানকেও অন্তর্ভুক্ত করা হবে। আদালত পরবর্তী শুনানিতে ইমরান খানের চিকিৎসা প্রতিবেদন উপস্থাপনেরও নির্দেশ দিয়েছে। সাবেক প্রধানমন্ত্রীর স্বাস্থ্য এবং তার সঙ্গে সাক্ষাতে নিষেধাজ্ঞা সংক্রান্ত বিষয়ে পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের মহাসচিব সালমান আকরাম রাজা এবং ইমরান খানের বোন উজমা খান যে আবেদন করেছিলেন, তার ভিত্তিতেই সুপ্রিম কোর্টের তিন সদস্যের বেঞ্চ এই আদেশ দেন। সুপ্রিম কোর্ট তার আদেশে আরও বলেছে, ইমরান খানের চিকিৎসায় যে-সব ব্যয় হবে, তা তার পরিবার বহন করবে। আদালত তার আদেশে বলেছেন, ইমরান খানকে হাসপাতালে স্থানান্তর করার সময় সেখানে আইন-শৃঙ্খলা পরিস্থিতির কোনো অবনতি ঘটানো যাবে না।

আদিয়ালা কারাগারের সুপারিনটেনডেন্ট সুপ্রিম কোর্টে যে চিকিৎসা প্রতিবেদন জমা দিয়েছেন, তাতে বলা হয়েছে যে, সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের মধ্যে উদ্বেগ ও আতঙ্কের `গুরুতর, উপসর্গ দেখা গেছে। ইমরান খানের চিকিৎসা প্রতিবেদনে কী বলা হয়েছে? ইমরান খানের চিকিৎসা প্রতিবেদনে উদ্বেগের মাত্রা `লেভেল থ্রি প্লাস, হিসেবে উল্লেখ করা হয়েছে, যা অত্যন্ত গুরুতর বলে বিবেচিত হয়। প্রতিবেদনে আরও বলা হয়েছে, সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানকে সর্বশেষ ১০ আগস্ট একটি মেডিকেল বোর্ড পরীক্ষা করে। ওই মেডিকেল বোর্ডে চক্ষু, হৃদরোগ এবং মেডিসিন বিশেষজ্ঞ চিকিৎসকেরা অন্তর্ভুক্ত ছিলেন। সুপ্রিম কোর্টে জমা দেওয়া প্রতিবেদনে বলা হয়েছে, ইমরান খানের বয়স প্রায় ৭৩ বছর। তিনি মাথায় ভারী অনুভূতি এবং দ্রুত হৃদস্পন্দনের অভিযোগ করেছেন। তবে চিকিৎসা প্রতিবেদন অনুযায়ী, তার বুকে ব্যথা, চাপ অনুভূত হওয়া বা শ্বাসকষ্টের কোনো অভিযোগ ছিল না। প্রতিবেদনে এ-ও উল্লেখ করা হয়েছে যে, মেডিকেল বোর্ড রক্তচাপ এবং উদ্বেগ নিয়ন্ত্রণে ঔষধ গ্রহণের পরামর্শ দিয়েছিল।
(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৮.২০২৬ আলী আহমেদ)

## জাতীয় দলের ফুটবলার আল আমিনকে ১৫ ম্যাচের জন্য নিষিদ্ধ করেছে ফিফা

বাংলাদেশ জাতীয় ফুটবল দলের স্ট্রাইকার আল আমিনকে পরবর্তী ১৫টি ম্যাচের জন্য নিষিদ্ধ করেছে ফিফা। গত জুনে মালদ্বীপে অনুষ্ঠিত চার জাতির টুর্নামেন্টে মারামারির ঘটনায় এই শাস্তি পেলেন তিনি। ”ফিফা টায়ার-১ ম্যাচ, আন্তর্জাতিক ও ন্যাশনাল টিমের পরবর্তী ১৫ ম্যাচের জন্য আল আমিনকে নিষিদ্ধ করা হয়েছে„ বলে জানিয়েছেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের মিডিয়া ম্যানেজার সাদমান সাকিব। একইসঙ্গে, আরেক ফুটবলার মিরাজুলকে দুই ম্যাচের জন্য ফিফা নিষিদ্ধ করেছে। ফিফার ডিসিপ্লিনারি কমিটি এই সিদ্ধান্ত দিয়েছে বলে জানা গেছে। জুনে মালদ্বীপের ওই ম্যাচের খেলার সময় উভয় দলের খেলোয়াররা মারামারিতে জড়িয়ে পড়েন। ওই টুর্নামেন্ট শেষ হওয়ার এক সপ্তাহ পর ফিফা বাংলাদেশের ম্যানেজার ও ফুটবলার মিরাজুলকে আর্থিক জরিমানা করে এক দফা শাস্তি দিয়েছিল। আর আল আমিনকে এবার ১৫ ম্যাচের জন্য নিষিদ্ধ করলো ফিফা। সাম্প্রতিক সময়ে কোনো বাংলাদেশি ফুটবলারের জন্য এটিই সবচেয়ে বড়ো নিষেধাজ্ঞা। এর আগে, ১৯৮৯ সালে পাকিস্তানে অনুষ্ঠিত সাফ গেমসে রেফারিকে লাঞ্ছিত করার ঘটনায় বাংলাদেশ দলের তৎকালীন অধিনায়ক ইলিয়াস হোসেনকে এক বছর নিষিদ্ধ করা হয়েছিল। (বিবিসি ওয়েব পেজ : ১৮.০৮.২০২৬ আলী আহমেদ)

## সমঝোতা স্মারকের শর্ত পূরণ না হওয়া পর্যন্ত হরমুজ প্রণালি উন্মুক্ত করা হবে না : ইরান

যুক্তরাষ্ট্র সমঝোতা স্মারকের নির্ধারিত শর্ত মেনে না নেওয়া পর্যন্ত হরমুজ প্রণালি উন্মুক্ত করা হবে না বলে আবারও জানিয়েছেন ইরানি পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ। যুক্তরাষ্ট্রের সাথে আলোচনায় ইরানের প্রতিনিধি দলের নেতৃত্বে থাকা গালিবাফ স্বীকার করেছেন, ”অবরোধ তোলার জন্য যুদ্ধবিরতি ও সমঝোতা স্মারকের মাধ্যমে পাওয়া সুযোগটি ইরানের অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধি এবং প্রতিরক্ষা সক্ষমতা পুনর্গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।„ তিনি বলেন, ”নৌ-অবরোধ প্রত্যাহার, অবরুদ্ধ সম্পত্তি মুক্ত, তেল সংক্রান্ত নিষেধাজ্ঞা তুলে নেওয়া, সব দিক থেকে হুমকি ও সামরিক অভিযান বন্ধ করা এবং সমঝোতা স্মারকের অন্যান্য শর্ত পূরণ না হওয়া পর্যন্ত হরমুজ প্রণালি উন্মুক্ত করা হবে না।„ সোমবার ইরানের রেভোলিউশনারি গার্ডও একই ধরনের অবস্থান গ্রহণ করেছে। রেভোলিউশনারি গার্ডের ডেপুটি প্রধান ইয়াদুল্লাহ জাওয়ানি বলেছেন, ”ইসলামাবাদ চুক্তির ভিত্তিতেই যুদ্ধ শেষ হওয়া উচিত এবং যুক্তরাষ্ট্র এই চুক্তির আওতায় তাদের অঙ্গীকার পূরণ করলেই কেবল হরমুজ প্রণালি খুলে দেওয়া হবে ” যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চূড়ান্ত চুক্তিতে পৌঁছানোর জন্য সমঝোতা স্মারকের নির্ধারিত ৬০ দিনের মেয়াদ শেষ হয়েছে সোমবার। তবে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে নতুন করে উত্তেজনা ও সংঘর্ষের পর, উভয় পক্ষই ইতোমধ্যে ইঙ্গিত দিয়েছিল, তারা এই প্রক্রিয়াটিকে কার্যত শেষ বলেই মনে করে। অন্যদিকে ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তিনি ইরানের সাথে এই অন্তর্বর্তীকালীন চুক্তিটির মেয়াদ আর বাড়াতে চান না।(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৮.২০২৬ আলী আহমেদ)

## ইমরান খানের স্বাস্থ্য নিয়ে সুপ্রিম কোর্টের দেয়া সিদ্ধান্ত 'পূর্ণাঙ্গভাবে' বাস্তবায়ন করা হবে : কেন্দ্রীয় মন্ত্রী

পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানকে শিফা হাসপাতালে স্থানান্তরের ব্যাপারে সুপ্রিম কোর্টের দেওয়া আদেশের পর পার্লামেন্টারি অ্যাফেয়ার্স বিষয়ক মন্ত্রী তারিক ফজল চৌধুরী বলেছেন, ”এই সিদ্ধান্ত পুরোপুরি বাস্তবায়ন করা হবে।„ মঙ্গলবার সিনেটে পিটিআই সেনেটরদের উদ্দেশ্যে বক্তব্য রাখার সময় তিনি বলেন, আদালতই একমাত্র মাধ্যম যার সাহায্যে তার দল ”একটি পথ তৈরি করতে পারবে।„ উল্লেখ্য, সুপ্রিম কোর্টের একটি তিন সদস্যের বেঞ্চ ইমরান খানকে ইসলামাবাদের বেসরকারি হাসপাতাল শিফা ইন্টারন্যাশনাল হাসপাতালে স্থানান্তরের নির্দেশ দিয়েছে। আদালত বলেছেন, যে-কোনো আসামির স্বাস্থ্যসেবা পাওয়ার মৌলিক অধিকার রয়েছে। ইমরান খানের শারীরিক অবস্থা পর্যালোচনার জন্য একটি মেডিক্যাল বোর্ড গঠনের নির্দেশও দিয়েছেন আদালত। সেই সাথে ইমরান খানকে

হাসপাতালে স্থানান্তর করার পর তার ব্যক্তিগত চিকিৎসক ড. ফয়সাল এবং তার বোন উজমা খান তার সাথেই থাকবেন বলেও আদেশ দিয়েছেন আদালত।(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৮.২০২৬ আলী আহমেদ)

### হরমুজ প্রণালি নিয়ে ইরান ও যুক্তরাষ্ট্রকে পুনরায় আলোচনায় বসাতে রাজি করানোর চেষ্টা করা হবে

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে মধ্যস্থতাকারী দেশগুলো হরমুজ প্রণালি ইস্যুতে ইরান ও ওমানের মধ্যে একটি চুক্তির ঘোষণা প্রকাশ করতে যাচ্ছে বলে এক সংবাদ সম্মেলনে জানিয়েছেন কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মজিদ আল-আনসারি। এই চুক্তির পরেই কেবলমাৎর যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্র ও ইরানকে পুনরায় আলোচনায় রাজি করানোর প্রচেষ্টা চালানো হবে বলে জানিয়েছেন মজিদ আল-আনসারি। কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, ইরানি পাইলটদের ইস্যুতে কাতার সফরের জন্য দেশটির প্রতিনিধি দলকে দেওয়া আমন্ত্রণ এখনো বহাল রয়েছে। যদিও তেহরান এখনো এ বিষয়ে কোন প্রতিক্রিয়া জানায়নি। গত সপ্তাহে ইরান অভিযোগ তুলেছিল, যুক্তরাষ্ট্র, ইসরায়েল ও ইরান যুদ্ধের প্রথম দিকে দেশটির বিমান ভূপাতিত হওয়ার পর কাতার তাদের বিমান বাহিনীর তিন পাইলটকে আটকে রেখেছে। তবে কাতার আনুষ্ঠানিকভাবে এই অভিযোগ পুরোপুরি অস্বীকার করেছে। বিমান দুর্ঘটনায় চতুর্থ আরেকজন পাইলট নিহত হন। তার মরদেহ উদ্ধারের পর ইরানের কাছে হস্তান্তর করেছে কাতারি কর্তৃপক্ষ।
(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৮.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### ইরান যুদ্ধের ধাক্কা; ট্রাম্পের জনপ্রিয়তা তলানিতে, ৬৭% মার্কিন নাগরিক অসন্তুষ্ট

সোমবার প্রকাশিত রয়টার্স/ইপসোসের এক জনমত জরিপে দেখা গেছে, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের জনপ্রিয়তা তার বর্তমান মেয়াদে সর্বনিম্ন পর্যায়ে নেমে এসেছে। একইসঙ্গে বিপুলসংখ্যক মার্কিন নাগরিক আশঙ্কা করছেন, ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের যুদ্ধ দীর্ঘস্থায়ী হতে পারে। চার দিনব্যাপী ওই জরিপে মাত্র ৩৩ শতাংশ অংশগ্রহণকারী ট্রাম্পের প্রেসিডেন্ট হিসেবে কর্মকাণ্ডের প্রতি সমর্থন জানিয়েছেন। বিপরীতে ৬৭ শতাংশ তার কার্যক্রমে অসন্তোষ প্রকাশ করেছেন। চলতি মাসের শুরুতে রয়টার্সের জরিপে ট্রাম্পের জনপ্রিয়তা ছিল ৩৫ শতাংশ। নতুন জরিপের ৩৩ শতাংশ তাঁর আগের মেয়াদের সর্বনিম্ন জনপ্রিয়তার স্তরের সমান, যা ২০১৭ সালের ডিসেম্বরে রেকর্ড হয়েছিল। গত বছর ট্রাম্প যখন হোয়াইট হাউসে ফিরে আসেন, তখনও অর্ধেকের কম মার্কিনি তার প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালনের প্রতি সমর্থন জানিয়েছিলেন। তবে ইসরায়েলের সঙ্গে সমন্বয় করে ইরানে হামলার নির্দেশ দেওয়ার পর তাঁর জনপ্রিয়তা আরও উল্লেখযোগ্যভাবে কমেছে। ইরানের বিরুদ্ধে যুদ্ধ বিশ্বব্যাপী তেল বাণিজ্যের প্রায় এক-পঞ্চমাংশে বড়ো ধরনের প্রভাব ফেলেছে এবং যুক্তরাষ্ট্রে জ্বালানির দাম বাড়িয়েছে। এর ফলে মার্কিন পরিবারগুলোর ওপর অর্থনৈতিক চাপ বাড়ছে। একই সময়ে নভেম্বরের মধ্যবর্তী নির্বাচনে কংগ্রেসে নিজেদের সংখ্যাগরিষ্ঠতা ধরে রাখার চেষ্টা করছে ট্রাম্পের রিপাবলিকান পার্টি। নির্বাচনের সময় মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ এবং দীর্ঘস্থায়ী যুদ্ধ এড়িয়ে চলার প্রতিশ্রুতি দিয়েছিলেন ট্রাম্প। শুরুতে তিনি দাবি করেছিলেন, ইরানের সঙ্গে যুদ্ধ কয়েক সপ্তাহের মধ্যেই শেষ হবে। পাশাপাশি তিনি দাবি করেছিলেন, ইরানকে পারমাণবিক অস্ত্র অর্জন থেকে ঠেকানোর একমাত্র উপায়ই হলো যুদ্ধ। তবে প্রতিবেদনে বলা হয়েছে, ইরান প্রতিরোধ অব্যাহত রেখেছে এবং হরমুজ প্রণালীর মধ্য দিয়ে তেল পরিবহণের ওপর ব্যাপক নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করেছে। রয়টার্স/ইপসোস জরিপে দেখা গেছে, প্রায় ৮০ শতাংশ মার্কিনি মনে করেন, ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের সামরিক অভিযান দীর্ঘ সময় ধরে চলবে। এ মত পোষণকারীদের মধ্যে ৮৭ শতাংশ ডেমোক্র্যাট এবং ৭১ শতাংশ রিপাবলিকান। বিপরীতে মাত্র ১৬ শতাংশ মনে করেন, সংঘাত কয়েক সপ্তাহের মধ্যে শেষ হতে পারে।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৮.০৮.২০২৬ নারগীস)

## এনএইচকে

### চুক্তির মেয়াদ শেষ হওয়ায় যুক্তরাষ্ট্র এবং ইরান পরস্পরকে হুমকি দিয়েছে

যুক্তরাষ্ট্র এবং ইরানের মধ্যকার সংঘাত নিরসনে একটি চুক্তিতে পৌঁছানোর ৬০ দিনের সময়সীমা শেষ হয়ে আসছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এ প্রসঙ্গে ইরানের তীব্র সমালোচনা করে গণমাধ্যমকে বলেছেন যে , তার কোনো তাড়া নেই এবং তার কোনো নির্দিষ্ট সময়সূচিও নেই। সোমবার ফক্স নিউজকে দেওয়া এক টেলিফোন সাক্ষাৎকারে ট্রাম্প এই মন্তব্য করেছেন। হরমুজ প্রণালির নিয় ন্ত্রণে তেহরানের সাথে ওমানের সমান্তরাল আলোচনা সম্পর্কেও ট্রাম্প সতর্ক করেছেন। তিনি হুমকি দিয়েছেন, এক্ষেত্রে ওমান বাধা হয়ে দাঁড়ালে যুক্তরাষ্ট্র বোমা হামলা চালাবে। ট্রাম্প আরও দাবি করেছেন যে, ওয়াশিংটন ইরানের রেভ্যুলুশনারি গার্ড কর্পসের সাথে একটি `গোপন চ্যানেলের, মাধ্যমে যোগাযোগ করছে। তবে , ইরানের তাসনিম নিউ জ এজেন্সির প্রকাশিত একটি প্রতিবেদনে ট্রাম্পের বক্তব্যের বিরোধিতা করা হয়েছে। এতে আইআরজিসি'র একজন মুখপাত্রের উদ্ধৃতি দিয়ে সরাসরি আলোচনা নিয়ে ট্রাম্পের দাবিকে 'তার কল্পনা' বলে অভিহিত করা হয়েছে। এদিকে বার্তা সংস্থা রয়টার্স , একজন ঊর্ধ্বতন ইরানি কর্মকর্তার বরাত দিয়ে বলেছে , যুক্তরাষ্ট্র যদি কয়েক সপ্তাহের মধ্যে অন্তর্বর্তীকালীন শান্তি চুক্তি বাস্তবায়নে ব্যর্থ হয় , তাহলে তেহরান হামলা চালাতে

পারে। ওই কর্মকর্তা সতর্ক করে বলেন যে, তেহরান এখন তাদের নীতি প্রতিরক্ষা মূলক থেকে পুরোপুরি আক্রমণাত্মক দিকে পরিবর্তন করছে এবং দেশটি প্রণালি জুড়ে ও বৃহত্তর অঞ্চলে উত্তেজনা বাড়াতে প্রস্তুত রয়েছে।
(এনএইচকে ওয়েব পেজ: ১৮.০৮.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### এলএনজি কার্গো না আসায় বাংলাদেশে সংকট বেড়েছে

দ্রুত সরবরাহ নিশ্চিত করতে দরপত্র ছাড়াই সরাসরি ক্রয়পদ্ধতিতে তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) কার্গোর ক্রয়াদেশ দেওয়া হয়েছিল। এর মধ্যে অগাস্টে চারটি কার্গো আসার কথা। ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলো জানিয়েছে, সোমবার পর্যন্ত একটি কার্গোও বাংলাদেশে পৌঁছায়নি। কবে আসবে, সেটিও নিশ্চিত নয়। ফলে গ্যাসের সরবরাহ নিয়ে আবার অনিশ্চয়তা তৈরি হয়েছে। শিগগিরই সংকট কাটার সম্ভাবনাও দেখা যাচ্ছে না। এ পরিস্থিতিতে জরুরি দরপত্রের মাধ্যমে আরও পাঁচ কার্গো এলএনজি কেনার উদ্যোগ নেওয়া হয়েছে। তবে দুটি কার্গোর জন্য দর পাওয়া গেলেও অন্য তিনটির জন্য কোনো কোম্পানি প্রস্তাব দেয়নি। জ্বালানি বিভাগের অনুমোদনে এলএনজি আমদানি তদারক করে পেট্রোবাংলা। আমদানির দায়িত্বে রয়েছে পেট্রোবাংলার কোম্পানি রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড (আরপিজিসিএল)। এলএনজি সরবরাহের সঙ্গে যুক্ত দুজন দায়িত্বশীল কর্মকর্তা প্রথম আলোকে বলেন, সরাসরি ক্রয়পদ্ধতিতে কেনা কার্গোগুলো না আসায় সংকট আরও বেড়েছে। দর পত্রে কেনা তিনটি কার্গোর মধ্যে দুটি ইতিমধ্যে গ্যাস সরবরাহ করেছে। অন্যটি ২০ অগাস্ট আসার কথা। দীর্ঘমেয়াদি চুক্তির আওতায় কাতার থেকেও একটি কার্গো পাওয়া গেছে। সৌদি আরামকোর সঙ্গে স্বল্পমেয়াদি চুক্তির আওতায় একটি জাহাজ বঙ্গোপসাগরে পৌঁছেছিল। তবে স্থানান্তরে ঝুঁকি থাকায় ওই কার্গো থেকে এলএনজি নিতে রাজি হয়নি টার্মিনাল।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৮.২০২৬ রনি)

### ভারতে পাচারের চেষ্টার সময় ৮ রোহিঙ্গাসহ ১২ জন আটক

সিলেটের কানাইঘাট উপজেলার সীমান্ত দিয়ে ভারতে পাচারের চেষ্টা করার সময় ৮ রোহিঙ্গাসহ ১২ জনকে আটক করেছে পুলিশ। গতকাল সোমবার বিকেলে তাদের আটক করা হয়। আটক রোহিঙ্গারা কক্সবাজারের উখিয়ার কুতুপালং ক্যাম্প-১-এর বাসিন্দা। পুলিশ জানিয়েছে, সিলেট নগরের কদমতলী এলাকা থেকে দুটি সিএনজিচালিত অটোরিকশায় করে রোহিঙ্গাদের কানাইঘাটে নিয়ে আসা হয়। দনা সীমান্ত দিয়ে তাদের ভারতে পাচারের পরিকল্পনা ছিল। এ জন্য উপজেলার দিঘিরপাড় ইউনিয়নের সুরমা নদীর কুওরেরমা টি বটরবাজার এলাকায় একটি নৌকাও প্রস্তুত রাখা হয়েছিল। পাচারকারী চক্রের দুই সদস্য হলেন কানাইঘাটের এরালীগুল গ্রামের আছাদ (২২) ও বড়খেরড় গ্রামের সাদ্দাম হোসেন (২২)। আর সিএনজিচালিত অটোরিকশার চালক দু -জন হলেন সুনামগঞ্জের শান্তিগঞ্জ উপজেলার রফিক (৬৫) ও নেত্রকোনার এলাছ উদ্দিন (৪৪)। পুলিশের একই সূত্র জানায়, যাতায়াতে দেরি হওয়ায় নৌকার মাঝির সঙ্গে দালালদের ঘন ঘন ফোনালাপ স্থানীয় বাসিন্দাদের মনে সন্দেহের জন্ম দেয়। প রে এলাকাবাসী কুওরের মাটি মাদ্রাসার সামনে অটোরিকশা দুটি আটকে জিজ্ঞাসাবাদ করলে পাচারের তথ্য বেরিয়ে আসে। এরপর স্থানীয় জনতার সহায়তায় রোহিঙ্গাসহ পাচারকারী চক্রের সদস্যদের আটক করা হয়। আটক রোহিঙ্গারা কক্সবাজারে র উখিয়া উপজেলার কুতুপালং ক্যাম্প থেকে পালিয়ে সীমান্ত পাড়ি দেওয়ার চেষ্টা করছিলেন। তাদের বিরুদ্ধে আইনগত ব্যব স্থা প্রক্রিয়াধীন। এ বিষয়ে কানাইঘাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আমিনুল ইসলাম ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, আটক রোহিঙ্গারা কক্সবাজারের উখিয়া উপজেলার কুতুপালং ক্যাম্প থেকে পালিয়ে সীমান্ত পা ড়ি দেওয়ার চেষ্টা করছিলেন। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন। আর পাচারকারী চক্রের অন্য সদস্যদের বিষয়েও তদন্ত শুরু করেছে পুলিশ। এর আগে, গত ৭ জুলাই ভারতে কারাভোগ শেষে ১০ বাংলাদেশি নাগরিক সিলেটের গো য়াইনঘাট উপজেলার তামাবিল স্থলবন্দর ইমিগ্রেশন চেকপোস্ট দিয়ে বাংলাদেশে ফিরে আসেন। ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ তাদের হস্তান্তর করে। তখন তামাবিল ইমিগ্রেশন পুলিশের দেওয়া তথ্য অনুযায়ী, ফিরে আসা ব্যক্তিরা চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার কালীগঞ্জ সীমান্ত এবং সিলেটের একটি সীমান্ত এলাকা দিয়ে বিভিন্ন সময়ে অবৈধভা বে ভারতে প্রবেশ করেছিলেন। তার আগে ভারতে অনুপ্রবেশের অভিযোগে বিভিন্ন মেয়াদে কারাভোগ শেষে বিশেষ ট্র্যাভেল পারমিটের মাধ্যমে দেশে ফিরেছিলেন ৫০ জন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৮.২০২৬ রনি)

### রোহিঙ্গা নিয়ে মিয়ানমারের বিজ্ঞপ্তিতে সংশোধন চায় বাংলাদেশ

রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের জারি করা সাম্প্রতিক সংবাদ বিজ্ঞপ্তির অনেক উপাত্তই ভুল তথ্যের ওপর ভিত্তি করে তৈরি বলে জানিয়েছে বাংলাদেশ। সেগুলো ঠিক করার তাগাদা দিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, এ ক্ষেত্রে জাতিসংঘ ব্যবস্থার অধীনে নিবন্ধিত তথ্যই রোহিঙ্গাদের সঠিক সংখ্যা প্রতিফলিত করে। আজ মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে মহাপরিচালক (মিয়ানমার অনুবিভাগ) মো. তৌফিক-উর-রহমান বাংলাদেশে নিযুক্ত মিয়ানমারের রাষ্ট্রদূত ইউ কিয়াও সো মোর সঙ্গে নিজ কার্যালয়ে বৈঠকে বিষয়টি তুলে ধরেন। পরে এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ বিষয়ে জানানো হয়।

প্রসঙ্গত, গত শনিবার মিয়ানমারের পররাষ্ট্র মন্ত্রণা লয় এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলেন , বাংলাদেশ থেকে দেওয়া ৮ লাখ ২৮ হাজার ৮২৪ শরণার্থীর একটি তালিকা মিয়ানমার গত জুলাইয়ের শেষ নাগাদ যাচাই -বাছাই করেছে। কর্তৃপক্ষ নিশ্চিত করেছে, যাচাই করা ৪ লাখ ২৬ হাজার ৫৪৫ ব্যক্তির মধ্যে ৩ লাখ ৮ হাজার ৭৯৭ জন রাখাইনের বাসিন্দা ছিলেন। মিয়ানমারের পররাষ্ট্র মন্ত্রণালয় উল্লেখ করেছে , ১ লাখ ১৩ হাজার ৫০৭ ব্যক্তির পরিচয় সফলভাবে যাচাই -বাছাই করা যায়নি। অন্যদিকে ৪ হাজার ২৪১ জন সন্ত্রাসী কর্মকাণ্ডে অংশ নিয়েছিল বলে সরকার দাবি করেছে। বিজ্ঞপ্তিতে রাখাইন থেকে ১০ লাখের বেশি মানুষ বাস্তুচ্যুত হওয়া র বিষয়টিও অস্বীকার করেছে মিয়ানমার। আজকের বৈঠকে পররাষ্ট্র মন্ত্রণালয়ে মহাপরিচালক তৌফিক-উর-রহমান দুই দেশের সম্মত দ্বিপক্ষীয় কাঠামোর ভিত্তিতে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের যাচাইকরণ প্রক্রিয়া দ্রুত করার জন্য রাষ্ট্রদূতকে অনুরোধ জানান। তাদের মধ্যে শরণার্থী শিবিরে জন্মগ্রহণকারী শিশু এবং ২০১৭ সালের পর রাখাইন থেকে জোরপূর্বক তাড়িয়ে দেওয়া নতুন আগমনকারীদের অন্তর্ভুক্ত করার বিষয়টি উল্লেখ করা হয়। বৈঠকে জানানো হয়, বাংলাদেশ বর্তমানে তাদের নিবন্ধনের কাজ করছে এবং ৮ লাখ ২৮ হাজার ৮২৪ জনের প্রাথমিক তালিকার পরের রোহিঙ্গাদের তথ্য যথাসময়ে মিয়ানমার কর্তৃপক্ষের সঙ্গে বিনিময় করা হবে। তৌফিক-উর-রহমান যাচাইকরণ প্রক্রিয়ায় এই অতিরিক্ত তথ্যগুলো সঠিকভাবে প্রতিফলিত করার অনুরোধ জানান। পাশাপাশি রোহিঙ্গারা যে 'বাঙালি' নন- এ বিষয়টিও তুলে ধ রেন। কারণ, মিয়ানমার কর্তৃপক্ষ কর্তৃক সম্প্রতি পর্যন্ত স্বীকৃত তাদের নিজস্ব জাতিগত পরিচয় রয়েছে। এ সময় রাষ্ট্রদূত সো মো বাংলাদেশের উদ্বেগ ও পর্যবেক্ষণগুলো তার দেশের কর্তৃপক্ষের কাছে পৌঁছে দেওয়ার আশ্বাস দেন এবং যাচাই করা রোহিঙ্গাদের প্রত্যাবাসন শুরু করতে যাচাইকরণ প্রক্রিয়া ত্বরান্বিত করার বিষয়ে তাঁর সরকারের অঙ্গীকার ব্যক্ত করেন। এ ছাড়া পররাষ্ট্র মন্ত্রণালয়ে মহাপরিচালক তৌফিক-উর-রহমান আবারও বলেন, এই সংকটের একমাত্র টেকসই সমাধান নিহিত রয়েছে রোহিঙ্গাদের তাদের নিজ ভিটেমাটি রাখাইনে নিরাপদ , সম্মানজনক ও স্বেচ্ছা য় প্রত্যাবাসনের মধ্যে। উল্লেখ্য , ২০১৭ সালে নৃশংস সামরিক অভিযানের কারণে প্রায় সাত লাখ রোহিঙ্গা (বাংলাদেশের হিসাবে আট লাখের বেশি ) সীমান্ত পেরিয়ে বাংলাদেশে আসতে বাধ্য হয়। বাংলাদেশে র কক্সবাজারে আগে থেকেই কয়েক লাখ রোহিঙ্গা শরণার্থী রয়েছে। মিয়ানমারের এসব সংখ্যালঘু মুসলিম রোহিঙ্গাও মিয়ানমার সামরিক বাহিনী ও জাতি গত মিলিশিয়াদের নৃশংস সহিংসতা থেকে রক্ষা পেতে আগেই বাংলাদেশে পালিয়ে আসে। দীর্ঘদিন ধরে বাংলাদেশে বসবাস করছে তারা।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৮.২০২৬ রনি)

## জাগো নিউজ

### এনবিআরকে মানুষ ভয় করবে না, বিশ্বাস করবে : প্রধানমন্ত্রী

জাতীয় রাজস্ব বোর্ডকে (এনবিআর) আরও জনবান্ধব , দক্ষ ও আধুনিক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, রাজস্ব ব্যবস্থাপনার ওপর করদাতাদের আস্থা ও বিশ্বাস তৈরি হলে রাজস্ব আহরণ অনেক সহজ হয়ে যায়। মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুরে রাজধানীর বাংলাদেশ -চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে 'রাজস্ব সম্মেলন-২০২৬,-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এ সম্মেলনের আয়োজন করে। প্রধানমন্ত্রী বলেন , এনবিআরের কার্যক্রম, রাজস্ব ব্যবস্থাপনার নীতি ও পদ্ধতি এবং এর আধুনিকায়নসহ সংশ্লিষ্ট বিষয়ে তিনি কর্মকর্তাদের বক্তব্য শুনেছেন। তবে তিনি এই রাজস্ব সম্মেলনকে সাধারণ কোনো সম্মেলন হিসেবে দেখেন না। তিনি বলেন , এনবিআরের কার্যক্র মের সাফল্যের ওপর সরকারের সব উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের সফলতা অনেকাংশে নির্ভরশীল। তাই আজকের সম্মেলন আগামী দিনে এনবিআরের আরও বেশি সাফল্যের পথ নির্দেশনার সম্মেলন হবে বলে আশা করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, কী ধরনের ভঙ্গুর অর্থনীতির মধ্যদিয়ে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব নেওয়া হয়েছে , তা দেশের যে-কোনো শ্রেণি-পেশার মানুষের চেয়ে এনবিআর কর্মকর্তারা বেশি অবগত। তিনি বলেন , দীর্ঘ দেড় দশকের ফ্যাসিবাদী শাসন -শোষণের অভিশাপ থেকে রাষ্ট্রের অন্য সব প্রতিষ্ঠানের মতো জাতীয় রাজস্ব বোর্ডও মুক্ত থাকতে পারেনি। এনবিআরের নীতি ও নিয়ম উপেক্ষা করে ব্যক্তি কিংবা দলীয় স্বার্থে কাউকে পৃ ষ্ঠপোষকতা, কারও প্রতি বিরূপ মনোভাব এবং রাজস্ব আহরণে স্বেচ্ছাচারিতা এনবিআরকে প্রশ্নবিদ্ধ করেছিল বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী। এতে এনবিআরের ওপর মানুষের আস্থা বিনষ্ট হয়েছিল বলেও তিনি উল্লেখ করেন। প্রধানমন্ত্রী বলেন , "ফ্যাসিবাদমুক্ত বাংলাদেশে এবার আমাদের ঘু রে দাঁড়ানোর পালা।„ দেশের জনগণ বর্তমানে এনবিআরকে একটি নির্ভরযোগ্য ও বিশ্বস্ত প্রতিষ্ঠান হিসেবে দেখতে চায় উল্লেখ করে তিনি বলেন, বিশেষ করে করদাতারা এনবিআরকে তাদের আস্থাভাজন প্রতিষ্ঠান হিসেবে দেখতে চান। দক্ষ ও টেকসই রাজস্ব ব্যবস্থাপনার মাধ্যমেই জনআস্থা অর্জন স ম্ভব উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন , করদাতাদের সেই প্রত্যাশা পূরণের দায়িত্ব এনবিআরকেই নিতে হবে। বর্তমান সরকার এনবিআর তথা রাজস্ব কাঠামোকে জনবান্ধব হিসেবে গড়ে তুলতে বদ্ধপরিকর। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

### পিএসসি চেয়ারম্যানের পদত্যাগের সিদ্ধান্ত, জানা গেল কারণ

সরকারি কর্ম কমিশনের (পিএসসি) চেয়ারম্যান অধ্যাপক ড. মোবাশ্বের মোনেম পদত্যাগ করার সিদ্ধান্ত নিয়েছেন। তবে এখনো তিনি পদত্যাগপত্র জমা দেননি। আজ (মঙ্গলবার) অপরাহ্নে তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ে নিজের পদত্যাগপত্র পাঠাবেন। মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুর ২টার দিকে পিএসসির জনসংযোগ কর্মকর্তা এস এম মতিউর রহমান জা গো নিউজকে এ তথ্য নিশ্চিত করেছেন। এস এম মতিউর রহমান বলেন , চেয়ারম্যান স্যার আজ আমাকে ডেকে তিনি দায়িত্ব থেকে অব্যাহতি নেবেন বলে জানিয়েছেন। তিনি আজ অপরাহ্নে এ সংক্রান্ত চিঠি জনপ্রশাসনে পাঠাবেন বলেও জানিয়েছেন। তবে আমার জানামতে এখনো মন্ত্রণালয়ে চিঠি পাঠানো হয়নি। পিএসসি চেয়ারম্যানের পদত্যাগের কারণ প্রসঙ্গে জনসংযোগ কর্মকর্তা মতিউর রহমান বলেন , চেয়ারম্যান স্যার আমাকে জানিয়েছেন , তিনি শারীরিকভাবে অসুস্থ। এমন অ বস্থায় দায়িত্ব চালিয়ে যাওয়া তার পক্ষে সম্ভব নয়। এ কারণে তিনি অব্যাহতি নেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। এর বেশি আমি জানি না। এদিকে , নাম প্রকাশ না করার শর্তে পিএসসির এক সদস্য জাগো নিউজকে জানান, অন্তর্বর্তী সরকারের সময় অধ্যাপক মোবাশ্বের মোনেম চেয়ারম্যান পদে নিয়োগ পেয়েছিলেন। বিএনপি সরকার ক্ষমতায় এলেও তাকে হঠা ৎ সরিয়ে দেওয়ার পথে হাঁটেনি। তবে , সম্প্রতি তাকে এ পদ থেকে সরে যাওয়ার ব্যাপারে ইঙ্গিত করা হয়েছে বলে গুঞ্জন রয়েছে। তিনি আরও বলেন, অধ্যাপক মোবাশ্বের মোনেমের নেতৃত্বাধীন বর্তমান কমিশন পিএসসির পূর্ণাঙ্গ স্বা য়ত্তশাসন চেয়ে একটি চিঠি জনপ্রশাসন মন্ত্রণালয় পা ঠিয়েছিল। এটিকেও বর্তমান সরকার ইতিবাচকভাবে দেখছে না। এ কারণে সরকারের পক্ষ থেকে একটি নেতিবাচক মনোভাব ছিল। আজ চেয়ারম্যানের পথ থেকে অব্যাহতির সিদ্ধান্তের পেছনে সেটিও বড়ো ফ্যাক্টর হিসেবে কাজ করতে পারে বলে মনে করেন পিএসসির এই সদস্য।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## তারেক রহমান ভারতে না এলে বন্ধ হতে পারে যোগাযোগের পথ

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য ভারত সফর ঢাকা ও নয়াদিল্লির সম্পর্ক জোরদারে নতুন সুযোগ তৈরি করতে পারে বলে মন্তব্য করেছেন ভারতের সাবেক জ্যেষ্ঠ কূটনীতিক বিদ্যা ভূষণ সোনি। তারেক রহ মান ভারতে না এলে এই সুযোগ হারিয়ে যেতে পারে এবং দীর্ঘ সময়ের জন্য দুই দেশের মধ্যে যোগাযোগের পথও খোলা না -ও থাকতে পারে বলেও দাবি করেছেন তিনি। সোমবার (১৭ আগস্ট) ভারতীয় সংবাদ সংস্থা এএনআইকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, দুই দেশের মধ্যে দীর্ঘদিনের অমীমাংসিত বিভি ন্ন বিষয় সমাধানের জন্য এই সফর গুরুত্বপূর্ণ হতে পারে। তার মতে, বর্তমান সুযোগটি কাজে লাগাতে পারলে ভারত -বাংলাদেশ সম্পর্ক নতুন পর্যায়ে যেতে পারে। বিদ্যা ভূষণ সোনি বলেন, দুই দেশের মধ্যে বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয় এখনো অমীমাংসিত। এর মধ্যে তিস্তা নদীর পানি বণ্টন অন্যতম। তিনি জানান, তিস্তা নিয়ে দুই দেশ অনেক বিষয়ে একমত হলেও কিছু গুরুত্বপূর্ণ বিষয় পরে আর চূড়ান্ত হয়নি। তিনি আরও বলেন, রোহিঙ্গা শরণার্থী সমস্যার সমাধানেও বাংলাদেশ ভারতের আরও সক্রিয় ভূমিকা চায়। তার মতে, এ ক্ষেত্রে মিয়ানমার কর্তৃপক্ষের সঙ্গে মধ্যস্থতাকারী হিসেবে সক্রিয় ভূমিকা পালন করা ছাড়া ভারতের তেমন কিছু করার নেই। কারণ , মিয়ানমার কর্তৃপক্ষ ভারতের কথা শুনতে পারে। তারেক রহমানের ভারত সফরের মাধ্যমে সেই সুযোগ তৈরি হলে বাংলাদেশ ভারতকে এসব সমস্যা সমাধানে তার প্র ভাব কাজে লাগানোর অনুরোধ করতে পারে বলে মনে করেন তিনি। বাংলাদেশের নতুন নেতৃত্ব নিয়েও আশাবাদ প্রকাশ করেছেন সো নি। তিনি বলেন , তারেক রহমান তুলনামূলকভাবে বেশি খোলামেলা এবং তিনি ভারতবিরোধী নন। সোনির দাবি , তারেক রহমান ব্যক্তিগতভাবে ভারতের বিরুদ্ধে কোনো বক্তব্য দেননি। এ কারণে নয়াদিল্লিও সম্ভাব্য সফরকে একটি সুযোগ হিসে বে দেখছে বলে মনে করেন তিনি। তিনি বলেন , দুই দেশের সরকারি পর্যায়ে বিভিন্ন বক্তব্য থাকলেও দুই দেশের রাজনীতিবিদদের মধ্যে সরাসরি যোগাযোগের সুযোগ এখনো রয়েছে। তাই তারেক রহমানের ভারত সফরের সম্ভাবনা নিয়ে তিনি আশা বাদী। সোনির মতে, এই সুযোগ নষ্ট হলে দুই দেশের মধ্যে নতু ন করে যোগাযোগের দরজা দীর্ঘ সময়ের জন্য বন্ধ হয়ে যেতে পারে। তাই উভয় দেশেরই এই সুযোগ কাজে লাগানো উচিত। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## গ্যারেজে চলছে মর্গের কাজ, মেঝেতেই থাকে সারি সারি মরদেহ

শতবর্ষী জেলা পাবনায় আজও জোটেনি একটি আধুনিক মর্গ। হিমঘর , অবকাঠামো ও প্রযুক্তিগতসহ নানা সংকটে হাসপাতালের পরিত্যক্ত মোটরসাইকেল গ্যারেজে চলছে মর্গের কার্যক্রম। ৩০ লাখ লোকের জেলায় প্রতিনিয়ত হত্যাসহ নানা দুর্ঘটনায় হাসপাতাল চত্বরে মরদেহ আনা হলেও একটির বেশি মরদেহের ময়নাতদন্ত সম্পন্ন করা সম্ভব হয় না। অন্যগুলো ফেলে রাখতে হয় মে ঝেতে। হিমঘর না থাকায় মরদেহ সংরক্ষণেও ভোগান্তির শেষ নে ই। এদিকে এই ভোগান্তি লাঘবে প্রায় আড়াই কোটি ব্যয়ে পাবনা জেনারেল হাসপাতাল চত্বরে আধুনিক মর্গ নির্মাণের ৮০ শতাংশ কাজ সম্পন্ন হলেও মামলা ও আমলাতান্ত্রিক জটিলতার অজুহাতে সেটিও সম্পন্ন হয়নি। ফলে সেই একই ভোগান্তি পোহাতে হচ্ছে স্থানীয়দের। হাসপাতাল ও গণপূর্ত সূত্রে জানা যায় , ২০২২ সালের ফেব্রুয়ারিতে পাবনা জেনারেল হাসপাতাল আঙিনায় ২ কোটি ৪৪ লাখ টাকা ব্যয়ে একটি আধুনিক মর্গ ও হিমঘর নির্মাণের কাজ শুরু হয়। গণপূর্ত অধিদ প্তরের অধীনে ৬ মাস মেয়াদি এই প্রকল্পের কাজ দ্রুতগতিতে এগিয়ে প্রায় ৮০ শতাংশ শেষও করা হয়। কিন্তু ভবনের অবস্থা ন

নিয়ে স্থানীয় কিছু মানুষের অযৌক্তিক আপত্তির মুখে বাধাগ্রস্ত হয় নির্মাণকাজ। একপর্যায়ে ২০২২ সালের ডিসেম্বরে উচ্চ আদালত দুই মাসের স্থগিতাদেশ দিলে কাজ পুরোপুরি বন্ধ হয়ে যায়। পরবর্তীতে স্থগিতাদেশের মেয়াদ পেরিয়ে গেলেও আমলাতান্ত্রিক জটিলতা ও আইনি দীর্ঘসূত্রতার অজুহাতে আর এক কদমও এগোয়নি প্রকল্পের কাজ। এরই মধ্যে প্রকল্পের নির্ধারিত মেয়াদও শেষ হয়ে গেছে। পরিত্যক্ত অবস্থায় নষ্ট হচ্ছে নির্মিত নতুন ভবন। এরইমধ্যে ভব নের বিভিন্ন অংশে ফাটল দেখা দিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## ৬৯০ বন্দি এখনো পলাতক, ১৬৬ জনের তথ্য `খুঁজে পাচ্ছে না, কারা কর্তৃপক্ষ

জুলাই গণ-অভ্যুত্থানের পর দেশের কয়েকটি কারাগার ভেঙে পালিয়ে যাওয়া ৬৯০ জন বন্দি এখনো পলাতক রয়েছেন বলে জানিয়েছেন কারা মহাপরিদর্শক (আইজি প্রিজন) ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মো . মোতাহের হোসেন। তিনি বলেন, তাদের মধ্যে ১৬৬ বন্দির তথ্য খুঁজে পাচ্ছে না কারাগার কর্তৃপক্ষ। মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুরে রাজধানীর বকশীবাজার কারা অধিদপ্তরে সমসাময়িক ঘটনা ও কারা অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব তথ্য জানান। কারা ম হাপরিদর্শক বলেন, ২০২৪ সালে ২২৪৭ বন্দি কারাগার ভেঙে পা লিয়ে গিয়েছিল। এরমধ্যে ৬৯০ জন বন্দি এখনো পলাতক। নরসিংদী কারাগার ভেঙে পালিয়েছিল ৮২৬ বন্দি। এরমধ্যে নরসিংদী কারাগারের ১৬৬ বন্দির ডাটা আমরা পাচ্ছি না। তিনি বলেন, কারাগার থেকে নয়জন জঙ্গি বন্দি পালিয়েছিল। তারমধ্যে ৬ জন এরইমধ্যে গ্রেফতার হয়েছে। বাকি তিনজন পলাতক। কারা মহাপরিদর্শক বলেন , ধারণক্ষমতার দিগুণেরও অধিক বন্দি কারাগারে রয়েছে। যে কারণে আবাসন একটা বড়ো সমস্যা। বর্তমান যে অবস্থা , তাতে জঙ্গিদের আলাদা করে রাখা যাচ্ছে না। আমাদের লক্ষ্য ছিল , শুধু কারাগার পরিচালনা করা নয়; বরং এমন একটি আধুনিক সংশোধনমূলক সেবা গড়ে তোলার ভিত্তি তৈরি করা, যেখানে নিরাপত্তার পাশাপাশি বন্দিদের সংশোধন ও পুনর্বাসন এবং কারা কর্মকর্তা-কর্মচারীদের পেশাগত মর্যাদা, দক্ষতা ও কল্যাণ সমান গুরুত্ব পাবে। গত ২৪ জুন থেকে ময়মনসিংহ জেলা কারাগারকে `ক্যাশলেস, কারাগার হিসেবে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে উল্লেখ করে তিনি বলেন , এর ফলে কারাগারগুলোতে আরও বেশি স্বচ্ছতা নিশ্চিত করার সুযোগ তৈরি হয়েছে। পাশাপাশি কারা প্রশাসনের কার্যক্রম গতিশীল করতে সদর দপ্তর ও বিভাগীয় পর্যায়ের প্রশাসনিক কাঠামো পুনর্বিন্যাস করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে চালু হলো `অটো ফাইন সিস্টেম,

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন , চট্টগ্রাম থেকে ঢাকার হাইওয়েকে আমরা একটা শৃঙ্খলার মধ্যে আনতে চাই। এই মহাসড়কে মোট ৪৯০টি ক্যামেরা এবং অটো ফাইন সিস্টেমের ব্যবস্থা করেছি। যাতে কেউ স্পিড ব্রেক করলে, স্পিড লিমিট ক্রস করলে , ট্রাফিক আইন ভঙ্গ, উল্টো পথে যাত্রা কিংবা ওভারটেকিং করা অর্থাৎ এক কথায় যেখানে সাইন সিগনাল দেওয়া রয়েছে , তা অমান্য করলে তার ওপর ফাইন আরোপ করা হবে। মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুর ১২টার দিকে সোনারগাঁয়ের মেঘনা ঘাটের হাইওয়ে পুলিশ কমান্ড অ্যান্ড কন্ট্রোল মনিটরিং সেন্টারে আধুনিক কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ক্যামেরা উদ্বোধনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, জরিমানার তথ্য অটোমেটিক বিআরটিএর কাছে চলে যাবে। আর মোবাইল ফোনের মাধ্যমে গাড়ির রেজিস্ট্রেশন থাকা মালিকের কাছে মেসেজ পৌঁছে যাবে। পরবর্তীতে গাড়ির মালিক ইচ্ছা করলেই মোবাইল মনিটরিং কিংবা সিস্টেমের মাধ্যমে ফোনেই ফাইন আদায় করতে পারবেন। তবে এক -দুই বা তিনবার হলে রেজিস্ট্রেশন বাতিল হবে কি না, সেটা বিআরটিএর আইন অনুযায়ী সিদ্ধান্ত হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## খাদ্য খাতে নতুন মাইলফলক, সরকারি গুদামে রেকর্ড মজুত

সরকারের প্রথম ১৮০ দিন উপলক্ষ্যে প্রকাশিত ই -বুকে খাদ্য খাতে নেওয়া বিভিন্ন উদ্যোগ ও অর্জনের তথ্য তুলে ধরা হয়েছে। এতে বলা হয়েছে, খাদ্যনিরাপত্তা নিশ্চিত করা, বাজারে নিত্যপ্রয়োজনীয় খাদ্য পণ্যের সরবরাহ স্বাভাবিক রাখা এবং মূল্য স্থিতিশীল রাখতে সরকার বহুমুখী কার্যক্রম বাস্তবায়ন করছে। খাদ্যশস্যের মজুত বৃদ্ধি , ভর্তুকি মূল্যে খাদ্য সরবরাহ, খাদ্যের মান নিয়ন্ত্রণ এবং আধুনি ক সংরক্ষণ ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে খাদ্য ব্যবস্থাপনায় সক্ষমতা বাড়ানোর উদ্যো গ নেওয়া হয়েছে। ই -বুকে উল্লেখ করা হয়েছে , গত ২৮ জুলাই তথ্য মন্ত্রণালয়ের এক সংবাদ সম্মেলনে জানানো হয় , সরকারি গুদামে দেশের ইতিহাসে সর্বোচ্চ ২৪ লাখ টনের বেশি খাদ্যশস্য মজুত রয়েছে। যেখানে নিরাপদ মজুতের নির্ধারিত পরিমাণ ১৩ লাখ ৫০ হাজার টন। বর্তমান মজুতের মধ্যে প্রায় ১৯ লাখ ৬১ হাজার টন চাল, ২ লাখ ৯৬ হাজার টন গম এবং ১ লাখ ৬৯ হাজার টন ধান রয়েছে। ধানগুলো চাল হিসেবে ব্যবহারযোগ্য। ই-বুকের তথ্য অনুযায়ী , খাদ্যের মানোন্নয়ন, ভেজালবিরোধী অভিযান জোরদার এবং প্রাতিষ্ঠানিক সং স্কারের লক্ষ্যে প্রধানমন্ত্রীর নির্দেশনায় উচ্চপর্যায়ে র খাদ্যনিরাপত্তা কমিটি গঠন করা হয়েছে। খাদ্য পরীক্ষা ও নজরদারি আরও শক্তিশালী করতে আধুনিক পরীক্ষাগার স্থাপন এবং জনবল বৃদ্ধির কার্যক্রমও এগিয়ে চলছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## রাজস্ব আহরণ আত্মনির্ভরশীল রাষ্ট্র বিনির্মাণের পবিত্র ব্রত

রাজস্ব আহরণকে নিছক প্রশাসনিক দায়িত্ব নয়, আত্মনির্ভরশীল রাষ্ট্র বিনির্মাণের পবিত্র ব্রত হিসেবে উল্লেখ করেছেন জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) ভারপ্রাপ্ত চেয়ারম্যান আহসান হাবিব। তিনি বলেন, ২০২৬-২৭ অর্থবছরে এনবিআরের ৬ লাখ ৪ হাজার কোটি টাকার রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে প্রায় ৪৫ শতাংশ প্রবৃদ্ধি প্রয়োজন। এটি বড়ো চ্যালেঞ্জ হলেও দে শের প্রয়োজনেই এ চ্যালেঞ্জ গ্রহণ করেছে এনবিআর। মঙ্গলবার (১৮ আগস্ট) রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত `রাজস্ব সম্মেলন-২০২৬,-এ এসব কথা বলেন তিনি। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী তারেক রহমান, অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী এবং প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর উপস্থিত ছিলেন। আহসান হাবিব বলেন, ক্ষমতায় আসার পরপরই সরকার রাজস্ব আহরণ বাড়াতে এনবিআরে তিন টি টাস্কফোর্স গঠন করেছে। সর্বশেষ ২০২৫-২৬ অর্থবছরের শেষ চার মাস বর্তমান সরকারের নেতৃত্বে পরিচালিত হয়েছে। এ সময়ে এনবিআর এ যাবৎকালের শেষ প্রান্তিকে সর্বোচ্চ রাজস্ব আদায় করেছে। তিনি বলেন, গত পাঁচ দশকে দেশের রাজস্ব প্রায় আড়াই হাজার গুণ বেড়েছে। একই সময়ে রাজস্ব আহরণের কাঠামোতেও বড়ো ধরনের রূপান্তর ঘটেছে। ১৯৭২-৭৩ অর্থবছরে আমদানি শুল্ক থেকে মোট রাজস্বের ৫৫ শতাংশ আসতো। ২০২৫-২৬ অর্থবছরে তা কমে ২৭ শতাংশে নেমেছে। এর অর্থ হচ্ছে, বাংলাদেশ উৎপাদনমুখী শিল্পযাত্রায় এগিয়ে যাচ্ছে। বর্তমানে আয়কর ও ভ্যাট মিলে মোট রাজস্বের ৭৩ শতাংশ জোগান দিচ্ছে উল্লেখ করে তিনি বলেন, অভ্যন্তরীণ সম্পদনির্ভর অর্থনীতির দিকে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## ঘুমের ব্যাঘাত ঘটায় সন্তানকে হত্যার অভিযোগে মা আটক

নোয়াখালীর বেগমগঞ্জে কান্নাকাটি করে ঘুমের ব্যাঘাত ঘটানোয় ১৪ দিন বয়সি সন্তানকে পানিতে ফেলে হত্যার অভিযোগ উঠেছে মায়ের বিরুদ্ধে। এ ঘটনায় মা ফাতেমা বেগমকে (১৯) আটক করেছে পুলিশ। সোমবার (১৭ আগস্ট) রাত ১০টার দিকে উপজেলার মিরওয়ারিশপুর ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের মজুমদারহাট সংলগ্ন বাজার বাড়ির সৌরভের ঘরে এ ঘটনা ঘটে। নিহত নবজাতক ওই এলাকার সৌরভ হোসেনের ছেলে। আটক ফাতেমা বেগম উপজেলার নরোত্তমপুর ইউনিয়নের শরীফ উল্যার মেয়ে। স্থানীয় সূত্র জানায়, গত বছরের নভেম্বরে প্রেমের সম্পর্কের জেরে সৌরভের সঙ্গে ফাতেমার বিয়ে হয়। বিয়ের পর থেকেই তাদের মধ্যে পারিবারিক কলহ চলছিল। সোমবার সন্ধ্যা থেকে নবজাতক নিখোঁজ হলে পরিবারের সদস্যরা ফাতেমাকে জিজ্ঞাসাবাদ করেন। ফাতেমা প্রথমে দাবি করেন, পেছন থেকে মাথায় আঘাত করে অজ্ঞাত কেউ শিশুটিকে নিয়ে গেছে। এক পর্যায়ে তিনি সন্তানকে জিনে নিয়ে গেছে বলেও জানান। এতে পরিবারের সদস্যদের সন্দেহ বাড়লে তারা খোঁজাখুঁজি শুরু করেন। পরে রাত ১০টার দিকে ঘরের কোণে রাখা বৃষ্টির পানি সংরক্ষণের একটি প্লা স্টিকের ড্রাম থেকে নবজাতকের ভাসমান মরদেহ উদ্ধার করা হ য়। পুলিশ জানায়, প্রাথমিক জিজ্ঞাসাবাদে ফাতেমা বেগম স্বীকার করেছেন যে, শিশুটি অতিরিক্ত কান্নাকাটি করত এবং তাকে ঠিকমতো ঘুমাতে দিত না। সন্তান অনবরত বিরক্ত করায় ও ঘুমে ব্যাঘাত ঘটানোয় তিনি ক্ষুব্ধ হয়ে শিশুকে প্লা স্টিকের ড্রামের পানিতে ফেলে দেন। বেগমগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামসুজ্জামান জাগো নিউজকে বলেন, নবজাতকের মরদেহ উদ্ধার করে সুরতহাল শেষে ময়নাতদন্তের জন্য নোয়াখালী জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। সন্তান হত্যার অভিযোগে মাকে পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে। এ ঘটনায় নিহত শিশুর বাবা মামলা করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## সাবেক মন্ত্রী-এমপিদের ফোন ব্যবহার নিয়ে যা বললেন কারা মহাপরিদর্শক

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সাবেক মন্ত্রী ও সংসদ সদস্যদের কারাগারে মোবাইল ফোনে কথা বলার বিষয়ে কারা মহাপরিদর্শক (আইজি প্রিজন) ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মো. মোতাহের হোসেন বলেছেন, গত এক বছরে প্রায় ৩ হাজার মোবাইল জব্দ করা হয়েছে। তিনি বলেন, শতভাগ নিশ্চিত করতে পারছি না যে, তারা (মন্ত্রী ও এমপিরা) মোবাইলে কথা বলছেন না। একইসঙ্গে এর সঙ্গে জড়িত যারা, তাদেরকে ছাড় দিচ্ছি না। আওয়ামী লীগের মন্ত্রী ও এমপিদের কারাগারে কোনো বিশেষ সুবিধা দেওয়া হচ্ছে না। মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুরে রাজধানীর বকশীবাজার কারা অধিদপ্তরে সমসাময়িক ঘটনা ও কারা অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তি নি এসব কথা বলেন। কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের যে -সব মন্ত্রী ও এমপিরা কারাগারে রয়েছেন, তাদের বিরুদ্ধে অভিযোগ রয়েছে কারারক্ষীদের মোবাইল ফোনে তারা কথাবার্তা বলছেন। কাউকে আপনারা চিহ্নিত করতে পেরেছেন কি না? জবাবে কারা মহাপরিদর্শক বলেন, শতভাগ নিশ্চিত করতে পারছি না যে, তারা (মন্ত্রী ও এমপিরা) মোবাইলে কথা বলছেন না। একইসঙ্গে এর সঙ্গে জড়িত যারা, তাদেরকে ছাড় দিচ্ছি না। গত এক বছরে প্রায় ৩ হাজার মোবাইল জব্দ করেছি। এখন এর প্রবণতা কমে এসেছে। এছাড়া অনেকেই আছেন, যাদেরকে আমরা স্পেশাল জোনে রেখেছি, যেখানে জ্যামার রয়েছে। মোবাইল ফোন কারাগারে নিয়ে গেলেও জ্যামারের

কারণে ব্যবহার করতে পারছেন না তারা। কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের মন্ত্রী ও এমপিদের কারাগারে কোনো বিশেষ সুবিধা দেওয়া হচ্ছে না। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## সামুদ্রিক নিরাপত্তা বাড়াতে কোস্ট গার্ড ও নৌপরিবহণের চুক্তি

বাংলাদেশের সামুদ্রিক নিরাপত্তা, পরিবেশ সুরক্ষা ও জরুরি পরিস্থিতিতে সমন্বিত সাড়া জোরদারে বাংলাদেশ কোস্ট গার্ড ও নৌপরিবহণ অধিদপ্তরের মধ্যে সমঝোতা স্মারক সই হয়েছে। মঙ্গলবার (১৮ আগস্ট) রাজধানীর আগারগাঁওয়ে কোস্ট গার্ড সদর দপ্তরে সমঝোতা স্মারক সই শেষে বাংলা দেশ কোস্ট গার্ডের মহাপরিচালক রিয়ার অ্যাডমিরাল মো. জিয়াউল হক এবং নৌপরিবহণ অধিদপ্তরের মহাপরিচালক কমডোর মো. শফিউল বারী চুক্তিতে সই করেন। বাংলাদেশের বিস্তৃত সমুদ্রসীমা, উপকূলীয় অঞ্চল, বন্দর, নৌপথ এবং ক্রমবর্ধমান সামুদ্রিক কার্যক্রমের নিরাপত্তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সরকারি সংস্থাগুলোর মধ্যে কার্যকর সমন্বয় গুরুত্ব পূর্ণ। পাশাপাশি আন্তর্জাতিক সামুদ্রিক কনভেনশনের আওতায় বাংলাদেশের দায়িত্ব যথাযথভাবে বাস্তবায়নের জন্যও প্রয়োজন আন্তঃপ্রাতিষ্ঠানিক সহযোগিতা। নৌপরিবহণ মন্ত্রণালয়ের অধীন নৌপরিবহণ অধিদপ্তর দেশের মেরিটাইম সেফটি অ্যাডমিনিস্ট্রেশন হিসেবে জাহাজের নিরাপত্তা, সামুদ্রিক নিরাপত্তা এবং জাহাজ থেকে সামুদ্রিক দূষণ প্রতিরোধে দায়িত্ব পালন করে। অন্যদিকে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ কোস্ট গার্ড সামুদ্রিক এলাকায় আইন প্রয়োগসহ বিভিন্ন অপারেশনাল কার্যক্রম পরিচালনা করে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## ডিবি পরিচয়ে ব্যবসায়ীকে অপহরণ-কোটি টাকার মালামাল লুট, গ্রেফতার ১

চট্টগ্রাম নগরে গোয়েন্দা পুলিশ (ডিবি) পরিচয়ে ব্যবসায়ীকে অপহরণের অভিযোগ উঠেছে। এছাড়া নগদ টাকা, সোনার গহনা ও মোবাইল ফোনসহ এক কোটি ১৫ লাখ টাকার মালামাল লুটের অভিযোগও রয়েছে। এ ঘটনায় চক্রটির মূলহোতাকে গ্রেফতার করেছে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)। মঙ্গলবার (১৮ আগস্ট) পিবিআইয়ের পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে গ্রে ফতারের বিষয়টি জানানো হয়। গ্রেফতার সাজু মিয়া (৩৭) চক্রটির মূলহোতা বলে জানিয়েছে পিবিআই। গত ১৬ আগস্ট তথ্যপ্রযুক্তির সহায়তায় ধারাবাহিক অভিযান চালিয়ে তাকে গ্রে ফতার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## নারীর ক্ষমতায়নে নিরাপদ যাতায়াত জরুরি: শেখ রবিউল আলম

নারীর ক্ষমতায়ন ও কর্মক্ষেত্রে অংশগ্রহণ বাড়াতে নিরাপদ গণপরিবহণ ব্যবস্থা নিশ্চিত করা জরুরি বলে মন্তব্য সড়ক পরিবহন ও সেতু, রেলপথ এবং নৌপরিবহণ মন্ত্রী শেখ রবিউল আলম। তিনি বলেন, নারীদের নিরাপদ, স্বাচ্ছন্দ্যময় ও মর্যাদাপূর্ণ যাতায়াত নিশ্চিত করতে সরকার নানা উদ্যোগ নিয়েছে। এর অংশ হিসেবে ১৩টি রুটে ১৪টি 'পিংক বাস' চালু করা হয়েছে। পর্যায়ক্রমে বাসের সংখ্যা ও রুট বাড়ানো হবে। মঙ্গলবার (১৮ আগস্ট) সকালে রাজধানীর তেজগাঁওয়ে বিআরটিসি ঢাকা ট্রাক ডিপো প্রাঙ্গণে মহিলা চালক ও মহিলা কন্ডাক্টর দ্বারা পরিচালিত 'পিংক বাস' সার্ভিসের উদ্বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। মন্ত্রী বলেন, নারীদের জন্য নিরাপদ যাতায়াত ব্যবস্থা শুধু তাদের চলাচলের সুবিধা নয়, দেশের অর্থনীতি ও পরিবার পরিচালনায় নারীদের গুরুত্বপূর্ণ অবদান নিশ্চিত করার অন্যতম পূর্বশর্ত। বাসে ওঠা, যাতায়াত ও নামার প্রতিটি ধাপে নারীদের জন্য নিরাপদ ও স্বস্তিদায়ক পরিবেশ তৈরি করতে হবে। তিনি জানান, প্রাথমিকভাবে ঢাকা, চট্টগ্রাম ও বগুড়ায় মোট ১৩টি রুটে ১৪টি নতুন বাস চালু করা হচ্ছে। ঢাকায় ১০টি রুটে ১০টি বাস, চট্টগ্রামে দুটি এবং বগুড়ায় দুটি রুটে দুটি দ্বিতল বাস চলবে। ভবিষ্যতে বাসের সংখ্যা বাড়ানোর পাশাপাশি রুটের পরিধিও আরও সম্প্রসারণ করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## কাতারের উদ্দেশ্যে ঢাকা ছাড়লেন পররাষ্ট্রমন্ত্রী

দুইদিনের সরকারি সফরে কাতারের উদ্দেশ্যে ঢাকা ছেড়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। মঙ্গলবার (১৮ আগস্ট) ভোরে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে কাতারের উদ্দেশ্যে রওয়ানা হন তিনি। দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মো. কামরুল ইসলাম ভুঁইয়া এ তথ্য জানান। পররাষ্ট্রমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে প্রতিনিধি দলে প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনাবিষয়ক উপদেষ্টা, পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা এবং বিদ্যুৎ প্রতিমন্ত্রীসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা রয়েছেন। সফর শেষে বুধবার (১৯ আগস্ট) রাতে পররাষ্ট্রমন্ত্রীর দেশে ফেরার কথা রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## ভুয়া র‌্যাব-ডিবি পরিচয়ে ডাকাতি করতো চক্রটি

সাভারের রামচন্দ্রপুর এলাকা থেকে বিদেশি আগ্নেয়াস্ত্র, গুলি, হ্যান্ডকাফ, ওয়াকিটকি সেটসহ শীর্ষ সন্ত্রাসী ও ডাকাত দলের প্রধান মো.আব্দুল হাকিম জোমাদ্দার হাইক্কা ডাকাতকে গ্রেফতার করেছে র‌্যাব-৪। র‌্যাব বলছে, গ্রেফতার হাইক্কা ডাকাতের নেতৃত্বে সংঘবদ্ধ চক্রটি দেশের বিভিন্ন জেলায় ভুয়া ডিবি পুলিশ ও র‌্যাব পরিচয়ে ডাকাতি ও ছিনতাই করে আসছিল। প্রায় ১৩ মাস আগে টাঙ্গাইলে ডাকাতি করতে গিয়ে গ্রেফতার হন তিনি এবং গত ২৩ দিন আগে জামিনে

মুক্তি পেয়ে আবারও ছিনতাই, ভুয়া র্যাব-পুলিশ পরিচয়ে ডাকাতির কার্যক্রম চালিয়ে আসছিলেন। তার বিরুদ্ধে দেশের বিভিন্ন থানায় হত্যা, ডাকাতি, ছিনতাই, চাঁদাবাজি, অস্ত্র ও মাদকসহ ১৮টির বেশি মামলা রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## বিষাক্ত গ্যাসে ৯ শ্রমিকের মৃত্যু; ৩ দিন পর পুলিশের অপমৃত্যু মামলা

চট্টগ্রামের সীতাকুণ্ডে ফেরদৌস স্টিল শিপ রিসাইক্লিং ইয়ার্ডে বিষাক্ত গ্যাসে ৯ শ্রমিকের মৃত্যুর চারদিন পর অপমৃত্যু মামলা করেছে পুলিশ। সোমবার (১৭ আগস্ট) নিহতদের পরিবারের পক্ষ থেকে মামলা না করায় সীতাকুণ্ড থানায় পুলিশ বাদী হয়ে মামলাটি করে। এদিকে, সোমবার শিল্প মন্ত্রণালয়, চট্টগ্রাম জেলা প্রশাসন ও বাংলাদেশ শিপ ব্রেকার্স অ্যান্ড রিসাইক্লার্স অ্যাসোসিয়েশনের (বিএসবিআরএ) গঠিত ত দন্ত কমিটির সদস্যরা সোমবার জাহাজটি পরিদর্শন করেন। তাদের সঙ্গে বুয়েটের বি শেষজ্ঞ, বিস্ফোরক অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর, নৌ মন্ত্রণালয় ও ফায়ার সার্ভিসের কর্মকর্তারাও ছিলেন। সোমবার বিশেষ নিরাপত্তাব্যবস্থা নিয়ে দুর্ঘটনাকবলিত জাহাজে প্রবেশ করেন বিশেষরা। জাহাজের ভেতরে এখনো বিষাক্ত গ্যাস থাকার আশঙ্কা থাকায় এতদিন তদন্ত কমিটির সদস্যরা সেখা নে প্রবেশ করতে পারেননি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## জলাবদ্ধতা ও গ্যাস-বিদ্যুৎ সংকটের স্থায়ী সমাধান দাবি জামায়াতের

চট্টগ্রাম নগরের জলাবদ্ধতা, গ্যাস-বিদ্যুৎ সংকট ও আইন -শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে কার্যকর ও টেকসই পদক্ষেপ নেওয়ার দাবি জানিয়েছে বাংলাদে শ জামায়াতে ইসলামী। একইসঙ্গে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি নি য়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আহ্বানও জানিয়েছে দলটি। মঙ্গলবার (১৮ আগস্ট) নগরের দেওয়ানবাজার এলাকায় চট্টগ্রাম মহানগর জামায়াতে ইসলামীর কার্যালয়ে বিশেষ কর্মপরিষদ বৈঠকে এসব দাবি জানানো হয়। বৈঠকে সভাপতির বক্তব্যে নগর জামায়াতের আমির ও জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য মুহাম্মদ নজরুল ইসলাম বলেন, চট্টগ্রাম মহানগরীর জলাবদ্ধতা, তীব্র গ্যাসসংকট, বিদ্যুৎ সংকট এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতিতে নগরবাসী র দুর্ভোগ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তিনি বলেন, জনদুর্ভোগ লাঘবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কার্যকর ও টেকসই পদক্ষেপ নিতে হবে। জলাবদ্ধতার স্থায়ী সমাধানে নগরের খাল -নালা দখল ও ভরাটমুক্ত করার পাশাপাশি নিয়মিত পরিষ্কার -পরিচ্ছন্নতার ব্যবস্থা করতে হবে। গ্যাস ও বিদ্যুৎ সংকট নিরসনে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার পাশাপাশি আইনশৃঙ্খলা পরি স্থিতির উন্নয়নে কঠোর পদক্ষেপ নেওয়ারও দাবি জানান তিনি। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে উদ্বেগ প্রকাশ করে নগর জামায়াতের আমির বলেন, নিত্যপ্রয়োজনীয় পণ্যের লাগামহীন মূল্যবৃদ্ধিতে সাধারণ মানুষের জীবনযাত্রা কঠিন হয়ে পড়েছে। বাজারে পণ্যের মূল্য নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষে প নেওয়ার পাশাপাশি নিম্ন ও মধ্যবিত্ত মানুষের ক্রয়ক্ষমতা বিবেচনায় প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। নেতা -কর্মীদের উদ্দেশ্যে তিনি বলেন, জনসম্পৃক্ততা আরও বাড়িয়ে জনগণের সমস্যা চিহ্নিত ও তা সমাধানে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## খিলক্ষেতের সন্ত্রাসবিরোধী মামলায় মেজর সাদিক গ্রেফতার

রাজধানীর খিলক্ষেত থানার সন্ত্রাসবিরোধী আইনে দায়ের করা মামলায় সাবেক মেজর মো . সাদিকুল হককে গ্রেফতার দেখানোর আদেশ দিয়েছেন আদালত। কারাগারে থাকা এই সাবেক সেনা কর্মকর্তাকে নতুন মামলায় গ্রেফতার দেখানো হলো। মঙ্গ লবার (১৮ আগস্ট) মামলার তদন্ত কর্মকর্তার আবেদনের পরি প্রেক্ষিতে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুর রহমান এ আদেশ দেন। এর আগে, রোববার সন্ধ্যায় খিলক্ষেত থানার মামলায় মেজর সাদিককে গ্রেফতার দেখানোর আবেদন করেন তদন্ত কর্মকর্তা উপপরিদর্শক (এসআই) মো. শাহজালাল। পরে আদালত আবেদনের ওপর শুনানির জন্য মঙ্গলবার দিন ধার্য করেছিলেন। আদালতের নথি অনুযায়ী, সেনাবাহিনী থেকে চাকরিচ্যুত মেজর সাদিককে ২০২৪ সালের ২৯ অক্টোবর সামরিক আদালত তিন মাসের কারাদণ্ড দেন। এরপর তাকে কারাগারে পাঠানো হয়। পরে রাজধানীর ভাটারা থানায় সন্ত্রাসবিরোধী আ ইনে দায়ের করা একটি মামলাতেও তাকে গ্রেফতার দেখানো হয়। সেই থেকে তিনি কারাগারে রয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## রাষ্ট্রপতি নির্বাচনে কীভাবে ভোট দেবেন সংসদ সদস্যরা, জানালেন ইসি সচিব

রাষ্ট্রপতি নির্বাচনে ক্ষমতাসীন দল ও বিরোধী জোটের দুই প্রার্থীর মনো নয়ন ফরম বৈধ হওয়ার পর নির্ধারিত সময়ের মধ্যে কেউ প্রত্যাহার করেননি। ফলে ৩৫ বছর পর আবারও রাষ্ট্রপতি পদে সরাসরি ভোট হতে যাচ্ছে। আগামী ২০ আগস্ট জাতীয় সংসদের অধিবেশন কক্ষে ভোট দেবেন সংসদ সদস্যরা। রাষ্ট্রপতি নির্বাচনে সংসদ সদস্যরা কীভাবে ভোট দেবেন, ব্যালট কীভাবে গ্রহণ ও পূরণ করবেন এবং ভোট গণনা শেষে কীভাবে ফল ঘোষণা হবে, তা জানিয়েছেন নির্বাচন কমিশনের (ইসি) সচিব আখতার আহমেদ। মঙ্গলবার (১৮ আগস্ট) আগারগাঁওয়ে নির্বাচন কমিশনে এক সংবাদ সম্মেলনে তিনি এসব তথ্য জানান। ইসি সচিব বলেন, রাষ্ট্রপতি নির্বাচন আইন, ১৯৯১ অনুযায়ী মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ সময় মঙ্গলবার বিকেল ৪টা পর্যন্ত ছিল। নির্ধারিত সময়ের মধ্যে কোনো প্রার্থী মনোনয়নপত্র প্রত্যাহার করেননি। ফলে আগামী ২০ আগস্টের নির্বাচনে বিএনপির প্রার্থী মির্জা ফখরুল ইসলাম

আলমগীর এবং জামায়াতের নেতৃত্বাধীন ১১ দলীয় ঐক্যের প্রার্থী কর্নেল (অব.) অলি আহমদ প্রতিদ্বন্দ্বিতা করবেন। তিনি জানান, আগামী ২০ আগস্ট দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত জাতীয় সংসদের সংসদ কক্ষে ভোটগ্রহণ করা হবে। ভোট শুরুর আগে নির্বাচন কর্তা প্রধান নির্বাচন কমিশনার ভোটগ্রহণের পদ্ধতি সম্পর্কে সংসদ সদস্যদের অবহিত করবেন। এরপর ভো ট গ্রহণ শুরু হবে। ভোট দেওয়ার প্রক্রিয়া তুলে ধরে আখতার আহমেদ বলেন , ব্যালট পেপারের দুটি অংশ থাকবে। একটি মুড়ি অংশ এবং অন্যটি মূল ব্যালট পেপার। মুড়ি অংশে থাকবে ক্রমিক নম্বর , ভোটদানকারী সংসদ সদস্যের নাম এবং বি ভক্তি নম্বর। এর নিচে একটি নির্দিষ্ট স্থানে সংশ্লিষ্ট সংসদ সদস্য পূর্ণ নাম লিখে স্বাক্ষর করবেন। এরপর ব্যাল ট পেপার গ্রহণ করবেন। মূল ব্যালট পেপারের ডান পাশে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম বাংলা বর্ণমালার আদ্যাক্ষর অনুযায়ী মুদ্রিত থাকবে। প্রার্থীদের নামের পাশে নির্ধারিত স্থানে সংসদ সদস্যরা পূর্ণ নাম লিখে স্বাক্ষর করে ভোট দেবেন। ভোট দেওয়ার পর নির্ধারিত ব্যালট বাক্সে ব্যালট পেপার জমা দিতে হবে। বিকেল ৫টা পর্যন্ত ব্যালট গ্রহণ করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## তারেক রহমান নিজের জন্য গর্ত খুঁড়ছেন: ভারতের সাবেক পররাষ্ট্র সচিব

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের কঠোর সমালোচনা করেছেন ভারতের সাবেক পররাষ্ট্র সচিব কানওয়াল সিবাল। সম্ভাব্য ভারত সফরের সঙ্গে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রত্যর্পণের বিষয়টি যুক্ত করায় তিনি তারেক রহমানের সমালোচনা করেন। সোমবা র (১৭ আগস্ট) সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে কানওয়াল সিবাল বলেন, "তারেক রহমান এমন এক গর্ত খুঁড়ছেন , যেখান থেকে আর বের হতে পারবেন না। „ ভারতের এই সাবেক কূটনীতিক বলেন, "তারেক রহমানের ভারত সফরকে হাসিনার প্রত্যর্পণের সঙ্গে যুক্ত করাটা কঠোর অবস্থান। এটি কূটনীতি নয়, এটি খামখেয়ালিপনা। আলোচনার জন্য একটি দরজা খোলা রাখা উচিত ছিল। „ কানওয়াল সিবাল আরও বলেন, "ভারতের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানও একই ধরনের ভুল করেছিলেন।„ বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে , প্রধানমন্ত্রী তা রেক রহমানের ভারত সফরের সম্ভাবনা নিয়ে দুই দেশের কর্মকর্তারা কয়েক সপ্তাহ ধরে যোগাযোগ করছিলেন। তবে গত ৫ আগস্ট নয়াদিল্লিতে শেখ হাসিনার প্রকাশ্য বক্তব্যের পর সেই প্রক্রিয়া বিঘ্নিত, হয়েছে বলে জানিয়েছে ঢাকা। বাংলাদেশের পক্ষ থেকে ভারতকে শেখ হাসিনা এবং অন্যান্য পলা তক আসামিকে দ্রুত প্রত্যর্পণের অনুরোধ জানানো হয়েছে। এছাড়া দ্বিপক্ষীয় প্রত্যর্পণ চুক্তির আওতায় শরীফ ওসমান হাদির হত্যা মামলার আসামিদেরও হস্তান্তরের অনুরোধ করে বাংলাদেশ। পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, এসব বিষয়ে ভারতের জবাবের অপেক্ষায় ঢাকা। ২০২৪ সালের আগস্টে ক্ষ মতাচ্যুত হওয়ার পর থেকে শেখ হাসিনা ভারতে অবস্থান করছেন। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে নয়াদিল্লিতে অনুষ্ঠিতব্য ব্রিকস সম্মেলনে যোগ দেওয়ার জন্য আমন্ত্রণ জানিয়েছেন। এখন পর্যন্ত মোদী তাকে দুবার আমন্ত্রণ জানিয়েছেন। প্রথম আমন্ত্রণটি সরাসরি তারেক রহমানের কাছে পৌঁছে দেন ভারতের লোকসভার স্পিকার ওম বিড়লা। ঢাকায় তারেক রহমানের সঙ্গে বৈঠকের সময় তিনি ওই আমন্ত্রণ জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## কয়েক মাসের মধ্যে স্বাভাবিক হবে বাংলাদেশ-ভারত বাণিজ্য

বাংলাদেশ ও ভারতের মধ্যে সাম্প্রতিক বাণিজ্যিক বিধি -নিষেধসহ দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়েছে। আগামী কয়েক মাসের মধ্যে দুই দেশের বাণিজ্যিক কার্যক্রম আগের অবস্থায় ফিরিয়ে নিতে ইতিবাচক অগ্রগতির বিষয়ে বৈঠকে আলোচনা হয়। মঙ্গলবার (১৮ আগস্ট) সচিবালয়ে কনফেডা রেশন অব ইন্ডিয়ান ইন্ডাস্ট্রির (সিআইআই) প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকের পর বাণিজ্য মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বৈঠকে বিভিন্ন পণ্য প্রবেশে বাধা , বন্ধ স্থলবন্দর চালু, বিদ্যমান বাণিজ্যিক সমস্যা এবং ভবিষ্যৎ সহযোগিতার বিভিন্ন দিক নিয়েও আলোচনা হয়। বৈঠকে সিআইআই প্রতিনিধিদলের নেতৃত্ব দেন সংগঠনটির ডিরেক্টর জেনারেল চন্দ্রজিৎ ব্যানার্জি। ভৌগোলিক নৈকট্যকে অর্থনৈতিক সুবিধায় রূপান্তর করে বাংলাদেশ ও ভারতের মধ্যে বাণিজ্য , বিনিয়োগ ও শিল্প সহযোগিতা বাড়ানোর ওপর গুরুত্ব দিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মু ক্তাদির। তিনি বলেন, দুই দেশের অর্থনৈতিক সম্ভাবনা কাজে লাগাতে বাণিজ্যিক প্রতিবন্ধকতা দূর করে স্বাভা বিক বাণিজ্য পরিবেশ ফিরিয়ে আনতে হবে। পাশাপাশি ভিসা প্রক্রিয়া সহজ করা এবং বেসরকারি খাতকে সম্পৃক্ত করে দীর্ঘমেয়াদি অর্থনৈতিক অংশীদারত্ব গড়ে তোলার উপরও গুরুত্ব দে ন তিনি। বাণিজ্যমন্ত্রী বলেন , আয়তন, জনসংখ্যা ও অর্থনীতির আকারে পার্থক্য থাকলেও বাংলাদেশ ও ভারতের ভৌগোলিক বাস্তবতা পারস্পরিক সহযোগিতার বড়ো সুযোগ তৈরি করেছে। বিশেষ করে বাংলাদেশের অবস্থান ও ভারতের উত্তর -পূর্বাঞ্চলকে ঘিরে বাণিজ্য, যোগাযোগ ও বিনিয়োগ সম্প্রসারণে র সম্ভাবনা রয়েছে। দক্ষিণ এশিয়ার দেশগুলোর সম্মিলিত অর্থনীতি বড়ো হলেও আন্তঃআঞ্চলিক বাণিজ্য তুলনামূলক কম উল্লেখ করে তিনি বলেন , অর্থনৈতিক সংযোগ বাড়ানো গেলে শিল্পায়ন , বিনিয়োগ ও কর্মসংস্থানে নতুন সুযোগ তৈরি হবে। বাংলাদেশ ও ভারতের মধ্যে সাম্প্রতিক বাণিজ্যিক বিধিনি ষেধের বিষয়ে বাণিজ্যমন্ত্রী বলেন , দুই দেশের

বাণিজ্যকে আগের স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার বিষয়ে আলোচনা প্রয়োজন। তিনি আশা প্রকাশ করেন , আগামী কয়েক মাসের মধ্যে এ বিষয়ে ইতিবাচক অগ্রগতি হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## কারাগারে নিরাপত্তা জোরদারে এআই সিসিটিভি, বডি ক্যামেরা

কারাগারের নিরাপত্তা ব্যবস্থা প্রযুক্তিনির্ভর করতে কারা অধিদপ্তর এআইনির্ভর সিসি টিভি, বডি ক্যামেরা, বডি স্ক্যানার, লাগেজ স্ক্যানার, মোবাইল ডিটেক্টর ও মোবাইল জ্যামিং সিস্টেমসহ বিভিন্ন প্রযুক্তির ব্যবহার শুরু করেছে বলে জানিয়েছেন কারা মহাপরিদর্শক মোতাহের হোসেন। পাশাপাশি কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি ও কার্যক্রম পর্যবেক্ষণে ডিজিটাল অ্যাটেনডেন্স সিস্টেম ও টিম ট্র্যাকার চালু করা হয়েছে বলেও জানান তিনি। মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুরে রাজধানীর বকশীবাজার কারা অধিদপ্তরে সমসাময়িক ঘটনা ও কারা অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। কারা মহাপরিদর্শক বলেন , ২০২৪ সালের আগস্টে কারা বিভাগের দায়িত্ব গ্রহণের পর কারা ব্যবস্থাপনা আরও আধুনিক , মানবিক, স্বচ্ছ, প্রযুক্তিনির্ভর ও জবাবদিহিমূলক প্রতিষ্ঠানে রূপান্তরের লক্ষ্যে বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়। এর অংশ হিসেবে কারাগারের নিরাপত্তা ব্যবস্থায় প্রযুক্তির ব্যবহার বাড়ানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## কারাগারে থাকা মুজিব পরদেশী এবার পুরোনো সাজাপ্রাপ্ত মামলায় গ্রেফতার

চেক ডিজঅনারের এক মামলায় কারাগারে থাকা লোকসংগীত শিল্পী , সুরকার ও সংগীত পরিচালক মুজিব পরদেশীকে আরও একটি পুরোনো সাজাপ্রাপ্ত মামলায় গ্রেফতার দেখানোর আদেশ দিয়েছেন আ দালত। এ মামলায় তাকে প্রায় ১৯ বছর আগে এক বছরের কারাদণ্ড দেওয়া হয়েছিল। মঙ্গলবার (১৮ আগস্ট) বাদীপক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকার পঞ্চম যুগ্ম মহানগর দায়রা জজ সা দিক আহম্মেদ এ আদেশ দেন। আদালতের বেঞ্চ সহকারী শাহ আলম মিয়া জানান, মজিবুর রহমানের করা মামলায় ২০০৭ সালের ২১ নভেম্বর মুজিব পরদেশীকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়। একইসঙ্গে তাকে ৮ লাখ ৮০ হাজার টাকা অর্থদণ্ড করা হয়।(জাগো নিউজ ওয়েব পেজ :১৮.০৮.২০২৬ রিহাব)

## হামের উপসর্গে আরও ৩ শিশুর মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে ৩ শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে হা ম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে ১ হাজার ৬১ শিশু। মঙ্গলবার (১৮ আগস্ট) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তি তে জানানো হয়েছে , গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৩ শিশুর মৃত্যু হয়েছে। তবে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারাদেশে হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে মোট ৮১৯টি শিশুর। হামে আক্রান্ত হয়ে আরও ৯৯টি শিশু প্রাণ হারিয়েছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে এই সময়ে মোট ৯১৮টি শিশু মারা গেছে। এছাড়া ২৪ ঘণ্টায় ৫৯টি শিশু হামে আক্রান্ত হয়েছে, আর হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা ১ হাজার ২। এই সময়ে ৯০৩ শিশু নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে, আর হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ৯৬৭ শিশু। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বলছে , ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ১ লাখ ৪৪ হাজার ৭৮০, আর নিশ্চিত হাম রোগীর সংখ্যা ১৭ হাজার ৯৮৯। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে মোট ১ লাখ ২৬ হাজার ২৮৯ রোগী, যাদের মধ্যে ১ লাখ ২১ হাজার ৮৮০ জন ছাড়পত্র পেয়ে ইতোমধ্যে বাড়ি ফিরেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## উপজেলায়ই মিলবে চোখের উন্নত চিকিৎসা : স্বাস্থ্য প্রতিমন্ত্রী

দেশের প্রতিটি উপজেলায় নির্মাণাধীন ১৫১ শয্যার পূর্ণাঙ্গ হাসপাতালে চোখের চিকিৎসার জন্য আলাদা আউটডোর , ইনডোর ও অপারেশন থিয়েটার সুবিধা চালু করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী ড. এম এ মুহিত। তিনি জানান, দেশে প্রায় ১০ লাখ ছানি অপারেশন , কয়েক কোটি চশমা বিতরণ এবং ডায়াবেটিক রেটিনোপ্যাথির চিকিৎসার লক্ষ্য নিয়ে একটি সমন্বিত `ন্যাশনাল আই কেয়ার প্ল্যান , চূড়ান্ত করছে সরকার। মঙ্গলবার (১৮ আগস্ট) সকালে রাজধানীর হোটেল ইন্টার-কন্টিনেন্টালের রূপসী বাংলা গ্র্যান্ড বলরুমে বিশ্ব স্বাস্থ্য সং স্থার `হু স্পেকস ২০৩০ ইনিশিয়েটিভ-এর আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ তথ্য জানান তিনি। এর মধ্যদিয়ে বাংলাদেশে আনুষ্ঠানিকভাবে উদ্যোগটির কার্যক্রম শুরু হলো। স্বাস্থ্য খাতে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে উপজেলা পর্যায় পর্যন্ত আধুনিক চক্ষু সেবা পৌঁছে দিতে সরকার বদ্ধপরিকর বলে জানিয়েছেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী ড. মুহিত।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## চাঁপাইনবাবগঞ্জে সড়ক দুর্ঘটনায় চারজন মোটরসাইকেল আরোহী নিহত

চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জে পৃথক সড়ক দুর্ঘটনায় চারজন মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। মঙ্গলবার (১৮ আগস্ট) ভোরে উপজেলার মুসলিমপুর ও দুপুরে কানসাট এলাকায় দুর্ঘটনা দুটি ঘটে। নিহতরা হলেন - শিবগঞ্জ উপজেলার বালিয়াদিঘি গ্রামের জমির উদ্দিনের ছেলে আবু হায়াত ও সা দিকুল ইসলামের ছেলে হাবিবুর রহমান এবং

শেখটোলা মহল্লার এরফান আলীর ছেলে আসাদ আলী ও জাফর আলীর ছেলে জাবের আলী। পুলিশ ও স্থানীয়রা জানান, সকালে সোনামসজিদ স্থলবন্দরের কাজ শেষে আবু হায়াত ও হাবিবুর রহমান মোটরসাইকেলযোগে বাড়ি ফিরছিলেন। পথে শিবগঞ্জ -সোনামসজিদ স্থলবন্দর সড়কের একটি নির্মাণাধীন কালভার্টের সঙ্গে তাদের মোটরসাইকেলটির ধাক্কা লাগে। এতে দু -জনই গুরুতর আহত হন। স্থানীয়রা তাদের উদ্ধার করে শিবগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক দুজনকেই মৃত ঘোষণা করেন। অন্যদিকে , দুপুরে কানসাট এলাকায় একটি ট্রাককে ওভারটেক করার সময় বিপরীত দিক থেকে আসা আরেকটি ট্রাকের সঙ্গে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই আসাদ আলী নিহত হন। গুরুতর আহত জাবের আলীকে হাসপাতালে নেওয়ার পথে তিনিও মারা যান। শিবগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মতিউর রহমান জানান, ভোরে নিহত দুজনের মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। দুপুরের দুর্ঘটনায় নিহত দু -জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। আইনি প্রক্রিয়া শেষে তাদের মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## ২০২৫ সালে ১৮৭ ও চলতি বছরে ১২২ কারাবন্দি মারা গেছেন : আইজি প্রিজন

গণ-অভ্যুত্থানের পর ঢাকাসহ বিভিন্ন কারাগারে বন্দিদের মৃত্যুর ঘটনায় চিকিৎসার অভাব বা অবহেলার অভিযোগ নাকচ করেছেন কারা মহাপরিদর্শক (আইজি প্রিজন) ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মো . মোতাহের হোসেন। তিনি বলেন , চিকিৎসায় আমাদের কোনো গাফিলতি নেই। বর্তমানে ঢাকা ও দেশের বিভিন্ন বিশেষায়িত হাসপাতালে ১২২ জন বন্দি কারাগারের বাইরে চিকিৎসা নিচ্ছেন। অসুস্থ হয়ে ২০২৫ সালে ১৮৭ জন বন্দির মৃত্যু হয়েছে। চলতি বছর এখন পর্যন্ত ১২২ জন বন্দির মৃত্যু হয়েছে। মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুরে পুরান ঢাকার বকশীবাজারে কারা অধিদপ্তরে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। বন্দিদের স্বাস্থ্যসেবা বিষয়ে আইজি প্রিজন বলেন, কারাগারে চিকিৎসক সংকট রয়েছে। মোট ১৫১টি চিকিৎসক পদের বিপরীতে বর্তমানে মাত্র দু -জন চিকিৎসক কর্মরত। অন্যান্য কারাগারে অস্থায়ীভাবে সিভিল সার্জনের মাধ্যমে চিকিৎস ক পাওয়া যাচ্ছে। তারা অন্য জায়গায় কর্মরত থাকায় কারাগারে পূর্ণকালীন সময় দিতে পারেন না। তিনি বলেন , ১০১ জন সিভিল সার্জন বিভিন্ন কারাগারে চিকিৎসাসেবায় যুক্ত। বর্তমানে প্রায় সব কারাগারেই ফার্মাসিস্ট অথবা মেডিকেল /ডিপ্লোমা কোয়ালিফাইড লোক রয়েছেন। সম্প্রতি পিএসসি থে কে ৫৫ জন নার্স নিয়োগের আদেশ হয়েছে। শিগ্ গির তারা যোগ দেবেন বলে আশা করছেন তিনি। সম্প্রতি পুলিশের বিশেষ অভিযানে গ্রেফতার বাড়ায় কারাগারে বন্দি ব্যবস্থাপনা নিয়ে ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মো . মোতাহের হোসেন বলেন , সাধারণত প্রায় ৮০ হাজার বন্দি নিয়ে কাজ করে কারা বিভা গ। বর্তমানে বন্দির সংখ্যা বেড়ে প্রায় ৯৮ হাজার হয়েছে। গতকালের তথ্য অনুযায়ী প্রতিদিন প্রায় ২ হাজার ৭৯৬ জন বন্দি আসছেন এবং প্রায় ৩ হাজার বেরিয়ে যাচ্ছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## চা শ্রমিকদের জন্য ২০ হাজার রেইনকোট বিতরণ শুরু

সিলেট বিভাগের চা-বাগান শ্রমিকদের মধ্যে বেসরকারি খাতের সিএসআর তহবিলের সহায়তায় ২০ হাজার রেইনকোট বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুরে বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ১০ জন চা -শ্রমিকের হাতে রেইনকোট তুলে দিয়ে এ কার্যক্রমে র সূচনা করেন প্রধানমন্ত্রী। এ সময় তিনি শ্রমিকদের খোঁজ-খবর নেন। প্রধানমন্ত্রীর সহকারী প্রেস সচিব আব্দুল্লাহ আল মাহমুদ শাহরিয়ার (পামির) এ তথ্য জানান। সিলেট , মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার চা -বাগানগুলোতে কর্মরত শ্রমিকদের প্রতিকূল আবহাওয়া থেকে সুরক্ষা এবং নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে এ কার্যক্রম নেওয়া হয়েছে। এ উদ্যোগের আওতায় মোট ২০ হাজার রেইনকোট বিতরণ করা হবে। এর মধ্যে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ (বাপি) ১০ হাজার, শেভরন বাংলাদেশ ৫ হাজার এবং পাঞ্জুঘর গ্রুপ ৫ হাজার রেইনকোট দেবে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন , সমাজের সবাই একটু একটু করে এগিয়ে এ লে অনেক বড়ো সমস্যার সমাধান করা সম্ভব। মানবিক ও সামাজিক উদ্যোগে বেসরকারি খাতকে সরকারের সহযোগিতার আশ্বাস দিয়ে তিনি বলেন, যারা এ ধরনের কাজ করতে চান , সরকার তাদের পাশে আছে এবং প্রয়োজনীয় সহযোগিতা করবে। বেসরকারি খাতের প্রতিনিধিরা বলেন , ব্যবসায়িক কর্মকাণ্ডের পাশাপাশি সমাজের পিছিয়ে পড়া ও শ্রমজীবী মানুষের কল্যাণে দায়িত্বশীল ভূমিকা পালন করাও বেসরকারি খাতের সামাজিক দায়বদ্ধতার অংশ। সরকারের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে ভবিষ্যতেও চা -শ্রমিকসহ বিভিন্ন প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান ও কর্মপরিবেশের উন্নয়নে এ ধরনের উদ্যোগে সম্পৃক্ত থাকার আগ্রহ প্রকাশ করেন তারা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## বাংলাদেশ জেলের নাম পরিবর্তনের উদ্যোগ

বাংলাদেশ জেলের নাম পরিবর্তন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন কারা মহাপরিদর্শক মোতাহের হোসেন। তিনি জানান , কারাগারের মূল দর্শনকে আরও সংশোধন ও পুনর্বাসনমুখী করার লক্ষ্যে বাংলাদেশ জেলের নাম পরিবর্তন করে 'Custodial and Correction Service Bangladesh' করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুরে রা জধানীর বকশীবাজার কারা অধিদপ্তরে সমসাময়িক ঘটনা ও কারা

অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম নিয়ে আয়োজিত সংবা দ সম্মেলনে এ তথ্য জানান তিনি। তিনি বলেন , এ বিষয়ে নীতিগত কার্যক্রম চলমান রয়েছে। একইসঙ্গে বর্তমান সময়ের প্রয়োজন ও আধুনিক কারা ব্যবস্থাপনার সঙ্গে সামঞ্জস্য রেখে কারা বিভাগের আইন ও বিধিবিধানকে যুগোপযোগী করার উদ্যোগ নেওয়া হয়েছে। এ লক্ষ্যে 'Custodial and Correction Service Act-2025'-এর খসড়া প্রণয়ন করে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। কারাগারের নিরাপত্তা ব্যবস্থা প্রযুক্তিনির্ভর করতে কারা অধিদপ্তর এআই -নির্ভর সিসিটিভি, বডি ক্যামেরা, বডি স্ক্যানার, লাগেজ স্ক্যানার, মোবাইল ডিটেক্টর ও মোবাইল জ্যামিং সিস্টেমসহ বিভিন্ন প্রযুক্তির ব্যবহার শুরু করেছে বলেও জানান কারা মহাপরিদর্শক। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## স্থানীয় নির্বাচনে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে কমিটি : আইজিপি

স্থানীয় সরকার নির্বাচনে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সমন্বয় কমিটি গঠন করা হবে বলে জানিয়েছেন পুলিশ প্রধান মো. আলী হোসেন ফকির। প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এএমএম নাসির উদ্দিনের সঙ্গে সাক্ষাৎ শেষে তিনি এ কথা বলেন। মঙ্গলবার (১৮ আগস্ট) নির্বাচন ভবনে সিইসির সঙ্গে সাক্ষাৎ করেন তিনি। সাক্ষাৎ শেষে আইজিপি সাংবাদিকদের বলেন, আসন্ন স্থানীয় নির্বাচনের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ঠিক রাখতে সিইসির সঙ্গে আলোচনা হয়েছে। বাহিনীর পক্ষ থেকে শিগ্ গির বিস্তারিত ইসিকে অগ্রগতি জানানো হবে। আগামী অক্টোবর থেকে স্থানীয় সরকা র নির্বাচনের প্রস্তুতি নিচ্ছে ইসি। এক্ষেত্রে ইউনিয়ন পরিষদ নির্বাচনের মাধ্যমে স্থানীয় সরকার নির্বাচন শুরু হতে পারে। প্রায় ১ ঘণ্টার বৈঠকে স্থানীয় সরকার নির্বাচনের প্রস্তুতি ও আইন -শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। বাহিনীর পক্ষ থেকে একটি সমন্বয় কমিটি গঠনে র সিদ্ধান্ত হয়। এই কমিটি মাঠ পরিস্থিতি নিয়ে কমিশনকে বিস্তারিত তুলে ধরবে বলে জানান আইজিপি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## খালেদা জিয়া রাজনীতিতে উন্নত নৈতিকতার প্রতীক: রিজভী

সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া রাজনীতিতে উন্নত নৈতিকতার প্রতীক বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা অ্যাডভোকেট রুহুল কবির রিজভী। তিনি বলেন , খালেদা জিয়ার দেখানো সংগ্রাম, আন্দোলন, আদর্শ ও অঙ্গীকারের পথ অনুসরণ করে সামনে এগিয়ে যেতে হবে। তিনি যে 'অপরাজেয় পতাকা, বিএনপির নেতা -কর্মীদের হাতে তুলে দিয়ে গেছেন , তা বহন করে যেতে হবে। মঙ্গলবার (১৮ আগস্ট) রাজধানীর মতিঝিল এজিবি কলোনিতে ঢাকা মহানগ র দক্ষিণ বিএনপি আয়োজিত দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিএনপির সাবেক চেয়ারপার্সন খালেদা জিয়ার ৮২তম জন্মদিন এবং আরাফাত রহমান কোকোর ৫৭তম জন্মদিন উপলক্ষ্যে এ দোয়া মাহফিল আয়োজন করা হয়। রুহুল কবির রিজভী বলেন , আমাদের মনে রাখতে হবে, আমাদের ভুলে গেলে চলবে না - আমাদের শোকে, আমাদের সংকটে, আমাদের বেদনায় যে মানুষটি হিমালয় পর্বতের মতো অখণ্ড ও ভারী প্রেরণার উৎসস্থল ছিলেন , তিনি দেশনেত্রী মরহুমা বেগম খালে দা জিয়া। তিনি বলেন, খালেদা জিয়া এ দেশের গণতন্ত্রের মূর্তিমান প্রতীক , আদর্শের প্রতীক, চেতনার প্রতীক এবং রাজনীতিতে উন্নত নৈতিকতার প্রতীক। তাকে যত বেশি স্মরণ করা হবে এবং তার জীবনাচরণ ও জীবন লক্ষ্য যত বেশি চর্চা করা হবে , ততই নিজেদের মধ্যে শক্তি ও প্রেরণা পাওয়া যাবে। খালেদা জিয়ার ওপর আওয়ামী লীগ সরকারের নিপীড়নের প্রসঙ্গ তুলে রিজভী বলেন, শত নিপীড়ন-নির্যাতন ও অত্যাচারের মধ্যেও তিনি তার আদর্শ ও অঙ্গীকার থেকে বিচ্যুত হননি। তাকে রাজনৈতিক লক্ষ্য থেকে বিন্দুমাত্র সরানো সম্ভব হয়নি। খালেদা জিয়াকে যে কারাগারে রাখা হয়েছিল , সেটির সমালোচনা করে রিজভী বলেন , পরিত্যক্ত ওই কারাগারে তাকে বন্দি রেখে ইচ্ছাকৃত নিপীড়ন করা হয়েছে। সে খানে তাকে উন্নত চিকিৎসাও দেওয়া হয়নি বলে অভিযোগ করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ রিহাব)

## চীনের বাজারে রাজশাহীর রেশমের নতুন সম্ভাবনা

এক সময় রাজশাহীর রেশ ম ছিল আভিজাত্য , সৌন্দর্য ও বাঙালির ঐতিহ্যের অন্যতম প্রতীক। নানা সংকটে তা অনেকটা ম্লান হলেও গবেষণা , প্রযুক্তি ও আন্তর্জাতিক সহযোগিতার নতুন উদ্যোগে আবারও ঘুরে দাঁড়ানোর স্বপ্ন দেখছে রাজশাহীর রেশম শিল্প। এ সম্ভাবনাকে সামনে রেখে রাজশাহীতে চীন ও বাংলাদেশের মধ্যে রেশম চাষ , গবেষণা ও উন্নয়ন বিষয়ক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৮ আগস্ট) বেলা সাড়ে ১১টায় বাংলা দেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের সম্মেলন কক্ষে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে প্রধান অতিথি ছিলেন বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মো . শরিফুল আলম এমপি। এর আগে , তিনি বাংলাদেশ রেশম কারখানা এবং রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট পরিদর্শন করেন। সম্মেলনে চীনের বাজারে রেশম রপ্তানির ব্যাপক সম্ভাবনার কথা তুলে ধরে প্রতিমন্ত্রী বলেন, "রাজশাহীর ঐতিহ্যবাহী রেশম শিল্পকে আধুনিকায়ন এবং এর হারানো গৌরব ফিরিয়ে আনতে সরকার মাঠপর্যায়ে নানা উদ্যোগ নিয়েছে। আধুনিক প্রযুক্তি , গবেষণা ও প্রশিক্ষণের মাধ্যমে এ খাতকে পুনরুজ্জীবিত করার পাশাপাশি রেশম চাষের পদ্ধতি উন্নয়ন , তুঁত চাষের প্রসার এবং রেশম সুতার গুণগত মান বাড়ানোর ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে।„ তিনি আরও বলেন, "রাজশাহীর রেশম কেবল একটি শিল্প নয়, এটি দেশের ঐতিহ্য ও গর্বের অংশ।

সরকার আধুনিক প্রযুক্তি , গবেষণা ও প্রশিক্ষণের মাধ্যমে এই খাতকে পুনরুজ্জীবিত করার লক্ষ্যে কাজ করছে। „ প্রতিমন্ত্রী আরও বলেন, ”নির্বাচনি ইশতেহার অনুযায়ী রাষ্ট্রায়ত্ত বন্ধ শিল্পকারখানা চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। বন্ধ কারখানাগুলো পুনরায় চালুর পাশাপাশি বাজারের পরিধি বাড়ানো এবং দেশি -বিদেশি বিনিয়োগ আকর্ষণের পরিকল্পনা রয়েছে। রাজশাহীর রেশম শিল্পের উন্নয়নে মার্কেটিং পলিসি উন্নয়নের কাজও চলছে।„

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৮.২০২৬ রুবাইয়া)

## গুম ও মানবাধিকার কমিশন আইন নিয়ে সরকারের সমালোচনায় এনসিপি

গুম প্রতিরোধ ও মানবাধিকার কমিশন -সংক্রান্ত অধ্যাদেশ সংসদের প্রথম অধিবেশনেই পাস না করায় সরকারের সমালোচনা করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্যসচিব আখতার হোসেন এমপি। তিনি বলেছেন, আগের অধ্যাদেশগুলো বাতিল করে নতুন করে আইন প্রণয়নের উদ্যোগ নেওয়ায় গুম ও মা নবাধিকার লঙ্ঘনের বিচার নিশ্চিত করার ক্ষেত্রে দেশ পিছিয়ে পড়ার আশঙ্কা তৈরি হয়েছে। মঙ্গলবার (১৮ আগস্ট) বিকেলে ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) শফিকুল কবির মিলনায়তনে `জাতীয় মানবাধিকার ও গুম প্রতিরোধ খসড়া আইন , ২০২৬: আইনি পর্যালোচনা ও করণীয় নির্ধারণ, শীর্ষক গোলটেবিল বৈঠকে তিনি এ কথা বলেন। তিনি বলেন, সরকার দায়িত্ব নেওয়ার পর ছয় মাস পার হয়েছে। এই সময়ে আগের সরকারের আমলে সম্পন্ন হওয়া কিছু কাজ বাতিল করায় একই বিষয় নিয়ে নতুন করে আলোচনা করতে হচ্ছে। বিশেষ করে মানবাধিকার কমিশন ও গুম প্রতিরোধ -সংক্রান্ত অধ্যাদেশগুলো সংসদের প্রথম অধিবেশনে পাস করা হলে এ ধরনের আলোচনার প্রয়োজন হতো না। এনসিপির সদস্যসচিব বলেন , বাংলাদেশের মানুষের মধ্যে গুম নিয়ে ভয়াবহ ধরনের ট্রমা রয়েছে। অসংখ্য মানুষ গুম হয়েছেন এবং অনেকে ফিরে এসে কীভাবে তাদের বন্দি করে রাখা হয়েছিল , সে বিষয়ে সাক্ষ্য দিয়েছেন। আবার অনেকেই গুম হওয়ার পর আর ফিরে আসেননি। কিন্তু গুমের ঘটনায় ভুক্তভোগী ও তাদের পরিবার এখনো যথাযথ বিচার পাননি। তিনি বলেন, অতীতে আওয়ামী লীগ সরকারের সময় আন্দোলন -সংগ্রামের সঙ্গে যারা যুক্ত ছিলেন , তারা বাংলাদেশে গুম বন্ধের দাবি জানিয়েছিলেন। গুমের মতো মানবতাবিরোধী অপরা ধ কোনোভাবেই দেশে চলতে দেওয়া যায় না। কিন্তু বর্তমান সরকার আরও ভালো আইন করার কথা বলে আগের অধ্যাদেশগু লো বাতিল করেছে। আখতার হোসেনের অভিযোগ, মানবাধিকার কমিশনের খসড়া আইনে কমিশনের তদন্তের ক্ষমতা কমিয়ে দেওয়া হয়েছে। কোনো মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটলে কমিশনকে সংশ্লি ষ্ট বাহিনীর তদন্ত প্রতিবেদনের জন্য অপেক্ষা করতে হবে। একইভাবে কমিশনের চেয়ারম্যান বা চেয়ারপারসন নিয়োগের ক্ষেত্রেও এমন ব্যবস্থা রাখা হয়েছে , যেন সরকারের পছন্দ অনুযায়ী নিয়োগ দেওয়ার সুযোগ তৈরি হয়। গুম প্রতিরোধ -সংক্রান্ত আইনের খসড়া নিয়েও আপত্তি জানান তিনি। বলেন , যে-সব বাহিনীর বিরুদ্ধে গুমের অভিযোগ উঠতে পারে, তাদেরই তদন্তের দায়িত্ব দেওয়া হলে নিরপেক্ষ তদন্ত নিশ্চি ত করা কঠিন হবে। এতে গুমের ঘটনা তদন্তের নামে আড়াল হয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। তিনি আরও বলেন, কোনো গুমের ঘটনায় ভুক্তভোগীর পরিবার অভিযোগ করতে গেলে মিথ্যা অভিযোগের দায়ে শাস্তির বিধান তাদের ভয় দেখানোর কাজে ব্যবহৃত হতে পারে। ফলে গুমের শিকার পরিবারগুলো অভিযোগ করতে নিরুৎসাহিত হবে এবং প্রকৃত ঘটনা সামনে আসার পথও বাধাগ্রস্ত হতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৮.২০২৬ রুবাইয়া)

## মানুষ আসলে যথেষ্ট কষ্ট পাচ্ছে: প্রধানমন্ত্রীর উপদেষ্টা

প্রধানমন্ত্রীর উপদেষ্টা ড. জাহেদ উর রহমান বলেছেন , দেশে চলমান গ্যাস সংকট দীর্ঘদিনের পুঞ্জীভূ ত সমস্যা। এ সংকট পুরোপুরি নিরসনে কমপক্ষে আরও দুই বছর সময় লাগবে। তবে সাময়িকভাবে জনগণের দুর্ভোগ কমাতে সরকার স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা নিয়ে কাজ করছে। মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুরে ময়মনসিংহ জেলা পরিষদের শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনে নজরুল বর্ষ উদ্ যাপন উপলক্ষ্যে বিভাগীয় পর্যায়ের সাংস্কৃতিক প্রতিযোগিতা বাস্তবায়ন নিয়ে আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। গ্যাস সংকট নিয়ে বিরোধী দলের আন্দোলনের বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে ড. জাহেদ উর রহমান বলেন, ”মানুষ আসলে যথেষ্ট কষ্ট পা চ্ছে। প্রধানমন্ত্রী নিজে দুঃখ প্রকাশ করেছেন। মানুষের কষ্টটা সত্য। কিন্তু এটার জন্য আমাদের দোষ দেওয়াটা সঠিক নয়।„ তিনি বলেন, ”জ্বালানির বর্তমান সংকট দীর্ঘদিনের পুঞ্জীভূত সমস্যা এবং এর সঙ্গে একটি দুর্ঘটনাও যুক্ত হয়েছে। সংকটের তাৎক্ষণিক কারণ সমাধান হলেও দেশে গ্যাসের চাহিদা ও সরবরাহের মধ্যে বড়ো ঘাটতি থেকে যাবে।„ প্রধানমন্ত্রীর উপদেষ্টা বলেন, ”এই দুটি কারখানা কাজ করলেও আমাদের সরবরাহ প্রায় ১০০ কোটি ঘনফুট কম থাকে। এটা তো আসলে বছরের পর বছর ধরে হয়েছে। এটার জন্য আমরা খুব দ্রুত স্বল্প , মধ্য ও দীর্ঘমেয়াদি পদক্ষেপ নিয়েছি ।„ তিনি জানান, ভোলার গ্যাস জাতীয় গ্রিডে আনার উদ্যোগ নেওয়া হচ্ছে। পাশাপাশি তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) কেনার চেষ্টা চলছে। মধ্যমেয়াদে এসব উদ্যোগের কাজ শুরু হয়েছে। তবে প্রতিটি উদ্যোগ বাস্তবায়নে সময় প্রয়োজন। স্থলভাগে গ্যাস অনুসন্ধানের কথাও জানান ড. জাহেদ উর রহমান। তিনি বলেন, জরিপের ভিত্তিতে ধারণা করা হচ্ছে , দেশের স্থলভাগে ৪০ থেকে ৫০ ট্রিলিয়ন ঘনফুট গ্যাসের মজুত থাকতে পারে। বর্তমানে দেশে বছরে ১ দশমিক ৩ থেকে ১ দশমিক ৪ ট্রিলিয়ন ঘনফুট গ্যাসের প্রয়োজন হয়। মতবিনিময়

সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন মো . আবু ওয়াহাব আকন্দ ও জেলা পরিষদের প্রশাসক সৈয়দ এমরান সালেহ প্রিন্স। সভাপতিত্ব করেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার এসএম হুমায়ূন কবির।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৮.২০২৬ রুবাইয়া)

## ব্যাটারিচালিত অটোরিকশা নিয়ন্ত্রণে ৩ দাবি নিরাপদ সড়ক আন্দোলনের

রাজধানীতে ব্যাটারিচালিত অটোরিকশার অনিয়ন্ত্রিত চলাচল বন্ধে তিন দফা দাবি জানিয়েছে নিরাপদ সড়ক আন্দোলন (রোড সেফটি মুভমেন্ট)। সংগঠনটির দাবি, বিক্ষিপ্তভাবে বিভিন্ন উদ্যোগ না নিয়ে নিবন্ধন, রুট নির্ধারণ, কারিগরি মান নিয়ন্ত্রণ এবং উৎপাদন-আমদানি বন্ধসহ সমন্বিত ব্যবস্থা নিতে হবে। মঙ্গলবার (১৮ আগস্ট) এক বিজ্ঞপ্তিতে সংগঠনের সভাপতি আবদুল্লাহ মেহেদি দীপ্ত এসব দাবি জানান। সম্প্রতি রাজধানীতে অটোরিকশার ধাক্কায় এক শিক্ষার্থীর মৃত্যুর ঘটনা উল্লেখ করে বিজ্ঞপ্তিতে বলা হয়, এটি কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়। অনিবন্ধিত ও কারিগরিভাবে ত্রুটিপূর্ণ যান, অদক্ষ চালনা এবং মূল সড়কে অবাধ চলাচলের কারণে ব্যাটারিচালিত অটোরিকশা এখন সড়ক নিরাপত্তার জন্য বড় হুমকি হয়ে দাঁড়িয়েছে। সংগঠনটি বলছে, এসব যান বিভিন্ন জায়গা থেকে আনা যন্ত্রাংশ দিয়ে স্থানীয়ভাবে ইচ্ছেমতো নকশা ও কাঠামোয় তৈরি হচ্ছে। ফলে ব্রেক, স্টিয়ারিং ও লাইটের মতো গুরুত্বপূর্ণ নিরাপত্তা উপাদানে ত্রুটি থাকছে। পাশাপাশি লেন না মেনে চলা, উল্টো পথে যাওয়া, যেখানে-সেখানে ইউটার্ন এবং যত্রতত্র যাত্রী ওঠানামার মতো অনিয়মও নিয়মিত দেখা যায়। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৮.২০২৬ রুবাইয়া)

## ডিএনসিসি কর্মকর্তাদের দেওয়া হলো টেলিটক কর্পোরেট সিম

ঢাকা উত্তর সিটি করপোরেশনে কর্মরত নবম গ্রেড ও তদূর্ধ্ব সব কর্মকর্তাদের টেলিটক কর্পোরেট সিম বিতরণ করা হয়েছে। মঙ্গলবার (১৮ আগস্ট) বিকেলে ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) ষষ্ঠ তলার হল রুমে কর্মকর্তাদের মাঝে এই সিম বিতরণ করেন প্রশাসক মো . শফিকুল ইসলাম খান। সিম বিতরণকালে প্র শাসক বলেন, ঢাকা উত্তর সিটি করপোরেশনের দেওয়া টেলিটক কর্পোরেট সিম আগামীকাল থেকে সব কর্মকর্তা চালু করবেন এবং এই সিমের মাধ্যমে সব কর্মকর্তা যোগাযোগ রাখবেন। তিনি বলেন, নাগরিক সেবা প্রদানের পথ এই টেলিটক সিমের মাধ্যমে আরও সুগম হবে। অনুষ্ঠানে ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ আসাদুজ্জামান , প্রধান বর্জ্য কর্মকর্তা কমডোর মোহাম্মদ হুমায়ুন কবীর, প্রধান প্রকৌশলী ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ রাকিবুল হাসান ও প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ব্রিগেডিয়ার জেনারেল ইমরুল কায়েস চৌধুরীসহ ডিএনসিসির কর্মকর্তা রা উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৮.২০২৬ রুবাইয়া)

## রোহিঙ্গা প্রত্যাবাসনে গতি আনতে মিয়ানমার রাষ্ট্রদূতকে বাংলাদেশের বার্তা

বাংলাদেশে নিযুক্ত মিয়ানমা রের রাষ্ট্রদূত উ কিয়াও সোয়ের সঙ্গে বৈঠক করেছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মিয়ানমার অনুবিভাগের মহাপরিচালক (ডিজি) মো. তৌফিক-উর-রহমান। এ সময় রোহিঙ্গা প্রত্যাবাসন প্রক্রিয়া গতিশীল করতে বাংলাদেশের পক্ষ থেকে আহ্বান জানানো হয় রাষ্ট্রদূতকে। মঙ্গলবার (১৮ আগস্ট) পররাষ্ট্র মন্ত্রণালয়ে ডিজি তৌফিক - উর-রহমানের কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন এক কর্মকর্তা বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন। এ সময় বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে মিয়ানমারের রাষ্ট্রদূতকে জানানো হয়, ১৫ আগস্ট দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রকাশিত একটি বিবৃতিতে ভুল পরিসংখ্যানের ভিত্তিতে তথ্য উপস্থাপন করা হয়েছে। এতে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের সংখ্যা নিয়েও ভুল তথ্য ছিল বলে জানানো হয়েছে বাংলাদেশের পক্ষ থেকে। ডিজি মো. তৌফিক-উর-রহমান মিয়ানমারের রাষ্ট্রদূতকে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের ভেরিফি কেশন প্রক্রিয়া আরও গতিশীল করতে অনুরোধ করেন। এ প্রক্রিয়ায় রোহিঙ্গা ক্যাম্পে জন্ম নেওয়া শিশু এবং পরে ২০১৭ আগত নতুন রোহিঙ্গা সদস্যের বিষয়টিও বিবেচনা করতে অনুরোধ জানান তিনি। বাংলাদেশে রোহিঙ্গাদের নিবন্ধন প্রক্রিয়া চলমান এবং ৮ লাখ ২৮ হাজার ৮২৪ জন রোহিঙ্গার তথ্য দ্রুত মিয়ানমার কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হবে। বৈঠকে এ বিষয়েও বলা হয় , রোহিঙ্গারা `বাঙালি, নয়। কারণ তাদের নিজস্ব জাতিগত পরিচয় রয়েছে , যা সম্প্রতি মিয়ানমার সরকার কর্তৃক স্বীকৃত ছিল। মিয়ানমারের রাষ্ট্রদূত দ্রুত বাংলাদেশের উদ্বেগ ও পর্যবেক্ষণগুলো যথাযথ কর্তৃপক্ষের কাছে জানানো হবে বলে আশ্বাস দেন এবং রোহিঙ্গাদের প্রত্যাবাসন শুরু করার জন্য যাচাই প্রক্রি য়া দ্রুত সম্পন্ন করতে মিয়ানমার সরকারের অঙ্গীকার ব্যক্ত করেন। তিনি এ কথা পুনর্ব্যক্ত করেন যে , রোহিঙ্গা সংকটের একমাত্র সমাধান হলো রাখাইনে তাদের নিরাপদ , মর্যাদাপূর্ণ এবং স্বতঃস্ফূর্ত প্রত্যাবাসন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৮.২০২৬ রুবাইয়া)

## মানবাধিকার কমিশন কার্যকর করতে নিয়োগ প্রক্রিয়ায় দলীয়করণ বন্ধের দাবি

জাতীয় মানবাধিকার কমিশন ও গুম প্রতিরোধসংক্রান্ত খসড়া আইন নিয়ে সরকারের সমালোচনা করেছেন বিভিন্ন রাজনৈতিক দল, মানবাধিকারকর্মী ও আইনজীবীরা। তারা বলেছেন , মানবাধিকার কমিশন ও গুম প্রতিরোধসংক্রান্ত প্রতিষ্ঠানগুলোকে কার্যকর করতে হলে নিয়োগ প্রক্রিয়ায় দলীয়করণ বন্ধ এবং প্রতিষ্ঠানগুলোর স্বাধীনতা নিশ্চিত করতে হবে। একই সঙ্গে গুমের অভিযোগের তদন্ত আইনশৃঙ্খলা বাহিনীর পরিবর্তে স্বাধী ন ও নিরপেক্ষ প্রতিষ্ঠানের হাতে

দেওয়ার দাবি জানান তারা। মঙ্গলবার (১৮ আগস্ট) বিকেলে ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) শফিকুল কবির মিলনায়তনে জাতীয় মানবাধিকার ও গুম প্রতিরোধ খসড়া আইন, ২০২৬: আইনি পর্যালোচনা ও করণীয় নির্ধারণ শীর্ষক গোলটেবিল বৈঠকে এ কথা বলেন ব ক্তারা। আলোচনায় মূল প্রবন্ধ উপস্থাপনা করেন জাতীয় মানবাধিকার কমিশন ও গুম সংক্রান্ত কমিশন অব ইনকোয়ারির সাবেক সদস্য ড. নাবিলা ইদ্রিস।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৮.২০২৬ রুবাইয়া)

**ঢাকার ৬ থানায় পুলিশের অভিযানে গ্রেফতার ৫৮**

ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) তেজগাঁও বিভাগের ৬ থানা এলাকায় অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত ৫৮ জনকে গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার (১৮ আগস্ট) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। তেজগাঁও বিভাগের বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, গত ২৪ ঘণ্টায় তেজগাঁও বিভাগের বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় নিয়মিত অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতার ব্যক্তিদের মধ্যে রয়েছেন- তেজগাঁও থানায় ৫ জন, শেরেবাংলা নগর থানায় ৬ জন, মোহাম্মদপুর থানায় ৩০ জন, আদাবর থানায় ৩ জন, তেজগাঁও শিল্পাঞ্চল থানায় ৭ জন ও হাতি রঝিল থানায় ৭ জন। তাদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান পুলিশের এ কর্মকর্তা। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৮.০৮.২০২৬ রুবাইয়া)

## রেডিও টুডে

**অপ্রয়োজনীয় খাতে ব্যয় কমানোর চেষ্টা করছে সরকার: প্রধানমন্ত্রী**

রাজস্ব নিয়ে জনগণের বিভ্রান্তি দূর করাই চ্যালেঞ্জ বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার (১৮ আগস্ট) সকালে রাজধানীর বাংলাদেশ -চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত `রাজস্ব সম্মেলন -২০২৬,-এ প্রধান অতিথি হিসেবে যোগ দিয়ে সেখানে এক প্রশ্নের উত্তরে প্রধানমন্ত্রী এ মন্তব্য করেন। অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) যৌথভাবে এ সম্মেলনের আয়োজন করেছে। সম্মেলনে জাতীয় রাজস্ব বোর্ডের ঊর্ধ্বতন কর্মকর্তা ও সংশ্লিষ্ট কর্মকর্তারা অংশ নিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, ”অপ্রয়োজনীয় খাতে ব্যয় কমানোর চেষ্টা করছে সরকার। তবে প্রয়োজনীয় খাতে অবশ্যই ব্যয় করা হবে।„ তিনি বলেন, ”যার যা কাজ, সেটি ঠিকভাবে করলেই দেশে ইতিবাচক পরিবর্তন আসবে। „ রাজস্ব আহরণ বাড়ানো, কর ব্যবস্থাপনা আরো কার্যকর করা এবং দেশের অর্থনীতির জন্য প্রয়োজনীয় রাজস্ব সংস্থানসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে সম্মেলনে আলোচনা হওয়ার কথা রয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৮.২০২৬ এলিনা)

**ফ্যাসিবাদমুক্ত বাংলাদেশে এবার ঘুরে দাঁড়ানোর পালা: প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, ফ্যাসিবাদমুক্ত বাংলাদেশে এবার আমাদের ঘুরে দাঁড়ানোর পালা, বাংলাদেশের ঘুরে দাঁড়ানোর পালা। ভঙ্গুর অর্থনীতির মধ্যে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব গ্র হণের কথা উল্লেখ করে তিনি বলেন, এক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড বা এনবিআরের সকল কার্যক্রমের সাফল্যের উপরেই সরকারের উন্নয়ন পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়নের সফলতা বহুলাংশে নির্ভরশীল। মঙ্গলবার সকালে রাজধানীর বাংলাদেশ -চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত রাজস্ব সম্মেলন ২০২৬ এ প্রধান অতিথির বক্তব্যে তারেক রহমান এ কথা বলেন। সরকারের অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এই সম্মেলনের আয়োজন করে। এ সময় প্রধানমন্ত্রী বলেন, দেশের জনগণ বর্তমানে এনবিআরকে একটি নির্ভরযোগ্য এবং বিশ্বস্ত প্রতিষ্ঠা ন হিসেবে প্রত্যাশা করে। বিশেষ করে করদাতাগণ এনবিআরকে তাদের আস্থাভাজন প্রতিষ্ঠান হিসেবে দেখতে চায়। দক্ষ এবং টেকসই রাজস্ব ব্যবস্থাপনার মাধ্যমে জনআস্থা অর্জন সম্ভব জানিয়ে রাজস্ব কর্মকর্তাদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন, যেটি আপনাদের বক্তব্য থেকে উঠে এসেছে। করদাতাদের সেই প্রত্যাশা পূরণের দায়িত্ব আপনাদের অবশ্যই নিতে হবে। বর্তমান সরকার এনবিআর তথা রাজস্ব কাঠামোকে জনবান্ধব হিসেবে গড়ে তুলতে চায়। তারেক রহমান বলেন, দীর্ঘ দেড় দশকের ফ্যাসিবাদী শাসন -শোষণের অভিশাপ থেকে রাষ্ট্রের অন্য সব প্রতিষ্ঠানের মতো জাতীয় রাজস্ব বোর্ড ও মুক্ত থাকতে পারেনি। নীতি নিয়ম উপেক্ষা করে ব্যক্তি কিংবা দলীয় স্বার্থে কাউকে পৃষ্ঠপোষকতা, কারও প্রতি বিরূপ মনোভাব ও রাজস্ব আহরণে স্বেচ্ছাচারিতা করে এনবিআরকে প্রশ্নবিদ্ধ করা হয়েছিল। এনবিআরের ওপর মানুষের আস্থা বিনষ্টের অন্যতম কারণ ছিল এই বিষয়গুলো। কিন্তু ফ্যাসিবাদমুক্ত দেশে এখন আমাদের ঘুরে দাঁড়ানোর পালা। প্রধানমন্ত্রী বলেন, বিশ্ব অর্থনীতির দ্রুত পরিবর্তন হচ্ছে। একের পর এক অত্যাধুনিক প্রযুক্তির বিকাশ ঘটছে। আন্তর্জাতিক বাণিজ্যের ধরণ পরিবর্তিত হচ্ছে। ব্যবসায় নতুন নতুন মডেল তৈরি হচ্ছে। নানা রকম চ্যালেঞ্জও তৈরি হচ্ছে। আন্তর্জাতিক কর বা রাজস্ব ব্যবস্থাপনায় এসেছে পরিবর্তন। পরিবর্তিত বিশ্বের অর্থনৈতিক সমস্যা, সম্ভাবনা, সুবিধা এবং চ্যালেঞ্জ মোকাবিলায় রাজস্ব কর্মকর্তাদের বহুমাত্রিক দক্ষতা অর্জন এখন সময়ের দাবি। তিনি বলেন, ডিজিটাল ইকোনমি, ই-কমার্স, ট্রান্সফার প্রাইসিং, ইন্টারন্যাশনাল ট্যাক্সেশন, ট্রেড ফাইনান্সিয়াল ক্রাইম, মানি লন্ডারিং,

আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স এই সবগুলো বিষয় সম্পর্কে সুস্পষ্ট জ্ঞান থাকাটা এখন অত্যন্ত প্রয়োজন। প্রধানমন্ত্রী বলেন, বর্তমানে দেশে ট্যাক্স জিডিপি রেশিও এখনো সক্ষমতার তুলনায় অনেক কম। অর্থনীতি র একটি বড়ো অংশ এখনো আনুষ্ঠানিক। নিয়মিত করদাতার ওপর নির্ভরতা কমাতে হবে। করদাতা ও রাজস্ব প্রশাসনের ম ধ্যে আস্থার সম্পর্ক আরো শক্তিশালী করা প্রয়োজন। তিনি বলেন, সারা বিশ্বে একটি প্রযোজ্য বিষয় হলো আধুনিক কর প্রশাসনের উদ্দেশ্য শুধুমাত্র বেশি কর আদায় নয়। বরং বেশি -সংখ্যক মানুষকে স্বেচ্ছায় কর প্রদানে উৎসাহিত করা। একজন করদাতা যিনি নিম্ন কর আদায় করছেন রাষ্ট্র যেমন তাকে সম্মানিত করবে, একইভাবে যিনি ইচ্ছাকৃতভাবে কর পরিহার করছেন, তাকেও কর প্রদানের জন্য যথাযথভাবে আগ্রহী করে তোলা প্রয়োজন। কর ব্যবস্থাপনা কিংবা কর আদায় পদ্ধতি সহজ এবং দুর্নীতি ও হয়রানিমুক্ত হওয়া প্রয়োজন মন্তব্য করে প্রধানমন্ত্রী বলেন, যাতে মানুষ স্বেচ্ছা প্র ণোদিত হয়ে কর দেয়, কর দিতে স্বাচ্ছন্দ্যবোধ করেন। একই করদাতাদের ওপর বারবার করের বোঝা বাড়িয়ে রাজস্ব বৃদ্ধির নীতি খুব টেকসই পদ্ধতি নয়। বরং কর প্রদানে সক্ষম ব্যক্তি দের শনাক্ত করে তাদের যথাযথ নিয়মে করের আওতায় আনার ব্যবস্থা করা বা কার্যক্রম উদ্যোগ গ্রহণ করা অত্যন্ত প্রয়োজন। এজন্য ডিজিটালি আধুনিক ডাটাভিত্তিক কর প্রশাসন গড়ে তোলার কোনো বিকল্প নেই। তারেক রহমান বলেন, ভ্যাট আধুনিক অর্থনীতির গুরুত্বপূর্ণ রাজস্ব উৎস। তবে ভ্যাট ব্যবস্থাপনার সফলতা নির্ভর করে এর কার্যকর বাস্তবায়নের ওপর। ভ্যাট প্রশাসনের জটিলতার কারণে যাতে ব্যবসা-বাণিজ্য বাধাগ্রস্ত না হয়, সেটিও নিশ্চিত করা প্রয়োজন। তিনি বলেন, কাস্টমস, ভ্যাট কিংবা ট্যাক্স আদায় শুধু জোর করার বিষয় নয় বরং রাজস্ব ব্যবস্থাপনার ওপর করদাতা দের আস্থা ও বিশ্বাসের সম্পর্ক তৈরি হলে রাজস্ব আহরণ অনেক সহজ হয়। তাই দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডকে এমনভাবে গড়ে তোলা প্রয়োজন, যেখানে মানুষ এই প্রতিষ্ঠানকে ভয় না করে বরং বিশ্বাস করে। উপস্থিত রাজস্ব কর্মকর্তাদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন, আশা করি, দেশের স্বার্থে আপনারা এনবিআরকে জনগণের কাছে আরো বিশ্বস্ত ও আস্থাভাজন প্রতিষ্ঠানে পরিণত করতে সক্ষম হবেন। ব্যক্তি স্বার্থের চেয়ে প্রতিষ্ঠান তথা সবার আগে দেশের স্বার্থ রক্ষা করা প্রয়োজন। তিনি বলেন, সরকার চায়, সবাইকে সাথে নিয়ে নতুন বাংলাদেশ গড়ে তুলতে। প্রত্যেকটি মানুষের অবদানকে সম্মানের সঙ্গে দেখতে চায় সরকার। সমস্যা আছে, থাকবে। আমরা আলোচনা করে ধীরে ধীরে সমস্যার সমাধান বের করার চেষ্টা করবো। তারেক রহমান বলেন, সরকারের দায়িত্বে থাকা কর্মকর্তাবৃন্দ, আপনারা নিরাপদে স্বস্তি নিয়ে দেশ গঠনে কাজ করুন। সরকারের অবস্থা ন থেকে আমরা অবশ্যই চেষ্টা করবো দেশের স্বার্থে যে বিষয়গুলো গুরুত্বপূর্ণ, সেগুলোকে প্রাধান্য দিতে। তিনি বলেন, গত ফেব্রুয়ারি মাসের মাঝামাঝি থেকে জুনের শেষ পর্যন্ত সময়টিতে রাজস্ব আহরণের পরিমাণ ছিল ইতিবাচক। এটি প্রমাণ করে, আপনারা (রাজস্ব কর্কর্তারা) পারবেন। অ বশ্যই পারবেন ইনশাল্লাহ। আমাদের সকলের প্রয়োজন দেশপ্রেম ও আন্তরিকতা। আসুন, সমৃদ্ধ বাংলাদেশের স্বার্থে আমরা সবাই মিলে একটি শক্তিশালী রাজস্ব ব্যবস্থা গড়ে তুলি।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৮.২০২৬ এলিনা)

## আগস্টের প্রথম ১৬ দিনে রেমিট্যান্স বেড়েছে ৪১.৪ শতাংশ

চলতি আগ স্ট মাসের প্রথম ১৬ দিনে দেশে ১ দশমিক ৭৮৮ বিলিয়ন মার্কিন ডলারের রেমিট্যান্স এসেছে, যা ২০২৫ সালের একই সময়ে আসা ১ দশমিক ২৬৪ বিলিয়ন মার্কিন ডলারের তুলনায় ৪১ দশমিক ৪ শতাংশ বেশি। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্য অনুযায়ী, চলতি আগস্টের ১৩ থেকে ১৬ আগস্ট পর্যন্ত চারদি নে প্রবাসী বাংলাদেশিরা দেশে ২৮৯ মিলিয়ন মার্কিন ডলার পাঠিয়েছেন। ২০২৬ সালের জুলাই থেকে ১৬ আগস্ট পর্যন্ত দেশে মোট ৪ দশমিক ৬৪৭ বিলিয়ন মার্কিন ডলারের রেমিট্যান্স এসেছে। আগের বছরের একই সময়ে এর পরিমাণ ছিল ৩ দশমিক ৭৪২ বিলিয়ন মার্কিন ডলার। একই সময়ে রেমিট্যান্স প্রবা হ বেড়েছে ৯০৫ মিলিয়ন মার্কিন ডলার বা ২৪ দশমিক ২ শতাংশ। সর্বশেষ তথ্য অনুযায়ী, ২০২৬-২৭ অর্থবছরের শুরু তেই রেমিট্যান্স প্রবাহে শক্তিশালী ঊর্ধ্বমুখী ধারা দেখা যাচ্ছে, যা দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ এবং বৈদেশিক খাতকে শক্তিশালী করতে সহায়তা করছে। এছাড়া, রেমিট্যান্স প্রবাহের ধারাবাহিক বৃদ্ধি প্রবাসী আয় গ্রহণকারী পরিবারের আয় এবং অভ্যন্তরীণ অর্থনৈতিক কর্মকাণ্ডে ইতিবাচক ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে। বিশেষ করে এসব পরিবারের ক্রয়ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে অর্থনীতিতে এর প্রভাব পড়বে। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, চলতি অর্থ বছরের শুরু থেকেই রেমিট্যান্স প্রবাহে শক্তিশালী গতি বজায় রয়েছে। প্রবাসী বাংলাদেশিদের বৈধ চ্যানেলে অর্থ পাঠানোর পরিমাণ বৃদ্ধির প্রতিফলন ঘটেছে এ প্রবণতায়।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৮.২০২৬ এলিনা)

## ইশতেহার বাস্তবায়নে কাজ করার ঘোষণা বিএনপির নতুন চার স্থায়ী কমিটির সদস্যের

বিএনপির নির্বাচনি ইশতেহার বাস্তবায়ন এবং সরকারকে আরও শক্তিশালী করতে কার্যকর ভূমিকা রাখার প্রত্যয় জানিয়েছেন দলের নতুন যুক্ত হওয়া চার স্থায়ী কমিটির সদস্য। মঙ্গলবার (১৮ আগস্ট) সকালে জিয়া উদ্যানে শহিদ রাষ্ট্রপতি ও দলের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান এবং সা বেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে তারা এসব কথা বলেন। রুহুল কবির রিজভী বলে ন, দলকে আরও গতিশীল করে সরকারের হাত শক্তিশালী করার

পাশাপাশি নির্বাচনি অঙ্গীকার বাস্তবায়নে কাজ করবেন তারা। আরেক স্থায়ী কমিটির সদস্য আমান উল্লাহ আমান বলেন, তারেক রহমান ও জনগণের সম্মিলিত প্রচেষ্টায় ভোটাধিকার ফিরে এসেছে এবং দেশ ফ্যাসিবাদমুক্ত হয়েছে। এই অর্জন ও গণতান্ত্রিক ধারাবাহিকতা ধরে রাখতে কাজ করার প্রত্যয় জানান তিনি। স্থায়ী কমিটির আরেক সদস্য ফরহাদ হালিম ডোনার বলেন , জিয়াউর রহমান তিন বছরে যা কাজ করেছেন , তার ছেলে তারেক রহমান তার থেকে বেশি দ্রুতগতিতে এগিয়ে যাচ্ছেন। তিনি আরও বলেন , বিরোধীদের নানা আক্রমণাত্মক বক্ত ব্য ও কর্মকাণ্ডের মধ্যেও তারেক রহমান যে সংযত ও দায়িত্বশীল ভূমিকা পালন করছেন , তা জনগণের কাছে প্রশংসিত হচ্ছে। স্থায়ী কমিটির সদস্য ইসমাইল জবিউল্লাহ বলেছেন , বিএনপি দীর্ঘ রাজনৈতিক ঐতিহ্যের ধারক। দলের এই গুরুত্বপূর্ণ দায়িত্ব সফলভাবে পালনে সর্বোচ্চ ভূমিকা রাখার প্রত্যয় জানান তিনি। বিএনপির পরিকল্পনা অনুযায়ী , কাউন্সিলের মাধ্যমে পুরো দলকে সাংগঠনিকভাবে ঢেলে সাজানোর উদ্যোগ রয়েছে। তবে তার আগেই দলের নীতিনির্ধারণী পর্যায়ে দ্রু ত পরিবর্তন এনে সাংগঠনিক কার্যক্রমকে আরও সক্রিয় করার পথে এগোচ্ছে বিএনপির হাইকমান্ড।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৮.০৮.২০২৬ এলিনা)

## বাংলাদেশ ব্যাংকের নতুন নির্দেশনা

বাংলাদেশে কর্মরত বিদেশি নাগরিকদের বৈধ ও হালনাগাদ ওয়ার্ক পারমিট থাকলেই ব্যাংক হিসাব খোলার সুযোগ দেওয়া হবে বলে জানিয়েছে বাংলাদেশ ব্যাংক। তবে এ ক্ষেত্রে `এ৩, ভিসা ক্যাটাগরিসহ অন্যান্য কর্মসংস্থানভিত্তিক ভিসায় কর্মরত বিদেশিদের প্রচলিত গ্রাহক পরিচিতি যাচাই বা কেওয়াইসি বিধি যথাযথভাবে পরিপালন করতে হবে। মঙ্গলবার বাংলাদেশ ব্যাংকের ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১ থেকে এ-সংক্রান্ত সার্কুলার লেটার জারি করা হয়েছে। সার্কুলার লেটারে স্বাক্ষর করেছেন বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১-এর পরিচালক গাজী মো. মাহফুজুল ইসলাম। ব্যাংক-কোম্পানি আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে দেশের সব তফসিলি ব্যাংককে নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। সার্কুলারে ব্যাংকগুলোর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তাদের উদ্দেশ্যে বলা হয়েছে, বাংলাদেশে কর্মরত বিদেশি নাগরিকদের ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে তাদের ওয়ার্ক পারমিট হালনাগাদ আছে কি না, তা নিশ্চিত করতে হবে। বৈধ ওয়ার্ক পারমিট থাকলে প্রচলিত কেওয়াইসি বিধি পরিপালন সাপেক্ষে হিসাব খোলার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম নিতে হবে। বাংলাদেশ ব্যাংক জানিয়েছে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় গত ২৯ এপ্রিল ২০২৬ তারিখে জারি করা এক পরিপত্রে বাংলাদেশে `এ৩, ভিসা ক্যাটাগরিতে কর্মরত বিদেশি নাগরিকদের বেতন-ভাতা ব্যাংকের মাধ্যমে গ্রহণের বিষয়টি স্পষ্ট করেছে। এ ধরনের বিদেশি নাগরিকদের বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) কাছ থেকে ওয়ার্ক পারমিট নিতে হয়। নির্ধারিত মেয়াদ শেষ হলে সেটি নবায়নও করতে হয়। ওয়ার্ক পারমিটে অনেক ক্ষেত্রে ব্যাংকের মাধ্যমে বেতন-ভাতা গ্রহণের শর্তও দেওয়া থাকে। ফলে বৈধ ওয়ার্ক পারমিট ছাড়া সংশ্লিষ্ট বিদেশি নাগরিকদের ব্যাংক হিসাব খোলার সুযোগ না দেওয়ার নির্দেশনা দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক।

(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ আসাদ)

## বেগমগঞ্জে গায়ে হলুদে যাওয়ার পথে গুলিবিদ্ধ পাঁচ

নোয়াখালীর বেগমগঞ্জে দুর্বৃত্তদের এলোপাতাড়ি গুলিতে ইভেন্ট ম্যানেজমেন্টের এক ক্যামেরাম্যানসহ পাঁচজন গুলিবিদ্ধ হয়েছেন। তাদের মধ্যে একজনের অবস্থা গুরুতর হওয়ায় উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়েছে। সোমবার দিনগত রাত সোয়া ১১টার দিকে উপজেলার আলাইয়াপুর ইউনিয়নের মৌশাকপুর গ্রামের গাজীটোলা এলাকায় এ ঘটনা ঘটে। গুলিবিদ্ধরা হলেন- নজরুল ইসলাম শান্ত, মারুফ আহাম্মেদ, জসিম উদ্দিন, সাকিব হোসেন ও বাবলু। আহতদের স্থানীয়রা উদ্ধার করে ২৫০ শয্যা নোয়াখালী জেনারেল হাসপাতালে ভর্তি করেন। গুলিবিদ্ধ নজরুল ইসলাম শান্ত জানান, তিনটি মোটরসাইকেল, দুটি সিএনজি চালিত অটোরিকশায় করে কয়েকজন নারীসহ আমরা একটি বিয়ের গায়ে হলুদের অনুষ্ঠানে ভিডিও করতে যাচ্ছিলাম। ওই সময় পিছন দিক থেকে আমাদের মোটরসাইকেল লক্ষ্য করে এলোপাতাড়ি গুলি ছোড়া হয়। এতে তারা মোটরসাইকেল থেকে সড়কে পড়ে যান। এতে তাদের সঙ্গে থাকা পাঁচজনের মাথায়, হাতে পিঠে গুলিবিদ্ধ হন।হামলাকারীদের মধ্যে স্থানীয় হারুন ও পিচ্চি রিয়াদকে চিনতে পেরেছেন বলে দাবি করেন শান্ত। বলেন, এ সময় পিচ্চি রিয়াদ আমাকে জামায়াত-শিবির করি বলে মন্তব্য করে পায়ে পিস্তল ঠেকিয়ে গুলি করার হুমকি দেয়। স্থানীয় সূত্র জানায়, হারুন ও রায়হানের মধ্যে পূর্ববিরোধের জেরে এ গোলাগুলির ঘটনা ঘটে। মূলত হারুন ও তার লোকজন তাদের প্রতিপক্ষ রায়হানের লোকজন ভেবেই এদের ওপর গুলি চালায় বলে স্থানীয় একাধিক সূত্র নিশ্চিত করেছেন। অভিযোগের বিষয়ে জানতে অভিযুক্ত হারুন ও পিচ্চি রিয়াদের মুঠোফোনে একাধিক কল করা হলেও সংযোগ পাওয়া যায়নি। বেগমগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. শামসুজ্জামান বলেন, মোটরসাইকেল আরোহীদের পেছন থেকে গুলি করা হলে তিনজন ছররা গুলিতে আহত হয়েছে। পুলিশ ঘটনাস্থলে গিয়ে তদন্ত করে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করবে।(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ আসাদ)

## চলতি অর্থবছরেই স্থানীয় সরকারের পাঁচ নির্বাচন : স্থানীয় সরকার প্রতিমন্ত্রী

চলতি অর্থবছরের মধ্যেই স্থানীয় সরকার বিভাগের অধীনে পাঁচ ধরনের নির্বাচন আয়োজন করা হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম। নির্বাচনগুলো হলো- সিটি করপোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ নির্বাচন। মঙ্গলবার সকালে সাভারের ঢাকা-আরিচা মহাসড়কের ভাঙ্গা ব্রিজ এলাকায় সৌন্দর্যবর্ধন কাজ পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, স্থানীয় সরকার নির্বাচন আয়োজনের বিষয়ে সরকার দৃঢ়প্রতিজ্ঞ। চলতি অর্থবছরে এসব নির্বাচন আয়োজনের জন্য স্থানীয় সরকার বিভাগের বাজেটে প্রায় ৬ হাজার কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। নির্বাচন কমিশনকে প্রয়োজনীয় প্রস্তুতি নিতে বলা হয়েছে। কমিশনের প্রস্তুতি শেষ হলে কোন নির্বাচন আগে অনুষ্ঠিত হবে, তা নির্ধারণ করা হবে। দেশের উন্নয়ন প্রসঙ্গে মীর শাহে আলম বলেন, গত ২০ বছরে প্রত্যাশিত উন্নয়ন হয়নি। ভঙ্গুর অর্থনৈতিক পরিস্থিতির মধ্যে বর্তমান সরকার দায়িত্ব নিয়েছে। এর মধ্যেও সরকার উন্নয়ন কার্যক্রম এগিয়ে নেওয়ার পাশাপাশি বিভিন্ন এলাকার সৌন্দর্যবর্ধনে কাজ করছে। তিনি বলেন, ঢাকা-আরিচা মহাসড়কের দীর্ঘদিনের ময়লা-আবর্জনা পরিষ্কার করে সেখানে বিভিন্ন প্রজাতির গাছ লাগানো হয়েছে। দেশের যে-সব এলাকায় ময়লা-আবর্জনা রয়েছে, পর্যায়ক্রমে সেগুলো পরিষ্কার করে বৃক্ষরোপণ ও সৌন্দর্যবর্ধনের উদ্যোগ নেওয়া হবে। প্রতিমন্ত্রী আরও জানান, আমিনবাজার ও আশুলিয়া পৌরসভা বাস্তবায়নের উদ্যোগও নেওয়া হবে। এ সময় ঢাকা জেলা প্রশাসক ফরিদা খানম, সাভার উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল ইসলামসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ আসাদ)

## হাম; প্রাণ গেল আরও ৭ শিশুর

দেশে হামে প্রকোপ যেন কমছেই না। গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে দেশে আরও ৭ জনের মৃত্যু হয়েছে। এদের মধ্যে ৫ জনই ঢাকা বিভাগের। একই সময়ে নতুন করে হামের উপসর্গ দেখা দিয়েছে **১** হাজার **৩১** জনের শরীরে। এ ছাড়া নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন আরও ৮০ জন। সোমবার স্বাস্থ্য অধিদপ্তরের হামের পরিস্থিতিবিষয়ক নিয়মিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদন অনুযায়ী, গত **১৫** মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ নিয়ে ৮**১**৬ শিশুর মৃত্যু হয়েছে। একই সময়ে নিশ্চিত হামে মারা গেছে ৯৯ শিশু। সব মিলিয়ে হামের উপসর্গ ও নিশ্চিত হামে মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ৯**১**৫ জনে। গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে আক্রান্ত ৫০ জনসহ **১৫** মার্চ থেকে এ পর্যন্ত দেশে মোট **১৭** হাজার ৯৩০ জনের শরীরে হাম শনাক্ত হয়েছে। এছাড়া, গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ দেখা দিয়েছে **১** হাজার **৩১** জনের। এ নিয়ে **১৫** মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ দেখা দেওয়া রোগীর সংখ্যা দাঁড়িয়েছে **১** লাখ ৪৩ হাজার ৭৭৮ জনে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ সময়ের মধ্যে হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে **১** লাখ ২৫ হাজার ৩৮৬ জন। এর মধ্যে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছে **১** লাখ ২০ হাজার ৯**১**৩ জন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ আসাদ)

## রাষ্ট্রপতি হলেও জনগণের পাশে থেকে সেবা করতে চাই: মির্জা ফখরুল

রাষ্ট্রপতি হলেও জনগণের পাশে থেকে সেবা করতে চান বলে জানিয়েছেন স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী এবং বিএনপি মনোনীত রাষ্ট্রপতি প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীর মির্জা ফখরুল। তি নি বলেন, ”কখনও ভাবিনি যে রাষ্ট্রপতি হবো। এটা দলের এবং মহান আল্লাহর অশেষ মেহেরবানি। রাষ্ট্রপতি হলে ও আমার ইচ্ছে আছে , আমি জনগণের পাশে থেকে সেবা করবো। „ মঙ্গলবার (১৮ আগস্ট) রাজধানীর হেয়ার রোডে নিজের সরকারি বাসভবনে ঠাকুরগাঁও সাংবাদিক ফোরাম ঢাকার নেতাদের সঙ্গে আ লাপকালে মির্জা ফখরুল ইসলাম আলমগীর এসব কথা বলেন। মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন , যতই ব্যস্ত থাকি না কেন , সবসময় জনগণের জন্য এবং এলাকার উন্নয়নে পাশে থাকবো। সাক্ষাৎকালে ঠাকুরগাঁও সাংবাদিক ফোরাম ঢাকার নেতারা পরবর্তী রাষ্ট্রপতি হিসেবে মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে অভিনন্দন জানান। এসময় মির্জা ফখরুল আবেগাপ্লুত হন এবং রাষ্ট্রপতি হিসেবে তাকে মনোনয়ন দেওয়ায় মহান আল্লা হর প্রতি শুকরিয়া আদায় করেন। এসময় তিনি প্রত্যেকের খোঁজ -খবর নেন এবং বিভিন্ন পরামর্শ দেন। (জাগো ।নিউজ ওয়েব পেজ: ১৮.০৮.২০২৬ রুবাইয়া)

## সমাজের সবাই এগিয়ে এলে অনেক বড়ো সমস্যার সমাধান করা সম্ভব : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, ”সমাজের সবাই একটু একটু করে এগিয়ে এলে অনেক বড়ো সমস্যার সমাধান করা সম্ভব।„ মানবিক ও সামাজিক উদ্যোগে বেসরকারি খাতকে সরকারের পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দিয়ে তিনি বলেন, ”যারা এ জনকল্যাণমূলক কাজে অংশ নিতে চায়, সরকার সর্বদা তাদের পাশে থাকবে।„ আজ মঙ্গলবার দুপুরে বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সিলেট বিভাগের চা-বাগান শ্রমিকদের প্রতিকূল আবহাওয়ায় সুরক্ষার লক্ষ্যে বেসরকারি খাতের সিএসআর তহবিলের সহায়তায় ২০ হাজার রেইনকোট বিতরণ কার্যক্রমের আনুষ্ঠানিক সূচনা করে এসব কথা বলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। অনুষ্ঠানে শ্রীমঙ্গল ও কমলগঞ্জের **১**০ জন চা-শ্রমিকের হাতে রেইনকোট তুলে দিয়ে এ কার্যক্রমের উদ্বোধন করেন তিনি। এ সময় প্রধানমন্ত্রী শ্রমিকদের সার্বিক খোঁজ-খবর নেন। তিনি জানান, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের বিশেষ উদ্যোগে গৃহীত এই কর্মসূচির আওতায় সিলেট, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার চা-বাগানগুলোতে কর্মরত শ্রমিকদের জন্য মোট ২০ হাজার রেইনকোট

প্রদান করা হচ্ছে। যার মধ্যে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ ১০ হাজার, শেভরন বাংলাদেশ ৫ হাজার এবং পাগুঘর গ্রুপ ৫ হাজার রেইনকোট সরবরাহ করছে। অনুষ্ঠানে উপস্থিত বেসরকারি খাতের প্রতিনিধিরা জানান, ব্যবসায়িক কর্মকাণ্ডের পাশাপাশি সমাজের পিছিয়ে পড়া ও শ্রমজীবী মানুষের কল্যাণে দায়িত্বশীল ভূমিকা পালন করা করপোরেট সামাজিক দায়বদ্ধতার অংশ। সরকারের সঙ্গে সমন্বয় করে ভবিষ্যতেও চা-শ্রমিকসহ বিভিন্ন প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান ও নিরাপদ কর্মপরিবেশ উন্নয়নে সম্পৃক্ত থাকার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন তারা। রেইনকোট গ্রহণকালে শ্রীমঙ্গলের মাজদিহি চা-বাগানের শ্রমিক সন্তকী রায় চা-শ্রমিকদের পক্ষ থেকে প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা হিসেবে চা-পাতা উপহার দেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ আসাদ)

## বাংলাদেশের জ্বালানি চাহিদা পূরণের আবেদন খতিয়ে দেখছে ভারত : রনধীর জয়সোয়াল

বাংলাদেশের অতিরিক্ত জ্বালানির চাহিদা পূরণের আবেদন খতিয়ে দেখছে ভারত। মঙ্গলবার নিয়মিত সাপ্তাহিক ব্রিফিংয়ে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল এ কথা জানিয়েছেন। তিনি বলেন, ”বাংলাদেশের সঙ্গে একটি গঠনমূলক ও ইতিবাচক সম্পর্ক চায় ভারত। এছাড়া বাংলাদেশের অতিরিক্ত জ্বালানির চাহিদা পূরণের আবেদনও ভারত খতিয়ে দেখছে।„ তারেক রহমানের সম্ভাব্য সফর সংক্রান্ত এক প্রশ্নের জবাবে মুখপাত্র জানান, এ বিষয়ে নতুন কোনো তথ্য নেই এবং নতুন কোনো আপডেট পেলে তা জানানো হবে। পাশাপাশি তিনি জানান, বাংলাদেশের প্রধানমন্ত্রীকে ভারত সফরের জন্য আন্তরিকভাবে আমন্ত্রণ জানানো হয়েছে। এর আগে, এক ব্রিফিংয়ে বাংলাদেশে জ্বালানি সরবরাহের বিষয়ে ভারতের মনোভাব তুলে ধরা হয়। বাংলাদেশে বিদ্যমান জ্বালানিসংকট এবং নতুন করে জ্বালানি সহায়তার অনুরোধ-সংক্রান্ত এক প্রশ্নের জবাবে ভারতীয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের এই মুখপাত্র জানান, বাংলাদেশে জ্বালানি সরবরাহের বিষয়টিকেও ভারত ইতিবাচকভাবে বিবেচনা করছে। রনধীর জয়সওয়াল বলেন, ”আপনারা জানেন, ডিজেল সরবরাহের জন্য বাংলাদেশের সঙ্গে আমাদের একটি চলমান চুক্তি রয়েছে, যা এখনো অব্যাহত আছে। আর আপনারা যে অতিরিক্ত সরবরাহের অনুরোধের কথা বললেন, সেটি ভারতের অভ্যন্তরীণ চাহিদা, নিজেদের শোধন ক্ষমতা এবং দেশে ডিজেলের সার্বিক প্রাপ্যতার বিষয়টি বিবেচনায় রেখে পর্যালোচনা করা হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ আসাদ)

## তারেক রহমানের সফরের জন্য এখনও অধীর আগ্রহে অপেক্ষায় ভারত : দীনেশ ত্রিবেদী

প্রধানমন্ত্রী তারেক রহমানের দিল্লি সফরের জন্য ভারত এখনও অধীর আগ্রহে অপেক্ষা করছে বলে জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। মঙ্গলবার রাজধানীতে ভারতীয় ব্যবসায়ী প্রতিনিধি দলের অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। তিনি বলেন, তারেক রহমান ভারত সফর করলে দুই দেশের যে-কোনো সমস্যা সমাধানে কাজ করা সম্ভব- এমন বিশ্বাস রয়েছে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির। ভারতীয় হাইকমিশনার বলেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী জনগণের প্রধানমন্ত্রী। তাই ভারত সরকার তাকে আমন্ত্রণ জানিয়েছে। তারেক রহমানের দিল্লি সফর নিয়ে ভারত এখনো আশাবাদী বলেও জানান তিনি। দুই দেশের সম্পর্কের বিষয়ে তিনি বলেন, বাংলাদেশের বর্তমান প্রশাসন `বাংলাদেশ ফার্স্ট, স্লোগান নিয়ে কাজ করছে, ভারতও একই নীতিতে বিশ্বাসী। অতীতকে ভুলে যাওয়ার প্রয়োজন নেই, তবে নতুন ভবিষ্যৎ নিয়ে চিন্তা করার সুযোগ রয়েছে। তিনি আরও বলেন, বাংলাদেশ-ভারত সম্পর্ক আরও এগিয়ে নিতে পারস্পরিক ও নিঃস্বার্থ বিশ্বাস প্রয়োজন। দুই দেশের মধ্যে যে-কোনো সমস্যা আলোচনার মাধ্যমে সমাধানের সুযোগ রয়েছে। এসময় পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম বলেন, প্রধানমন্ত্রীর সফরের ক্ষেত্রে যে ইস্যু গুলো রয়েছে, তার সমাধানে কার্যকর পদক্ষেপ দেখতে চায় বাংলাদেশ। পাশাপাশি বাংলাদেশ এমন এক অর্থনৈতিক অংশীদারিত্ব চায়, যেখানে দু-দেশেই সমানভাবে উপকৃত হবে বলেও জানান তিনি।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ আসাদ)

## বাংলাদেশ-গাম্বিয়ার সহযোগিতা জোরদারের আহ্বান

বাংলাদেশে নিযুক্ত গাম্বিয়ার অনাবাসিক হাইকমিশনার মোস্তফা জাওয়ারা মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। সাক্ষাৎকালে বাংলাদেশ ও গাম্বিয়ার মধ্যে বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক এবং ক্রমবর্ধমান সহযোগিতা আরও জোরদারের বিষয়ে উভয়পক্ষ গুরুত্বারোপ করে। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম মিয়ানমারের বিরুদ্ধে আন্তর্জাতিক বিচার আদালতে গণহত্যার মামলা দায়ের ও সক্রিয়ভাবে পরিচালনার জন্য গাম্বিয়া সরকারের প্রশংসা করেন। তিনি বলেন, অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশনের ওআইসি পৃষ্ঠপোষকতায় পরিচালিত এ মামলার সফল সমাপ্তি রোহিঙ্গাদের নিজ মাতৃভূমিতে স্বেচ্ছায় প্রত্যাবাসনের বিষয়ে আস্থা বাড়াবে। বৈঠকে উভয় পক্ষ জাতিসংঘ ও এর অঙ্গসংস্থা, ওআইসি, কমনওয়েলথ এবং জোট নিরপেক্ষ আন্দোলনসহ ন্যাম বিভিন্ন বহুপাক্ষিক ফোরামে বাংলাদেশ ও গাম্বিয়ার পারস্পরিক সহযোগিতায় সন্তোষ প্রকাশ করে। দুই দেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের ওপর গুরুত্ব দিয়ে প্রতিমন্ত্রী গাম্বিয়ার হাইকমিশনারকে বাণিজ্য, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি , কৃষি, ঔষধ, পাট ও পাটজাত পণ্য, হালকা প্রকৌশল, জাহাজ নির্মাণ এবং জনগণের মধ্যে যোগাযোগ বৃদ্ধিসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বাড়াতে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার আহ্বান

জানান। তিনি দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে দুই দেশের মধ্যে উচ্চপর্যায়ের ব্যবসায়ী প্রতিনিধিদল বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেন। গাম্বিয়ার হাইকমিশনার বাংলাদেশি আইসিটি বিশেষজ্ঞদের প্রশংসা করে বলেন, তারা গাম্বিয়ায় ডিজিটাল সরকারি সেবা অবকাঠামো বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ আসাদ)

### ৬ মাসে সরকারের সুস্পষ্ট কোনো সাফল্য নেই : গোলাম পরওয়ার

বিএনপি হাঁটছে ফ্যাসিস্ট সরকারের পথে, পরিণতি সেদিকেই যাবে বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেছেন, সরকারের প্রথম ছয় মাসে বিভিন্ন ক্ষেত্রে সময়ক্ষেপণ, নীতিগত দ্বিধা, সিদ্ধান্তহীনতা এবং বাস্তব ফলাফলের ঘাটতি স্পষ্ট হয়েছে। জনগণের প্রত্যাশার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কোনো সুস্পষ্ট সাফল্য দেখা যায়নি। `সরকারের ছয় মাসের মূল্যায়ন, নিয়ে মঙ্গলবার রাজধানীর মগবাজারে আল ফালাহ্ মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। গণভোটের রায় বাস্তবায়ন না করা বিএনপি সরকারের সবচেয়ে বড়ো ব্যর্থতা বলে মন্তব্য করেন জামায়াত সেক্রেটারি। তিনি বলেন, ”গণভোটের রায় বাস্তবায়ন তো করেইনি, বরং গণভোটের প্রশ্নে সম্পূর্ণ নেতিবাচক ভূমিকায় সরকার অবস্থান নিয়েছে।„ জুলাই সনদের ৩০টি গুরুত্বপূর্ণ সংস্কারের প্রসঙ্গ তুলে গোলাম পরওয়ার বলেন, ”প্রধানমন্ত্রীর মেয়াদ সীমিতকরণ, দ্বিকক্ষবিশিষ্ট সংসদ, রাষ্ট্রপতির ক্ষমতার ভারসাম্য, বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার ও সংসদীয় কমিটির নেতৃত্ব, বিচার বিভাগের স্বাধীনতা, মৌলিক অধিকার এবং শক্তিশালী স্থানীয় সরকার প্রতিষ্ঠার মতো বিষয়গুলো থাকলেও গত ছয় মাসে এগুলোর কোনো একটিরও বাস্তবায়ন দেখা যায়নি।„ চলমান জ্বালানিসংকট নিয়ে সরকারের সমালোচনা করেন পরওয়ার। তার ভাষায়, ”প্রায় ২০টি কারখানা বন্ধ হয়ে গেছে এবং ২০ হাজার শ্রমিক ছাঁটাইয়ের শিকার হয়েছেন। মধ্যপ্রাচ্যের সাম্প্রতিক সংঘাত বাংলাদেশের জ্বালানি আমদানি নির্ভরতার দুর্বলতাও সামনে এনেছে।„ সরকারি প্রতিষ্ঠান ও প্রশাসনে দলীয়করণের অভিযোগ তুলে জামায়াতের সেক্রেটারি জেনারেল বলেন, ”মেধা, দক্ষতা ও পেশাদারত্বের ভিত্তিতে রাষ্ট্র পরিচালনার প্রতিশ্রুতি দেওয়া হলেও প্রথম ছয় মাসেই প্রশাসন, বিশ্ববিদ্যালয় এবং গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে দলীয় বিবেচনায় নিয়োগের অভিযোগ জোরালো হয়েছে।„ পদোন্নতি, পদায়ন, ওএসডি ও চুক্তিভিত্তিক নিয়োগে রাজনৈতিক প্রভাব এবং গুরুত্বপূর্ণ পদে দলঘনিষ্ঠ ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়ার অভিযোগও করেন তিনি। আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়েও সরকারের সমালোচনা করেন মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেন, ”সরকার আইন-শৃঙ্খলাকে অগ্রাধিকার দেওয়ার কথা বললেও সরকারি ও স্বাধীন পর্যবেক্ষকদের তথ্য উদ্বেগের যথেষ্ট কারণ তৈরি করছে।„
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৮.২০২৬ আসাদ)

# BBC

### RUSSIA WARNS UK WILL PAY FOR SUPPLYING DRONES TO UKRAINE

Russia has warned the UK of "consequences" following confirmation that British-made drones were used in recent strikes on military and industrial targets in Russia. In a statement, the Russian embassy to the UK accused Britain of "deliberately opting for an escalation of the Ukraine crisis", adding that "the deeper its involvement in the conflict... the higher the price it will pay". Ukraine has stepped up attacks on Moscow and elsewhere deep inside Russia, particularly targeting oil refineries and logistics sites for its key online retailer Wildberries. A spokesperson for the UK Ministry of Defence (MoD) said they stood "shoulder to shoulder" with Ukraine. "Russia should be in no doubt about the resolve of this government to stand against Russian aggression, in Ukraine and against the UK and our allies," the spokesperson said. (BBC News Web Page: 18/08/26, FARUK)

### STUDENT KILLED IN PHILIPPINES CATHOLIC SCHOOL SHOOTING

A student at a Catholic junior high school in the southern Philippines was shot dead by a fellow student, who later took his own life, a local official said on Tuesday. The alleged shooter managed to sneak in a .45-calibre pistol into a classroom at the school in Zambianga City, Mayor Khymer Adan Olaso told local radio. The suspect fired at the teacher who was seated at the table, but missed. Afterwards, the suspect moved to another classroom and shot a student who later died, Olaso said. Alleged livestream footage of the shooting, circulated by local media, showed what appeared to be a first-person perspective, with a gun barrel moving down a hallway, AFP News Agency reported.
(BBC News Web Page: 18/08/26, FARUK)

### INDIAN STUDENT LEADER ENDS HUNGER STRIKE AFTER 16 DAYS

An activist in India's eastern Jharkhand state has ended a 16-day hunger strike after the government agreed to protesters demands to cancel a controversial recruitment exam. However, the protesters say they will not call off demonstrations until India's premier

investigative agency begins probing alleged malpractices in other recruitment exams. Devendra Nath Mahto ended his fast in the presence of state ministers at a hospital in capital Ranchi, where he was admitted last week after his health deteriorated. He was one of the faces of the protests, which began on 25 July after job-seekers and students alleged irregularities in government recruitment exams and demanded reforms. Government jobs are highly sought after in India as they offer stability and security. Millions of people write these exams every year across states and nationally, often attending coaching classes, until they reach the mandated age limit. (BBC News Web Page: 18/08/26, FARUK)

**ZAMBIA'S HICHILEMA RE-ELECTED PRESIDENT AS MAIN RIVAL IN HIDING OVER ALLEGED THREATS**

Zambia's President Hakainde Hichilema has been re-elected for a second five-year term after securing a 60% share of the vote, the electoral commission has announced. Hichilema's win was widely expected, with his closest challenger Brian Mundubile getting 38% of the votes cast. The remaining 12 candidates trailed far behind. The result came after a contested process, with 55-year-old Mundubile earlier claiming victory and alleging, without providing evidence, that there had been voting irregularities. His party, the NRPUP, told the BBC that Mundubile was in a "secure location under the protection of an international human rights body due to threats made against him". "He will communicate directly with the Zambian people and the media as soon as circumstances allow," the party said on Tuesday. Local media reported that Mundubile and his running mate Makebi Zulu had gone into self-imposed exile at a UN agency in the capital, Lusaka, fearing arrests. (BBC News Web Page: 18/08/26, FARUK)

**TRUMP THREATENS TO BOMB US ALLY OMAN IF IT GETS IN THE WAY OVER IRAN DEAL**

President Donald Trump has threatened to bomb Oman - a US ally - if it "gets in the way" of his administration's own talks with Iran, Fox News reports. The US and Oman have been negotiating separately with Tehran to reopen the Strait of Hormuz, a waterway that is vital to the global economy. It has been largely closed for nearly six months during the US-Iran war. A reporter for Fox said the US president made the threat to Oman while using an expletive during a phone interview. Earlier in the day, Iranian officials said they were close to finalizing a deal with Oman. Meanwhile, the future of talks between the US and Iran is unclear as a 60-day Memorandum of Understanding (MoU) between the two sides is expiring. Speaking to reporters in the Oval Office on Monday, Trump was asked by BBC News if he was seeking an extension to the MoU, to which he replied: "No."

(BBC News Web Page: 18/08/26, FARUK)

**UK 'SUPPORTS UKRAINE 100%', BURNHAM SAYS, AFTER RUSSIA'S DRONE WARNING**

Prime Minister Andy Burnham has said the UK will continue "to support Ukraine 100%", after Moscow warned of "consequences" following confirmation that British-made drones were used in recent Ukrainian strikes in Russia. "We are not fair-weather friends, we will be there in Ukraine's hour of need and that won't change," said Burnham. The Russian embassy to the UK earlier accused Britain of "deliberately opting for an escalation of the Ukraine crisis", adding that "the deeper its involvement in the conflict... the higher the price it will pay". Asked about the Russian threat, the prime minister maintained the UK was "providing support so that Ukraine can defend itself and that's been the British position all the way through this conflict, by previous prime ministers - it remains the case with me".

(BBC News Web Page: 18/08/26, FARUK)

**KARIBA FERRY DEATH TOLL RISES TO 93, MAKING IT ZIMBABWE'S DEADLIEST TRANSPORT DISASTER**

The death toll from a ferry disaster on Zimbabwe's Lake Kariba has risen to 93, which makes it the country's deadliest transport disaster, according to the state-run Herald newspaper. The ferry had a capacity to carry 90 passengers, but the paper estimates at least 168 people were actually on board when it was hit by a strong wave and overturned a week ago. President Emmerson Mnangagwa declared a state of disaster following the accident and search and recovery efforts are continuing by divers. The lake, which straddles the border with Zambia, is one of the world's largest man-made reservoirs, supporting transport and fishing and providing vital hydroelectric power to both countries. The death toll rose from 44

at the time of the accident to 84 over the weekend, according to police. Nine more bodies have since been found by divers and a police statement on Tuesday put the death toll at 93. (BBC News Web Page: 18/08/26, FARUK)

**CARNEY'S FINAL CHANCE TO CONVINCE TRUMP AS US-CANADA TRADE DEADLINE LOOMS**

"Intense" trade talks are going down to the wire as Canada seeks to avoid a fresh round of tariffs from the Trump administration due to come into effect on Wednesday. Canadian negotiators have been camper out in Washington for a week, trying to pin down some agreement before new 50% tariffs on some $20bn worth of Canadian imports come into effect. Prime Minister Mark Carney kept details of the talks close to his chest when pressed by reporters on Monday, saying that given the "very delicate and intense" negotiations, it is "not the time to negotiate in public". While he said Canada was negotiating from "a position of strength", the stakes are high for the prime minister and his team to reach a deal before the Trump administration's latest financial squeeze, on about 5% of all Canadian imports, takes hold. Despite a flurry of meetings between Canadian negotiators and US Trade Representative Jamieson Greer in recent days, the two sides have yet to reach a final agreement. (BBC News Web Page: 18/08/26, FARUK)

**QATAR REJECTS IRAN'S 'FALSE' CLAIMS ABOUT MISSING PILOTS**

Qatar's Ministry of Foreign Affairs spokesman has categorically denied Iran's accusation of holding prisoner three military pilots whose planes crashed in the early days of the war, calling the claims "completely baseless, false and illogical". During a news conference on Tuesday, Majed al-Ansari reiterated that Qatar handed over the remains of one of the pilots after they were found last April to an Iranian delegation. The comments come after Iranian officials publicly claimed that the pilots were secretly detained after being captured, demanding that Qatar release them. In a letter to the International Committee of the Red Cross, Iranian General Mohammad Bagherzadeh said three pilots - Javad Salehi, Abdul Majid Dashtian and Omran Behaveshian - survived after their warplanes crashed in March and were captured alive, according to Iran's Fars news agency.
(BBC News Web Page: 18/08/26, FARUK)

**:: THE END ::**